


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 15 June, 2024 ■ আগরতলা ১৫ জুন ২০২৪ ইং ■ ৩২ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

# জি৭ সম্মেলনের ফাঁকে ঋষিসুনকের সঙ্গে বৈঠক করলেন নরেন্দ্র মোদী

**ইটালি, ১৪ জুন (হি. স.)।।** তৃতীয়বার প্রধানমন্ত্রী হওয়ার পর প্রথমবার বিদেশ সফরে পাড়ি দিয়েছেন নরেন্দ্র মোদী। জি৭ সম্মেলন উপলক্ষ্যে ইটালিতে হাজির হয়েছেন তিনি। জি৭ শীর্ষ সম্মেলনে ইটালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে স্বাগত জানালেন।

কুলীন জি৭ গোষ্ঠীতে রয়েছে উন্নত বিশ্বের সাত দেশ আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স, কানাডা, জার্মানি, ইটালি, জাপান। সেই সঙ্গে রয়েছে ইউরোপীয় ইউনিয়নও। ভারত এই গোষ্ঠীর সদস্য না হলেও আয়োজক দেশ ইটালি বিশেষ অতিথি হিসাবে আমন্ত্রণ জানিয়েছিলেন মোদীকে। অতীতেও একাধিকবার ভারত 'আউটরিচ কান্ট্রি' হিসাবে এই



সম্মেলনে যোগ দিয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ইতালির অপুলিয়াতে জি৭ শীর্ষ সম্মেলনের ফাঁকে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ঋষি সুনকের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। প্রধানমন্ত্রী শ্রী সুনক, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে তাঁর ঐতিহাসিক টানা তৃতীয় মেয়াদের জন্য অভিনন্দন জানান। দুই নেতা দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার করতে উভয় দেশের যৌথ অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

নেতৃবৃন্দ রোডম্যাপ ২০৩০ বাস্তবায়ন নিয়ে আলোচনা করেছেন এবং নিয়মিত উচ্চ পর্যায়ের রাজনৈতিক পরামর্শ, প্রতিরক্ষা ও নিরাপত্তা, বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা, সমালোচনামূলক ও উচ্চ প্রযুক্তি খাত এবং জনগণের মধ্যে সমন্বিত

☞ ৬ এর পাতায় দেখুন

## বিশ্ব রক্তদাতা দিবসে

# রক্তদান হল মানবধর্মের শ্রেষ্ঠ দান ঃ মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুন।।** মানুষ মানুষেরই জন্য, তা রক্তদানের মাধ্যমেই প্রমাণিত হয়ে আসছে। চিকিৎসা বিজ্ঞানে রক্তের বিকল্প আবিষ্কার না হওয়ায় একজন মানুষই তার দান করা রক্তের মাধ্যমে আরেকজন মানুষের জীবন বাঁচাতে পারেন। তাই রক্তদান হল সমস্ত দানের উর্ধে। আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে বিশ্ব রক্তদাতা দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা একথা বলেন।

স্বাস্থ্য দপ্তর ও ত্রিপুরা রাজ্য রক্ত সঞ্চালন পর্ষদের উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে নিয়মিত তিনজন ও-নেগেটিভ রক্তদাতাকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা তাদের হাতে পুষ্পস্তবক ও গাছের চারা তুলে দেন।

উল্লেখ্য, প্রতিবছর ১৪ জুন রক্তের গ্রুপ আবিষ্কারের জনক কার্ল ল্যান্ডস্টেইনারের জন্মদিনটিকে স্মরণীয় রাখতে বিশ্বজুড়ে বিশ্ব রক্তদাতা দিবস হিসেবে পালন করা হয়ে থাকে। এবছর ২০তম বিশ্ব রক্তদাতা দিবস সারা দেশের সঙ্গে রাজ্যেও পালন করা হচ্ছে। এই দিবস পালনের মূল উদ্দেশ্য হচ্ছে জনগণের মধ্যে রক্তদান সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী পতাকা নেড়ে ধলাই জেলা হাসপাতালের জন্য বিসিটিভির সূচনা করেন।

অনুষ্ঠনে মুখ্যমন্ত্রী আরও বলেন, জাতপাতের ভেদাভেদের উর্ধে উঠে গিয়ে স্বেচ্ছা রক্তদান হল মানবধর্মের শ্রেষ্ঠ দান। সমাজের প্রত্যেককেই এই মানবধর্ম পালন করা উচিত। কারণ রক্তদানের মাধ্যমেই একে অপরের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সুসম্পর্ক গড়ে উঠে। যেখানে ধর্ম-বর্ণ- জাতপাতের কোনও স্থান থাকে না। রক্তদাতা ও রক্তগ্রহীতার মধ্যে একটা মৈত্রীর বন্ধনও তৈরি হয়। একজন ব্যক্তির দান করা রক্তের মাধ্যমে ৩-৪ জন মুমূর্ষু রোগীর প্রাণ বাঁচানো যেতে পারে। রাজ্যে গত বিধানসভা নির্বাচনের সময় সরকারি ১২টি ও বেসরকারি ২টি ব্লাড ব্যাঙ্কে রক্তের অভাব পরিলক্ষিত হয়। রক্তের এই অভাব দূর করতে নির্বাচনের পর রাজ্য সরকারের পক্ষ থেকে রাজ্যব্যাপী রক্তদান শিবির আয়োজন করার জন্য আহ্বান জানানো হয়েছিল। রাজ্য সরকারের এই আহ্বানে সাড়া দিয়ে বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থা, ক্লাব সহ সামাজিক সংগঠনগুলি রক্তদান শিবিরের আয়োজন করছে। এজন্য মুখ্যমন্ত্রী সকলকেই আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। অনুষ্ঠানে স্বাস্থ্য দপ্তরের সচিব

☞ ৬ এর পাতায় দেখুন

## সাব্রুম যাচ্ছে কাঞ্চনজঙ্গা এক্সপ্রেস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুন ।।** সাব্রুমবাসীর জন্য সুখবর! আগে রাজধানী আগরতলা পর্যন্তই সীমাবদ্ধ ছিল কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস এর যাত্রাপথ। আগামী ১৮ই জুন থেকে দক্ষিণ জেলার সাব্রুম স্টেশন থেকে শুরু হতে চলেছে শিয়ালদহ অভিমুখী (ট্রেন নং ১৩১৭৪ সাব্রুম-শিয়ালদহ) কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস। উত্তর-পূর্ব রেলের এই বিশেষ উদ্যোগের ফলে দারুণভাবে উপকৃত হবেন রাজ্যের দক্ষিণ, গোমতী, সিপাহীজলা জেলা সহ সংলগ্ন অঞ্চলের জনগণ। এই

☞ ৬ এর পাতায় দেখুন

# আনন্দবিহার - আগরতলা তেজস রাজধানীতে আগুন, আতঙ্কিত যাত্রীরা

**লংকা (অসম), ১৪ জুন (হি.স.) ।।** ভয়ংকর দুর্ঘটনার হাত থেকে অল্পের জন্য রক্ষা পেয়েছে আনন্দবিহার-আগরতলা তেজস রাজধানী এক্সপ্রেস। আজ শুক্রবার সকালে আনন্দবিহার থেকে আগরতলাগামী তেজস রাজধানী এক্সপ্রেস ট্রেনে অগ্নিকাণ্ডের ঘটনা সংঘটিত হয়েছে। তবে এতে বড় ধরনের কোনও দুর্ঘটনা সংঘটিত হয়নি। ট্রেনের গার্ডের বিচক্ষণতায় বড়সড় অগ্নিকাণ্ড থেকে রক্ষা পেয়েছে তেজস রাজধানী এক্সপ্রেস।


জানা গিয়েছে, ২০৫০২ নম্বর আনন্দবিহার-আগরতলা তেজস



রাজধানী এক্সপ্রেস ট্রেন আজ শুক্রবার সকাল ৬:০০টায় লংকা স্টেশনে আসার পর ট্রেনের একটি বগির নীচে আগুন দেখে এক যাত্রী ট্রেনের গার্ডকে অবগত করেন। এর পর গার্ড রেলের কর্মীদের নিয়ে ট্রেনে মজুত অগ্নিনির্বাপক সিলিন্ডার দিয়ে আগুন নিয়ন্ত্রণ করেন। আগুন নেভানোর পর ট্রেনটি পরীক্ষা-নিরীক্ষা করে পুনরায় লংকা থেকে আগরতলার উদ্দেশ্যে রওয়ানা দেয় তেজস রাজধানী এক্সপ্রেস। খবর পাওয়া গেছে, অগ্নিকাণ্ডের পর আজই বিকাল ৫:০০টায় আগরতলা স্টেশনে গিয়ে পৌঁছেছে।

এদিকে আজ সকালে লংকা স্টেশনে আনন্দবিহার-আগরতলা তেজস রাজধানী এক্সপ্রেসে অগ্নিকাণ্ডের ঘটনায় মুহূর্তের মধ্যে যাত্রীদের মধ্যে আতংক ছড়িয়ে পড়ে।

## জীবিত বাবার শ্রাদ্ধের নামে টাকা তুলতে গিয়ে আটক ২



**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ১৪ জুন ।।** জীবিত বাবার শ্রাদ্ধের নামে টাকা তুলতে গিয়ে ব্যবসায়ীদের হাতে আটক দুই নেশাগ্রস্ত যুবক। পরবর্তী সময়ে তাদের বিশালগড় থানা পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, আজ দুপুরে বিশালগড় বাজারে নেশার টাকা জোগাড় করতে সনাতন ধর্মের নাম টুকু জলে ভাসিয়ে দিলো বর্তমান সমাজের যুবকরা। রাজ্যে বিভিন্ন নেশায় আসক্ত হয়ে পড়ছেন যুবকরা। আর এই নেশার টাকার যোগাড় করতে গিয়ে প্রতিনিয়ত অসামাজিক কার্যকলাপে লিপ্ত হচ্ছে একশ্রেণীর যুবকরা। এরই মধ্যে বিশালগড় বাজারে সমস্ত ব্যবসায়ীদের কাছে বাবার শ্রাদ্ধের নামে প্রত্যেক দোকানে টাকা চাইতে আসে।

☞ ৬ এর পাতায় দেখুন

## ফায়ার সার্ভিসে নিয়োগ

## পরীক্ষা সম্পন্ন করার দাবিতে বিক্ষোভ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুন ।।** ফায়ার সার্ভিসের নিয়োগ সংক্রান্ত পরীক্ষা সম্পন্ন করার দাবিতে রাজধানীর জয়নগর ফায়ার স্টেশনের সামনে বিক্ষোভ দেখিয়েছেন চাকুরী প্রত্যাশিত যুবকরা। কিন্তু দাবি জানাতে গিয়ে পুলিশের হাতে বহু চাকুরী প্রত্যাশিত যুবকদের আটক করা হয়েছে।

তাঁদের অভিযোগ, ২০২২ সালে ত্রিপুরা ফায়ার সার্ভিসের ৩২৯টি পদে নিয়োগের জন্য নোটিশ জারি করা হয়েছিল। তার কিছু দিন পর শারীরিক ও রিটেন পরীক্ষা নেওয়া হয়েছিল। শারীরিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিল বহু যুবক। কিন্তু এখনো পর্যন্ত

☞ ৬ এর পাতায় দেখুন

## টিপিএসসি পরিচালিত

## সহকারি অধ্যাপক পদে নিয়োগের পরীক্ষা বাতিল


**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুন।।** টিপিএসসি পরিচালিত সহকারী অধ্যাপক পদে নিয়োগের পরীক্ষা বাতিল করা হয়েছে। শুক্রবার এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে, সহকারী অধ্যাপকের পদ, ত্রিপুরা কারিগরি (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি কলেজ (টিআইটি), শিক্ষা (উচ্চ) বিভাগের অধীনে গ্রুপ-এ (গেজেটেড) পদে নিয়োগের জন্য নিয়োগ পরীক্ষা বাতিল করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে বিস্তারিতভাবে জানানো হয়েছে ত্রিপুরা

☞ ৬ এর পাতায় দেখুন

## ভয়াবহ অগ্নিকান্ডে ভস্মীভূত ১৬টি গবাদি পশু, আহত ২

**নিজস্ব প্রতিনিধি, কদমতলা, ১৪ জুন।।** আসামের কাঁঠালতলিতে ভয়াবহ অগ্নিকান্ডে ১৬ টি গবাদি পশু ভস্মীভূত। গুরতর আহত দুই।



প্রায় দশ বছরের মাথায় ফের একই কায়দায় এক বিধ্বংসী অগ্নিকান্ডে একই বাড়িতে পুড়ে ছাঁই হল যোলটি গবাদি পশু। এতে গুরতর আহত হয়েছে আরও দুটি গরু। হৃদয় বিদারক এই ঘটনাটি ঘটেছে পাথারকান্দির বাজারিছড়া থানাধীন বাঘন জিপির পাঁচ নং ওয়ার্ড এলাকার ইন্দুরআইলবস্তিতে।

ঘটনার বিবরনে প্রকাশ, বৃহস্পতিবার গভীররাতে স্থানীয় রামাধার কৈরীর গোয়াল ঘরে হঠাৎ করে অগ্নিকান্ড ঘটে। মুহুর্তের মধ্যে আগুনের লেলিহান শিখা মাটির দেওয়াল টিনের ছাউনির গোয়াল ঘরটি গ্রাস করে নেয়। এতে ঘরে বাঁধা থাকা অবস্থায় বিভিন্ন বয়সের ষোলটি গরু আগুনের করাল গ্রাসে ঘটনাস্থলে মৃত্যুমুখে

☞ ৬ এর পাতায় দেখুন

## এডিসিতে চাকুরীর নিয়োগ পরীক্ষার নতুন বোর্ড গঠিত

### অভিযুক্তদের শাস্তির দাবি বিধায়কের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুন।।** এডিসিতে চাকুরীর নিয়োগ পরীক্ষার নতুন বোর্ড গঠন করা হয়েছে। আজ বিজ্ঞপ্তি জারি করে একথা জানিয়েছেন মুখ্য কার্যনির্বাহী আধিকারিক চন্দ্র কুমার জমাতিয়া।

বিজ্ঞপ্তি জারি করে জানানো হয়েছে, ওই বোর্ডের অতিরিক্ত মুখ্য কার্যনির্বাহী আধিকারিক হলেন বুদ্ধিলীন রাঙ্খল, নরেশ জামাতিয়া, পার্থ দেববর্মা এবং ভাবেশ দেববর্মা।

এদিকে, এডিসিতে চাকুরী সংক্রান্ত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনা অত্যন্ত লজ্জাজনক। তাঁর অভিযোগ, বোর্ডের চেয়ারম্যান দাতা মোহন জামাতিয়া এবং অন্যান্য সদস্যরা এই কেলেঙ্কারিতে জড়িত আছেন। ওই ঘটনার সাথে জড়িত অভিযুক্তদের শাস্তির ব্যবস্থা করা এবং চেয়ারম্যান দাতা মোহন জমাতিয়ার সভাপতিত্বে গঠন করা সব বোর্ড বাতিল করতে এডিসির মুখ্য কার্যনির্বাহী আধিকারিকের নিকট চিঠি লিখে দাবি জানিয়েছেন বিধায়ক রণঞ্জিত দেববর্মা।

এদিন চিঠিতে তিনি লিখেন, সাব-জোনাল ডেভেলপমেন্ট অফিসার এবং তার উপ-প্রধান কর্মকর্তা পদের এডিসিতে নিয়োগ প্রক্রিয়া পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে গিয়েছে।

☞ ৬ এর পাতায় দেখুন

## রাধানগর স্ট্যান্ডে রক্তদান শিবিরের উদ্বোধন

# পরিবহন ব্যবস্থাকে শক্তিশালী করতে মালিক ও শ্রমিকদের ভূমিকা গুরুত্বপূর্ণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুন ।।** রাধানগর মোটরস্ট্যাণ্ড ডেভেলপমেন্ট সোসাইটির উদ্যোগে আজ সকালে এক মেগা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। রক্তদান শিবিরের উদ্বোধন করেন পরিবহণমী সুশান্ত চৌধুরী। শিবিরের উদ্বোধন করে পরিবহণমী বলেন, রক্তদানের কোনও বিকল্প নেই। রক্তদানের মধ্য দিয়ে মুমূর্ষু রোগীদের জীবন রক্ষা করে আমরা সামাজিক দায়বদ্ধতা পালন করতে পারি। এই কর্মসূচিতে যানবাহন মালিক ও শ্রমিকদের থেকে সংগৃহীত রক্ত কার প্রয়োজনে পড়বে তা কিন্তু আমরা কেউই জানি না। না জেনেই সমাজের কল্যাণে যারা এগিয়ে এসেছেন, তারাই প্রকৃতপক্ষে সামাজিক দায়িত্ব পালন করছেন। আজ এই মেগা



রক্তদান শিবিরে ১০০ জনেরও বেশি রক্তদান করেন। মেগা রক্তদান শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানের পর পরিবহণমী সুশান্ত চৌধুরী রাধানগর মোটরস্ট্যাণ্ডের সামনেই বিনামূল্যে হেলমেট বিতরণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন। পরিবহণ দপ্তরের উদ্যোগে সড়ক সুরক্ষা সচেতনতা কর্মসূচিতে পথচারী,

☞ ৬ এর পাতায় দেখুন

# বিধানসভায় গ্রুপ সি ও গ্রুপ ডি নিয়োগ প্রক্রিয়া বাতিলের দাবিতে বিক্ষোভ বাম যুবদের



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুন।।** বিধানসভায় গ্রুপ ডি ও গ্রুপ সি পদে নিয়োগ প্রক্রিয়া বাতিলের প্রতিবাদে রাস্তায় নেমেছে বাম পন্থী যুব সংগঠন ডিওয়াইএফআই। আজ

☞ ৬ এর পাতায় দেখুন

## নিয়োগ প্রক্রিয়া বাতিল জানাল বিধানসভার সচিব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুন।।** প্রসাশনিক কারণ দেখিয়ে ত্রিপুরা বিধানসভা সচিবালয়ে গ্রুপ সি এবং গ্রুপ ডি পদে নিয়োগ প্রক্রিয়া বাতিল করা হয়েছে। বিধানসভার সচিব এক বিবৃতিতে জারি করে জানিয়েছেন, ২০২২ সালে ২ ডিসেম্বর গ্রুপ সি এবং গ্রুপ ডি পদে নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছিল। প্রসাশনিক কারণে এখন ওই নিয়োগ প্রক্রিয়া বাতিল করা হচ্ছে। তিনি আবদনকারীদের জমা দেওয়া ফ্রী ফেরত দেওয়া হবে বলে জানিয়েছেন। আগামী ৬০ দিনের মধ্যে নিদিষ্ট ফরমেটে ফেরত দেওয়া হবে।

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০▫ সংখ্যা ২৪৩ ▫১৫ জুন ২০২৪ ইং ▫৩২ জ্যৈষ্ঠ▫ শনিবার ▫১৪৩১ বঙ্গাব্দ

## কুসংস্কার নয় ,রক্তদানই হোক রক্তদাতা দিবসের অঙ্গীকার

১৪ জন বিশ্ব রক্তদাতা দিবস। সরকারি ও বেসরকারি উদ্যোগে দিবসটি পালন করা হইয়া থাকে। দিবসটি পালনের মূল উদ্দেশ্যই হইল রক্তদান সম্পর্কে মানুষকে সচেতন করা। কেননা রক্তদান সম্পর্কে এখনো আমাদের সমাজ ব্যবস্থায় নানা কুসংস্কার রহিয়াছে। সমাজকে কুসংস্কার মুক্ত করিয়া রক্তদানে সকলকে ঐক্যবদ্ধ করাই হইল এই দিবসের মূল স্লোগান। মনে রাখিতে হইবে রক্তদান দাতা এবং গ্রহণকারী উভয়ের জন্য খুবই উপকারী। এটি জীবন বাঁচায় এবং লোকেদের তাহাদের জটিল পরিস্থিতি কাটাইয়া উঠিতে সাহায্য করে। রক্তদাতার শরীর পুনরুজ্জীবিত হয় এবং নতুন কোষ তৈরি করে যাহা এটিকে সতেজ রাখে।বিজ্ঞানের চূড়ান্ত অগ্রগতির দিনেও বিজ্ঞান কিন্তু রক্তের কোনো উৎস আবিষ্কার করিতে পারে নি। রক্তের একমাত্র সোর্স মানব দেহ। রক্তের বিকল্প শুধু রক্তই। মানবদেহের অতি প্রয়োজনীয় এ উপাদানটি কলকারখানায় তৈরি হয় না। মানুষের রক্তের প্রয়োজনে মানুষকেই রক্ত দিতে হয়। চিকিৎসা বিজ্ঞানে আজ পর্যন্ত রক্তের কোনো বিকল্প আবিষ্কার হয়নি। রক্তের অভাবে যখন কোনো মানুষ মৃত্যুর মুখোমুখি হয়, তখন অন্য একজন মানুষের দান করা রক্তই তাহার জীবন বাঁচিতে পারে। তাই এর চাইতে মহৎ কাজ আর কী হইতে পারে! মুমূর্ষু রোগীকে বাঁচাইতে প্রায়ই জরুরি ভিত্তিতে রক্ত দেওয়ার প্রয়োজন হয়। যেমন-অতিরিক্ত রক্তক্ষরণ হইলে, রক্তবমি বা পায়খানার সঙ্গে রক্ত গেলে, দুর্ঘটনায় আহত রোগী, অস্ত্রোপচারের রোগী, সন্তান প্রসবকালে, ক্যানসার বা অন্যান্য জটিল রোগে, এনিমিয়া, থ্যালাসেমিয়া, হিমোফিলিয়া, ডেঙ্গি হিমোরেজিক ফিভার ইত্যাদি রোগের কারণে রক্ত সঞ্চালনের প্রয়োজন পড়ে। রক্ত তাহারাই দিতে পারেন যারা ১৮ থেকে ৬০ বছরের মধ্যে। যে কোনো শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও সক্ষম ব্যক্তি, যাহার শরীরের ওজন ৪৫ কেজির উপরে, তাহারা চার মাস পরপর নিয়মিত রক্তদান করিতে পারেন। তবে রক্ত দিতে হইলে কিছু রোগ থেকে মুক্ত থাকাতে হইবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশ অনুযায়ী, নিরাপদ রক্ত সঞ্চালনের জন্য রক্তদাতার শরীরে কমপক্ষে পাঁচটি রক্তবাহিত রোগের অনুপস্থিতি পরীক্ষা করিয়া নিশ্চিত হইতে হইবে। এ রোগগুলো হলো-হেপাটাইটিস-বি, হেপাটাইটিস-সি, এইচআইভি বা এইডসের ভাইরাস, ম্যালেরিয়া ও সিফিলিস। রোগের স্ক্রিনিং করিবার পর এসব রোগ থেকে মুক্ত থাকিলেই সেই রক্ত রোগীর শরীরে দেওয়া যাইবে।

রক্তদানে উচ্চ রক্তচাপের ঝুঁকি কমে এবং রক্তের কোলেস্টেরলের মাত্রাও কমে যায়। ফলে হৃদরোগ, স্ট্রোক ইত্যাদি মারাত্মক রোগের সম্ভাবনা হ্রাস পায়। হার্ট ভালো থাকে এবং রক্তদাতা সুস্থ ও প্রাণবন্ত থাকেন। শরীরে রক্তকণিকা তৈরির কারখানা হইল অস্থিমজ্জা। নিয়মিত রক্তদান করিলে অস্থিমজ্জা থেকে নতুন কণিকা তৈরি হয়, ফলে অস্থিমজ্জা সক্রিয় থাকে। এতে যে কোনো দুর্ঘটনা বা অন্য কোনো কারণে হঠাৎ রক্তক্ষরণ হইলেও শরীর খুব সহজেই তাহা পূরণ করিতে পারে। রক্তদানের সময় রক্তে নানা জীবাণুর উপস্থিতি আছে কিনা তাহার জন্য পরীক্ষা-নিরীক্ষা করা হয়। ফলে রক্তদাতা জানিতে পারেন তিনি কোনো সংক্রামক রোগে ভুগিতেছেন কিনা।অনেক সময় রক্তদাতার শরীরের রোগ-প্রতিরোধ ক্ষমতাও বৃদ্ধি পায়। দেওয়ার সময় রক্তের গ্রুপিং করা হয়। ফলে রক্তদাতা তার রক্তের গ্রুপ জানিতে পারেন।নানা ধরনের উপকার পাওয়া যায় রক্তদানের মাধ্যমে। তাই নিজের ক্ষতি যদি না হয়, বরং লাভই হয়, আর অন্য একজন মানুষের জীবনও বাঁচে, তাহা হইলে আমরা স্বেচ্ছায় রক্তদানে এগিয়ে আসিব না কেন? আমরা সমাজে একে অন্যের ওপর নির্ভরশীল। পারস্পরিক আদান-প্রদান আর সহায়তা সমাজবদ্ধ জীবনের অন্যতম পূর্বশর্ত। আর স্বেচ্ছায় রক্তদান এ সেবাপরায়ণতার অনুপম উদাহরণ। আসুন কোন ধরনের দ্বিধা দ্বন্দ্বে কিংবা কুসংস্কারে আচ্ছন্ন না হইয়া রক্তদানে সকলে এগিয়ে আসি। কেননা রক্তদানের মত মহৎ দান জীবনে আর কিছুই হইতে পারে না। ঈশ্বর প্রাপ্তির জন্য চার দেওয়ালের ভেতরে আবদ্ধ না থাকিয়া জীবনে অন্তত একবার রক্তদান করিলে তৃপ্তি লাভ করা সম্ভব। এই প্রয়াস সফল হইলেই জীবন সফল হইবে।

## বৃষ্টি হলেও তা হবে স্বাভাবিকের কম, দক্ষিণবঙ্গে ঊর্ধ্বমুখী থাকবেই তাপমাত্রা

কলকাতা, ১৪ জুন (হি.স.): আপাতত কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলার তাপমাত্রার থাকবে ঊর্ধ্বমুখীই। আগামী কিছুদিনের মধ্যে বৃষ্টি হলেও, তা হবে স্বাভাবিকের থেকে কম। আলিপুর আবহাওয়া দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী ২০ জুন পর্যন্ত দক্ষিণবঙ্গে প্রাপ্ত বৃষ্টি স্বাভাবিকের থেকে কম হওয়ার সম্ভাবনা রয়েছে। তবে ২১ জুন থেকে ২৭ জুন পর্যন্ত, এই সময়কালে দক্ষিণবঙ্গে স্বাভাবিকের থেকে বেশি বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে।আলিপুর আবহাওয়া দফতরের পক্ষ থেকে আরও জানানো হয়েছে, আগামী ২০ জুন পর্যন্ত দক্ষিণবঙ্গে সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের থেকে ২-৩ ডিগ্রি বেশি থাকবে। এও জানানো হয়েছে, ২১ জুন থেকে তাপমাত্রা একটু কমবে, তখনও সর্বোচ্চ তাপমাত্রা থাকবে স্বাভাবিকের থেকে ১-২ ডিগ্রি বেশি। সুখবর হিসেবে আবহাওয়া দফতর জানিয়েছে, ২১-২৭ জুন এই সময়কালে স্বাভাবিকের থেকে বেশি বৃষ্টি হবে।

## বৃষ্টির জেরে ধসে বিপর্যস্ত উত্তর সিকিমের লাচুং ও লাচেন, আটকে বহু পর্যটক

শিলিগুড়ি, ১৪ জুন (হি.স.): প্রবল বৃষ্টিতে ধসের জেরে আবারও বিপর্যস্ত উত্তর সিকিম। পরিস্থিতি এতটাই খারাপি যে, গোটা দেশের সঙ্গেই যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গিয়েছে পর্যটনের জন্য বিখ্যাত লাচুং, লাচেন-সহ বহু এলাকার। বহু পর্যটকের আটকে পড়ার খবর মিলেছে।বিপর্যয় ইতিমধ্যেই প্রাণ কেড়েছে ছ'জনের। সিকিমের মঙ্গন ও চুংথাংয়ের সংযোগকারী বেইলি সেতু ভেঙে গিয়েছে। ধসের জেরে বহু রাস্তা বন্ধ। বহু বাড়ি তছনছ হয়ে গিয়েছে। ভেঙে পড়েছে বিদ্যুতের খুঁটি।

## ঝাড়খণ্ডে ট্রাক-অটোর সংঘর্ষে মৃত্যু ৫ জনের, আহত আরও ৬ জন

গাড়োয়া, ১৪ জুন (হি.স.): ঝাড়খণ্ডের গাড়োয়া জেলায় অটো-রিক্সা ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে ঘটে গেল ভয়াবহ দুর্ঘটনা। মৃত্যু হয়েছে ৫ জনের, এছাড়াও কমপক্ষে ৬ জন গুরুতর আহত হয়েছেন। বৃহস্পতিবার গভীর রাত ১.৩০ মিনিট নাগাদ দুর্ঘটনাটি ঘটেছে বংশীধর নগর থানার অন্তর্গত পালহে গ্রামের কাছে।ভারপ্রাপ্ত পুলিশ আধিকারিক আদিত্য নায়েক বলেছেন, গুজরাটগামী একটি ট্রেনে চড়তে প্রায় ১২ জন অটোরিক্সায় চেপে নগর উন্টারি রেল স্টেশনে যাচ্ছিলেন, তখন বিপরীত দিক থেকে আসা একটি দ্রুতগামী ট্রাকের সঙ্গে অটোর মুখোমুখি সংঘর্ষ হয়। তাতেই মৃত্যু হয়েছে ৫ জনের ও ৬ জন আহত হয়েছেন।

# আরব স্বর্ণযুগের কয়েকজন নক্ষত্র

এককালে আরব বিজ্ঞানীরা আলো ছড়িয়েছেন। তাঁদের হাত ধরে আমরা জেনেছি গণিত, জীববিজ্ঞান থেকে শুরু করে আলোকবিজ্ঞান বা জ্যোতির্বিদ্যার অনেক অজানা জ্ঞান। সেই স্বর্ণযুগের কয়েকজন বিজ্ঞানীর কথা, সংক্ষেপে ***রউফুল আলম***

৮১৯ সাল। খলিফা আল মামুন তখন বাগদাদের সিংহাসনে আসীন। আল মামুন জ্ঞানান্বেষী। জ্ঞানীদের সম্মান করেন। রাজ্যের যত পণ্ডিত আছেন, তাঁদের বেতন-ভাতা বাড়িয়ে দিলেন। প্রতি সপ্তাহে পণ্ডিতদের সঙ্গে গল্প করেন। আড্ডা দেন। দর্শন, গণিত, বিজ্ঞানকোনো কিছুই বাদ পড়ে না সেই আড্ডায়।

আল মামুনের মতো বইপ্রিয় বাদশাহ সম্ভবত মধ্যযুগের আরবে আর কেউ আসেননি। কথিত আছে, অনেক যুদ্ধে শত্রুদের হারিয়ে তিনি শত্রুর কাছ থেকে সোনা-জহরত নেননি। তার বদলে শত্রুর লাইব্রেরি থেকে বই নিয়েছেন। শত্রুর কাছ থেকে বই চেয়েছেন। আল মামুন জানতেন, গ্রিকদের কাছে আছে জ্ঞানভান্ডার। পারস্য, ভারত ও চীনে আছে জ্ঞানভান্ডার। সেসব ভান্ডার থেকে জ্ঞান আহরণ করতে হবে। আর তার জন্য চাই নিজের ভাষা আরবিতে অনুবাদ। এমন মরিয়া হয়ে উঠেছিলেন যে তিনি চাইতেন পৃথিবীর সব বই সংগ্রহ করে এক ছাদের নিচে রাখবেন। তারপর সেগুলো আরবিতে অনুবাদ করা হবে। আর পণ্ডিতেরা সেসব বই খুঁটিয়ে পড়বেন।

তাঁর সেই স্বপ্ন থেকে সুপ্রতিষ্ঠিত হয়েছিল বাইত আল-হিকমা অথবা হাউজ অব উইজডম। বাংলায় অর্থ দাঁড়ায় জ্ঞানঘর। বাইত আল-হিকমা ছিল পণ্ডিতদের মিলনমেলা। সেখানে শুধু যে বই অনুবাদ হতো, তা নয়; বহু বইয়ের বিষয়বস্তু বিভিন্নভাবে ব্যাখ্যা করা হতো। নতুন নতুন ধারণার জন্ম হতো। আরবের স্বর্ণযুগ বা মুসলমানদের স্বর্ণযুগ বলে যে কাল বোঝানো হয়, সেই কালের শক্ত বুনিয়াদ গড়ে উঠেছিল আল মামুনের সময়। উল্লেখ্য, আল মামুনের আগে খলিফা আল মনসুরের সময়ও পণ্ডিতেরা অনেক বই আরবিতে অনুবাদ করেছিলেন।

খলিফা আল মামুনের সময় সবচেয়ে খ্যাতিমান অনুবাদক ছিলেন হুনাইন ইবনে ইসহাক। তিনি ছিলেন খ্রিষ্টধর্মে বিশ্বাসী। কিন্তু আল মামুন তাঁকে বেছে নেন মেধার জন্য। মাত্র ১৭ বছর বয়সে হুনাইন ইবনে ইসহাক বিখ্যাত গ্রিক দার্শনিক গেইলেনের বই অনুবাদ করেছিলেন। গ্রিক ও আরবি ভাষায় ছিল তাঁর গভীর জ্ঞান।

৮২০ সালে বাইত আল-হিকমার প্রধান হিসেবে দায়িত্ব দেওয়া হলো সে সময়ের শ্রেষ্ঠ গণিতবিদ আল খোয়ারিজমিকে। আল মামুনের শাসনামলের সবচেয়ে উজ্জ্বলতম নক্ষত্র ছিলেন আল খোয়ারিজমি। যোগ্য মানুষকে কোথায় রাখতে হবে, সেটা খলিফা আল মামুন ১ হাজার ২০০ বছর আগে দেখিয়ে গেছেন। সে সময়ের বাইত আল-হিকমাকে আজকের দিনের রয়্যাল সোসাইটি বা যুক্তরাষ্ট্রের ন্যাশনাল একাডেমি অব সায়েন্সের সঙ্গে তুলনা করলে অতিরঞ্জন হবে না।

আল খোয়ারিজমি লিখলেন বিখ্যাত সব বই। তাঁর বইতে ভারতীয় গণিতবিদদের ছাপ স্পষ্ট! হিন্দু সংখ্যা পদ্ধতি ব্যবহার করলেন তিনি। আল খোয়ারিজমি উদ্ভাবন করলেন এক নতুন গণিতবীজগণিত। আল খোয়ারিজমিকে বীজগণিতের জনক বলা হয়

ভারতবর্ষ যে গণিতের উর্বর ভূমি, মধ্যযুগে এ বিষয়টি প্রথম উপলব্ধি করেছিলেন আরবের পণ্ডিতেরা। তাঁরা ভারতীয় গণিতবিদদের বই অনুবাদ করতে লাগলেন। আল খোয়ারিজমি লিখলেন বিখ্যাত সব বই। তাঁর বইতে ভারতীয় গণিতবিদদের ছাপ স্পষ্ট! হিন্দু সংখ্যা পদ্ধতি ব্যবহার করলেন তিনি। আল খোয়ারিজমি উদ্ভাবন করলেন এক নতুন গণিতবীজগণিত। আল খোয়ারিজমিকে বীজগণিতের জনক বলা হয়। আর অ্যালজেবরা শব্দটির উৎপত্তি তাঁর বইয়ের শিরোনাম আল-জবর থেকে। আবার 'অ্যালগরিদম' শব্দটির উৎপত্তি হয়েছে আল খোয়ারিজমির লাতিন নাম আলগোরিদমি থেকে। আল খোয়ারিজমি তাঁর গণিতে নতুন সংখ্যা পদ্ধতির ব্যবহার করলেন। লাতিন ভাষায় তাঁর বই অনুবাদ করা হলোলিবার আলগোরিজমি দে নিউমেরো ইনডোরাম। সে সংখ্যা পদ্ধতি পরিচিতি পেল হিন্দু-আরবীয় বা ইন্দো-অ্যারাবিক নিউমেরাল সিস্টেম নামে। আজকে আমরা যে ইংরেজি সংখ্যা ব্যবহার করি, সেটার নামই ইন্দো-অ্যারাবিক সংখ্যা পদ্ধতি।

ইউরোপে তখনো রোমান সংখ্যা ব্যবহৃত হতো। রোমান সংখ্যা ব্যবহারে যে যথেষ্ট সীমাবদ্ধতা আছে, সেটা ইউরোপিয়ানরা উপলব্ধি করেছিল। কিন্তু বিকল্প উপায় জানা ছিল না। ঠিক তখনই ইতালির বিখ্যাত গণিতবিদ ফিবোনাক্কি আরব গণিতবিদদের সংস্পর্শে আসেন ও তাঁদের কাছ থেকে দীক্ষা নেন। ৩২ বছর বয়সে, ১২০২ সালে ফিবোনাক্কি লিখলেন লিবার আবাকি। সে বইয়ে তিনি হিন্দু-আরবীয় সংখ্যা ব্যবহার করেন। এর মাধ্যমে প্রথমবারের মতো ইউরোপ পেল এক নতুন সংখ্যা পদ্ধতি। ইউরোপে বিস্তার ঘটল পাটিগণিত ও বীজগণিতের। ইউরোপীয় গণিতবিদেরা তারপর একসময় উপহার দিলেন ক্যালকুলাস। বীজগণিত ও ক্যালকুলাস ছাড়া জ্ঞান-বিজ্ঞানে ইউরোপীয় রেনেসাঁ ছিল অসম্ভব।

আল-রাজি সবকিছুতেই এক্সপেরিমেন্ট পছন্দ করতেন। তিনি বাগদাদের বেশ কিছু জায়গায় মাংসের টুকরা ঝুলিয়ে দিলেন। কয়েক দিন পর সেই টুকরাগুলো পরীক্ষা করলেন। যেখানকার মাংস সবচেয়ে কম পচেছে, সেখানেই হাসপাতাল তৈরির পরামর্শ দিলেন

বাইত আল-হিকমা সে সময় জ্ঞানের একটা ধারাবাহিকতা তৈরি করেছিল। তৈরি করেছিল জ্ঞানচর্চার এক অভূতপূর্ব সংস্কৃতি। সেই সংস্কৃতির ধারাবাহিকতা টিকে ছিল বহু যুগ। জন্ম নিয়েছিলেন বহু পণ্ডিত। তাঁদের একজনের নাম আল---রাজি। খলিফা আল মামুনের শাসনামলের প্রায় ৭০ বছর পরের কথা। বাগদাদের বাদশা তখন খলিফা আল-মুকতাফি। আল-মুকতাফি তাঁর রাজ্যে হাসপাতাল তৈরি করবেন। এমন আধুনিক হাসপাতাল তৈরি করতে চান, যে হাসপাতাল পৃথিবীর কোথাও নেই। হাসপাতালের জন্য স্থান নির্বাচন করতে হবে। কিন্তু রাজা তো সব বিষয়ে জ্ঞান রাখেন না। খলিফা আল- মুকতাফি নিজের ক্ষমতাবলে সবকিছু নির্ধারণ করতে চাননি। তিনি খবর দিলেন রাজ্যের শ্রেষ্ঠ চিকিৎসাবিজ্ঞানী আল- রাজিকে। নির্দেশ দিলেন, হাসপাতালের জন্য ভালো স্থান নির্বাচন করুন।

আল-রাজি সবকিছুতেই এক্সপেরিমেন্ট পছন্দ করতেন। তিনি বাগদাদের বেশ কিছু জায়গায় মাংসের টুকরা ঝুলিয়ে দিলেন। কয়েক দিন পর সেই টুকরাগুলো পরীক্ষা করলেন। যেখানকার মাংস সবচেয়ে কম পচেছে, সেখানেই হাসপাতাল তৈরির পরামর্শ দিলেন। যু দিলেন, সেখানকার বাতাস ভালো ও স্বাস্থ্যকর। আজ থেকে ১ হাজার ১০০ বছর আগের ঘটনা সেটা।

আল-মুকতাফি কয়েক বছর পর মারা যান। হাসপাতাল তৈরি করে যেতে পারেননি। সে হাসপাতাল তৈরি হয় খলিফা আল-মুক্তাদিরের সময়। হাসপাতালের দায়িত্ব দেওয়া হয় বিজ্ঞানী আল-রাজিকে। খলিফা মুক্তাদিরের সময় বেশ কয়েকটি হাসপাতাল তৈরি হয়। সবচেয়ে বড় হাসপাতালটির নাম ছিল 'আল-বিমারিস্থান আল-মুক্তাদির'।

আল-রাজি রোগী দেখতেন। হাসপাতালে বসে চিকিৎসাবিদ্যার গবেষণা করতেন। সেসময়ে দুজন চিকিৎসাবিজ্ঞানী ছিলেন সবচেয়ে পূজ্য। একজন গ্যালেন অন্যজন হেপোক্রেটিস। তাঁদের লেখা বই তখন সবচেয়ে প্রচলিত ছিল। আল-রাজি নিজেও তাঁদের লেখা বই থেকে শিখেছেন। তাঁদের লেখা পড়ে প্রভাবিত হয়েছেন। সে সময়ে গ্যালেন ও হেপোক্রেটিসের মতবাদ চ্যালেঞ্জ করা ছিল ভয়াবহ দুঃসাহসের ব্যাপার। কিন্তু আল-রাজি সেসবের তোয়াক্কা করলেন না। তিনি গ্যালেনের অনেক মতবাদকে চ্যালেঞ্জ করলেন। ভুল বলে দাবি করলেন। জ্ঞান-বিজ্ঞান মানেই যে চ্যালেঞ্জ করা, মধ্যযুগে সম্ভবত আল-রাজিই প্রথম সেটা সাহসের সঙ্গে দেখিয়েছেন।

হাজার বছর আগে আল-রাজি মানসিক রোগকে 'রোগ' হিসেবে স্বীকৃতি দিয়েছিলেন। রোগ হিসেবেই বিবেচনা করতেন। ইউরোপে তখনো মানসিক রোগীদের পাপের শাস্তি কিংবা শয়তানের আছর হিসেবে বিবেচনা করা হতো। আল-রাজিকে বলা হয় সাইকোলজি এবং সাইকোথেরাপির জনক। তিনি চিকিৎসাবিজ্ঞানের ওপর প্রচুর বই লিখলেন। তাঁর বিখ্যাত বইয়ের নাম আল-কিতাব আল-হাওই খণ্ডের বইঅবিশ্বাস্য! ১২৭৯ সালে সেই বই লাতিন ভাষায় অনুবাদ হলো। ইউরোপে ছড়িয়ে গেল তাঁর বই। আল-রাজি ইউরোপে পরিচিতি পেলেন রাজেস নামে। ১৩৯৫ সালে ইউনিভার্সিটি অব প্যারিসের মেডিকেল ফ্যাকাল্টিতে মাত্র নয়টা বই ছিল। সেগুলোর একটা আল-রাজির বই। আরব স্বর্ণযুগের গগন থেকে যদি পাঁচটি নক্ষত্রকে উজ্জ্বলতম হিসেবে বিবেচনা করা হয়, তাহলে আল-রাজি তাঁদের একজন। আল---রাজি স্মরণে ইরানে এখনো প্রতিবছর ২৭ আগস্ট 'রাজি দিবস' পালন করা হয়।

আরব স্বর্ণযুগে বহু দার্শনিক ও বিজ্ঞানীর জন্ম হয়েছিল। ইবনে সিনা, আল বিরুনি, ওমর খৈয়াম, আল তুসো, আব্বাস ফারনাস, ইবনে খালদুনএমন বহু দার্শনিক ও বিজ্ঞানীর নাম উল্লেখ করা যাবে। তবে এই লেখা শেষ করব একজন বিখ্যাত পদার্থবিজ্ঞানীর কথা দিয়ে। তাঁর নাম ইবনুল হাইসাম বা ইবনে আল-হাইসাম। তবে তিনি লাতিন 'আল---হাজেন' নামেও পরিচিত। আলোকবিদ্যা বা অপটিকস বহু বিষয়ে আমরা নিউটনকে কৃতিত্ব দিই। তবে নিউটনের বহু আগেই আলোকবিদ্যার বিভিন্ন বিষয় নিয়ে কাজ হয়েছিল। এখানে একটা বিষয় উল্লেখ করা প্রয়োজন। আজ থেকে ১০০ বছর আগেও বিজ্ঞানীদের মধ্যে যোগাযোগ হতো পত্রযোগে। এক অঞ্চলের সৃষ্টি সম্পর্কে অন্য অঞ্চলের বিজ্ঞানীদের ধারণা ছিল কম। তা ছাড়া মধ্যযুগের বহু বইপত্র সংরক্ষণের অভাবে নষ্ট হয়ে গিয়েছিল। যুদ্ধবিগ্রহে ধ্বংস হয়েছিল। সে সময় একজনের কাজ অন্যজন কৃতজ্ঞতাসহ উল্লেখ করবেনএমন চর্চার সংস্কৃতি গড়ে ওঠেনি। আরবের বিজ্ঞানীদের বহু বই ইউরোপে ছিল। ইউরোপীয় বিজ্ঞানীরা ষোড়শ, সপ্তদশ শতকে সেগুলো থেকে অনেক ধ্যান---ধারণা নিয়েছেন। কিন্তু সবাই সঠিকভাবে, কৃতজ্ঞতাভরে সেগুলো উল্লেখ করেননি। ফলে আরব স্বর্ণযুগের বহু বিজ্ঞানী ইউরোপে অজানা ছিলেন। এমনই একজনের নাম ইবনে আল- হাইসাম। ইবনে আল-হাইসাম আলোকবিদ্যার বহু পরীক্ষা নিখুঁতভাবে করেছেন। চিত্র এঁকেছেন। বর্ণনা দিয়েছেন। সূত্র প্রতিষ্ঠা করেছেন। সেসব নিয়ে তিনি সাত খণ্ডের বই লিখলেন, কিতাব আল-মানাজির ঠিক এক হাজার বছর আগে তিনি সে বই প্রকাশ করেন। ইউরোপে তখন আলোকবিদ্যা নিয়ে কাজ করার মতো কেউ ছিলেন না। তাঁর বই লাতিন ভাষায় দে আসপেকতিবাস শিরোনামে অনুবাদ হয়েছিল আনুমানিক দ্বাদশ বা ত্রয়োদশ শতকে। হাইসামের বই দ্বারা সম্ভবত সবচেয়ে বেশি প্রভাবিত হয়েছিলেন ব্রিটিশ বিজ্ঞানী রজার বেকন। হাইসাম ছিলেন পরীক্ষা-নিরীক্ষায় বিশ্বাসী। তত্ত্বের পাশাপাশি এক্সপেরিমেন্টকে তিনি অনেক গুরুত্ব দিতেন। এক হাজার বছর আগে এক্সপেরিমেন্টালিস্ট হওয়া ছিল এক অন্য বিষয়।

জ্ঞান কখনো কারও সম্পত্তি হয়ে থাকে না। কালের পরিক্রমায় এক জাতি থেকে অন্য জাতির কাছে যায়। যে জাতি জ্ঞানকে আপন করে নেয়, জ্ঞানের বিকাশ ও বিস্তারে নিরন্তর লেগে থাকে, তারা জাতি হিসেবে নেতৃস্থানীয় হয়। আজকের ইউরোপ-আমেরিকা, চীন- জাপান-কোরিয়া এর উৎকৃষ্ট উদাহরণ। জ্ঞানের বিকাশ, বিস্তার ও সৃষ্টির জন্য চাই সমাজে জ্ঞানীর কদর। জাত-ধর্ম-বিশ্বাসের উর্ধ্বে জ্ঞানীর সম্মান। আর যোগ্য মানুষের সঠিক মূল্যায়ন। মধ্যযুগের মুসলিম নেতারা বিদ্বানদের মূল্য দিয়েছেন। পণ্ডিতদের সঠিক স্থানে রেখেছেন। জাত---ধর্মের ঊর্ধ্বে গিয়ে যোগ্যতাকে মূল্যায়ন করেছেন। এ জন্যই স্বর্ণযুগ রচিত হয়েছিল।

# যে দ্বীপের মানুষেরা একশো বছর পর্যন্ত বাঁচে

**বিশেষ প্রতিবেদন** ।। ইকারিয়া দ্বীপ ইকারিয়া বিশ্বের পাঁচ 'ব্লু জোন' এর একটি। 'ব্লু জোন' বলতে সেসব অঞ্চল বোঝায় যেখানকার মানুষদের মধ্যে শতবর্ষী হওয়ার হার উল্লেখযোগ্যভাবে বেশি।

এজিয়ান সাগরের পূর্ব অংশের গ্রীকের ছোট দ্বীপটির স্থায়ী বাসিন্দা আট হাজারের কিছু বেশি। এখানে অন্যান্য অনেক জায়গার তুলনায় ক্রনিক ডিজিজ বা দীর্ঘস্থায়ী রোগের হার কম। পৃথিবীর যে ক'টি স্থানের বাসিন্দারা দীর্ঘ জীবন লাভ করেন গড় আয়ুর বিচারে এখানকার জনগোষ্ঠী তার অন্যতম। প্রকৃতপক্ষে, এক তৃতীয়াংশ ইকারিয়ান ৯০ বছরের বেশি বেঁচে থাকেন।

দৃঢ় সামাজিক ও পারিবারিক বন্ধন, নিয়মিত শরীর চর্চা এবং প্রয়োজন মাফিক ঘুম ইত্যাদি এই দ্বীপের বাসিন্দাদের শতবর্ষী হওয়ার কারণ বলে মনে করা হয়। আরেকটি গুরুত্বপূর্ণ ফ্যাক্টর হলো, তাদের খাদ্যাভ্যাস। অর্থাৎ, তারা কী ধরনের খাবার গ্রহণ করে।

মেডিটারেনিয়ান ডায়েট বা ভূমধ্যসাগরীয় অঞ্চলের খাদ্যাভ্যাস স্বাস্থ্যকর হিসেবে সুপরিচিত। এই ডায়েটের সাথে মিল আছে ইকারিয়া ডায়েটের। এতেও স্বাস্থ্যকর চর্বি, প্রচুর আঁশ বা ফাইবার এবং পুষ্টিগুণ সম্পন্ন খাবার অন্তর্ভুক্ত থাকে। এই খাদ্যাভ্যাস ব্যাপকভাবে উদ্ভিজ্জ নির্ভর। বাদাম, আলু, লেবু, শাকসবজি, শস্য এবং বীজে আধিক্য থাকে সেখানে। ফ্যাট বা চর্বির প্রধান উৎস হিসেবে থাকে জলপাই তেল।

দই, পনির, মাছ, পোল্ট্রি এবং রেড ওয়াইন পরিমিত খাওয়া হয়। লাল মাংস খাওয়া হয় খুবই সীমিত পরিমাণে, মাসে কয়েকবার।

দেখা গেছে, এমন নিয়ম মেনে খাবার নির্বাচনে অনেক রোগের ঝুঁকি কমে যায়। হ্রাস পায় হৃদরোগ, স্ট্রোক, ডায়াবেটিস, উচ্চ কোলেস্টেরল, স্থূলতা এবং উচ্চ রক্তচাপের মতো রোগের নেপথ্য কারণগুলো। ডায়ান কোচিলাস নামে একজন গ্রিক-আমেরিকান শেফ সম্প্রতি একটি রান্নার বই লিখেছেন। নাম - দ্য ইকারিয়া ওয়ে।

শেফ ডায়ান কোচিলাস তার এই নতুন বইয়ে দ্বীপটির বাসিন্দাদের খাবারের আলোকে একটি 'প্ল্যান' দিয়েছেন। যারা নিজেদের পাতে মেডিটারেনিয়ান ঘরানা নিয়ে আসতে চান তাদের জন্য এই পরামর্শ। বইটি দু'টি প্রশ্নে আলোকপাত করে: কীভাবে 'মনকে কষ্ট না দিয়েও' শরীরকে ভাল রাখা যায় এবং রান্নাটা কীভাবে করতে হবে। প্রশ্নগুলোর উত্তর তিনি খুঁজেছেন প্রশান্তি ও স্বস্তিদায়িনী দ্বীপটির সরল ও মৃদুগতির জীবনের অনুপ্রেরণায়। যেখানে মানুষে মানুষে বন্ধন গড়ে ওঠে খাবার টেবিলকে ঘিরে। নানান রকম খাবারের কথা বলা হয়েছে বইয়ে। এতে দই, শসা এবং আখরোট স্যুপের মতো হালকা খাবার, স্ন্যাকস, বড় বা মাঝারি লোকসমাগমের ডিনারের রেসিপি যেমন মিলবে তেমনি পাওয়া যাবে পনিরে ভাজা পিচ এবং আরগুলা সালাদ; রেড ওয়াইনে ভাজা মশলাদার মটরশুটি; পেস্তা-কিসমিসের পোলাওয়ের মত পদ।

আরও পড়তে পারেন:

'লোকে যে পরিমাণ চাপ নেয়, এটা আমাকে রীতিমত অবাক করে,' বলছিলেন ডায়ান কোচিলাস। 'আমেরিকাতে খুব দেখা যায়, স্ট্রেস নিয়ে লোকে নিজের ক্ষতি করে। বেশিরভাগ সময় আমাদের মাথার ভেতরেই কেবল এর অস্তিত্ব থাকে, চিন্তার ধরণের কারণে যা তীব্র হয়।' তার বইয়ের লক্ষ্য, মানুষ যেন নিজের যত্ন সম্পর্কে আরও সচেতন হয়। কোচিলাস দেখাতে চান 'খাবারও একটা ভালোবাসার নাম।'

রহস্য লুকিয়ে আছে শিমজাতীয় খাবারে

কোচিলাসদের আদি নিবাস ইকারিয়াতেই। এখনো বছরের অর্ধেক সময় এখানে কাটে তার। রান্নার বই লেখার পাশাপাশি রাষ্ট্রীয় সম্প্রচার মাধ্যম পিবিএস-এ 'মাই গ্রিক টেবিল' নামে রান্নার অনুষ্ঠান উপস্থাপনা করেন।

ইকারিয়াতে একটি রান্নার স্কুলও চালান কোচিলাস।

একশোটি প্ল্যান্ট-বেইজড বা উদ্ভিজ্জ উপাদানের রেসিপি নতুন রান্নার বইয়ে অন্তর্ভূক্ত করেছেন তিনি। রান্নার ক্লাস করাতে গিয়ে বইয়ে এগুলো ঢোকানোর কথা তার মাথায় আসে। তিনি লিখেছেন, 'মন্টানা থেকে দুজন অতিথি এসেছিলেন। ক্লাসের রান্নাঘরের কাউন্টারে বিস্ময় নিয়ে দাঁড়িয়েছিল তারা। বলেছিল, তারা শুধু বাড়িতে দিনে তিনবার মাংস খায় তাই নয়, কখনো কল্পনাও করেনি যে, কেবল উদ্ভিদ-ভিত্তিক উপাদান দিয়েও এত রান্না করা যায়। সপ্তাহজুড়ে যা করি সেসব এমনই প্রাণবন্ত, তৃপ্তিদায়ক এবং বৈচিত্র্যময়।"

ইকারিয়ার নিরামিষ খাবারগুলোতে স্বাস্থ্যের উৎকর্ষ এবং মনের সন্তুষ্টি যেমন আসে, বাস্তবতার বিচারেও এগুলো তৈরি করা সুবিধাজনক।

গ্রিসের অন্যান্য অংশের মতো এই দ্বীপেও কিছু মানুষ এখনও গ্রিক অর্থোডক্স চার্চের দিনপঞ্জি অনুযায়ী উপবাস ব্রত পালন করে থাকে।

তাই, বছরের একটা নির্দিষ্ট সময় যেমন লেন্ট(ইস্টারের আগের ৪০ দিনের উপবাস) এর সময় মাংস খায় না।

কোচিলাসের রান্নার বইয়ে যেসব উপাদানের কথা বলা হয়েছে সেগুলো ইকারিয়াতে প্রচুর পরিমাণে পাওয়া যায়। যার মধ্যে রয়েছে দই, বাদাম, মধু, সামুদ্রিক লবণ, জলপাই তেল, বাদাম, টাটকা ভেষজ উপাদান, নানাবিধ শস্য, রসুন এবং বিভিন্ন ধরনের লেবু।

বিশ্বের যেকোন প্রান্তের সুপারমার্কেটেই এগুলোর কাছাকাছি পণ্য পাওয়া যাবে বলে উল্লেখ করেন মিজ কোচিলাস। দ্য ইকারিয়া ওয়েতে শিমজাতীয় খাদ্যের জয়জয়কার। যত পদের কথা বলা হয়েছে তার মধ্যে, এগুলোকে কোচিলাস বিশেষ স্থান দিয়েছেন। উদাহরণ হিসেবে দুয়েকটির কথা বলা যায় --- মটরশুটি, তাহিনি(এক ধরনের তিল বাটা) এবং দই; ফাভা বিন(বিশেষ জাতের শিমের বিচি) স্টু; মরিচ দিয়ে কিডনি বিন; হলুদ, মৌরি এবং লেটুসসহ ক্যারামেলাইজড জাম্বো বিন। কোচিলাস জানান, 'শিম বা মটরশুটি কোলেস্টেরল কমিয়ে হৃদযন্ত্রকে রাখে। কারণ এগুলো দ্রবণীয় ফাইবার সমৃদ্ধ, যা কোলেস্টেরলের কণিকার সাথে মিশে সেগুলোকে শরীর থেকে সরিয়ে নেয়।'

টাইপ টু ডায়াবেটিস নিয়ন্ত্রণ এবং প্রতিরোধের ক্ষেত্রেও এটি 'উপশমকারী',যোগ করেন তিনি। তিনি ব্যাখ্যা করেন, কীভাবে 'ইট বিনসঅ্যান্ড লিভ লংগার"( শিম/মটরশুটি বিচি খাও, দীর্ঘায়ু হও) ব্লু জোনের মত খাদ্যাভ্যাসের প্রবক্তাদের জন্য একটি মন্ত্র হয়ে উঠেছে। কথাটি মূলত ড্যান বুয়েটনারের। তিনি ন্যাশনাল জিওগ্রাফিকের একজন কর্মী এবং দীর্ঘায়ু বিশেষজ্ঞ।

তার দাবি, 'প্রতিদিন এক কাপ পরিমাণ 'বিন' একজন ব্যক্তির আয়ু চার বছর বাড়িয়ে দিতে পারে।' কেউ চাইলে 'যেকোন জায়গায়ই ভাল বিন পাবেন,' উল্লেখ করেছেন কোচিলাস। এটি স্যুপ, সালাদ বা প্রধান খাবারে বহুমুখী ব্যবহার করা যায় বলে বইটিতে এর তেমন বিভিন্ন রেসিপিও দিয়েছেন তিনি। বেগুন, টমেটো, 'ফেটা পনির'(ভেড়া বা ছাগলের দুধ থেকে তৈরি গ্রিক পনির) দিয়ে হোয়াইট বিন স্টু রেসিপি সম্পর্কে কোচিলাস লিখেছেন 'এই সাধারণ খাবারটি শাকসবজির সাথে 'বিন' এবং ডাল দিয়ে করা অনেক গ্রিক রান্নার একটি।'

বাড়িতে কেউ করতে চাইলে রেসিপিটির জন্য টিনজাত বিন ব্যবহার করতে পারেন। একটি পুষ্টিকর এবং সুষম খাবার পেয়ে যাবেন তারা।

দ্য ইকারিয়া ওয়েতে ডায়ান কোচিলাস বিভিন্ন গ্রিক আদবকেতার কথাও বলেছেন। তেমনই একটি 'কালি অরেক্সি'। খাওয়ার সময় পরস্পরকে এটি বলার রেয়াজ প্রচলিত গ্রিক সমাজে। যার মানে "(খাবার) উপভোগ করুন!" কেউ যখন 'ইকারিয়া ওয়েতে' কোনো রেসিপি অনুসরণ করে খাবার বানাবেন, ওই বাক্যটিও হয়তো তাদের সম্ভাষণে ঠাঁই করে নেবে।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# আরারিয়া - গলগলিয়া রেলওয়ে লাইন প্রকল্পের পাওয়াখালি ঠাকুরগঞ্জ সেকশনের কমিশনিং




মালিগাঁও, ১৪ জুন, ২০২৪: চিফ কমিশনার অব রেলওয়ে সেফটি (সিসিআরএস) ১২ জুন, ২০২৪ তারিখে আরারিয়া-গলগলিয়া নতুন লাইন প্রকল্পের পাওয়াখালি ও ঠাকুরগঞ্জ স্টেশনের মধ্যে নতুনভাবে স্থাপন করা ২৩.২৪২ কিমি রেলওয়ে লাইনের সতর্কতামূলক পরিদর্শন সম্পন্ন করে সেকশনটি কমিশনিঙের জন্য তার অনুমোদন প্রদান করেছে। সম্পূর্ণ প্রকল্পটি উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের কাটিহার ডিভিশনের অধীনে। চিকেন নেক অংশে বর্তমানের রেলওয়ে নেটওয়ার্ককে অধিক শক্তিশালী করা এবং ওই অংশটিতে সমগ্র রেলওয়ের পরিচালনগত দক্ষতা উন্নত করার মূল লক্ষ্যে নবনির্মিত ব্রডগজ লাইনটি খোলা হয়েছে। নতুন করে স্থাপিত রেলওয়ে লাইনটি এই রুট দিয়ে উত্তর পূর্বাঞ্চলে আরও বেশি পণ্যবাহী ও যাত্রীবাহী ট্রেনের চলাচলে সহায় করবে।

আরারিয়া-গলগলিয়া নতুন লাইন প্রকল্পের দৈর্ঘ্য ১১০.৭৫ কিলোমিটার, যার মধ্যে কাদোগাঁও, ভোগদাবার হল্ট হয়ে পাওয়াখালি স্টেশন থেকে ঠাকুরগঞ্জ স্টেশন পর্যন্ত ২৩.২৪২ কিলোমিটার রেলওয়ে লাইন খোলা হয়েছে। নতুন রেলওয়ে লাইনটিতে বিহারের পূর্ব অংশকে আওতাভুক্ত করা হয়েছে। এই প্রকল্পটি সেকশনটির যানজট কমাতে এবং পাওয়াখালি-ঠাকুরগঞ্জ সেকশনে ট্রেনের সুগম চলাচলে সাহায্য করবে। এই প্রকল্পটি নিকটবর্তী অঞ্চলগুলিতে বিশাল কর্মসংস্থান সৃষ্টি করেছে। এছাড়াও এই লাইনটি সংশ্লিষ্ট অঞ্চলে অনেক বেশি ট্রেন চলাচল করার ক্ষেত্রে সাহায্য করবে, যার ফলে ওই অঞ্চলের মানুষের আর্থ-সামাজিক বিকাশ ঘটবে। এই প্রকল্পটি ইন্ধন সঞ্চয় ও পরিবহণ ব্যয় হ্রাসের পাশাপাশি ভ্রমণের সময় হ্রাস করে নিকটবর্তী অঞ্চলগুলির অর্থনৈতিক দৃশ্যপটের উন্নতি করবে। পণ্যসামগ্রীর পরিবহণ ব্যয়ও সাশ্রয়ী হবে।

যাত্রীদের সুযোগ-সুবিধার মধ্যে পাওয়াখালি ও ঠাকুরগঞ্জ উভয় স্টেশনেই ৩-মিটার প্রশস্ত নতুন ফুট ওভার ব্রিজ, ওয়েটিং হল ও নতুন প্যাসেঞ্জার প্ল্যাটফর্ম শেড নির্মাণ করা হয়েছে এবং পাওয়াখালিতে ৩টি পুরুষ ও ২টি মহিলা শৌচালয় এবং ঠাকুরগঞ্জে ২টি পুরুষ ও ২টি মহিলা শৌচালয় নির্মাণ করা হয়েছে। অতিরিক্তভাবে স্টেশনগুলিতে যাত্রীদের জন্য পানীয় জলের সুবিধা প্রদান করা হয়েছে। ট্রেনে যাত্রীদের বোর্ডিং ও ডি-বোর্ডিং-এর জন্য প্ল্যাটফর্মের উচ্চতা বৃদ্ধি করা হয়েছে।

এই সেকশনে ০১টি গুরুত্বপূর্ণ ব্রিজ, ০৮টি মেজর ব্রিজ ও ০১টি মেজর রোড আন্ডার ব্রিজ এবং ৪৩টি মাইনোর ব্রিজ রয়েছে।

## চন্ডীগড় এক্সপ্রেসের চাকায় ধোঁয়া, চলন্ত ট্রেন থেকে ঝাঁপ যাত্রীদের

লখনউ, ১৪ জুন (হি. স.): নির্ধারিত গন্তব্যের দিকে ছুটছিল ট্রেন। হঠাৎ চাকা দিয়ে বের হতে থাকে ধোঁয়া। দেখতে পেয়ে আতঙ্কে চলন্ত ট্রেন থেকে ঝাঁপ দেন যাত্রীরা। শুক্রবার ঘটনাটি ঘটেছে চন্ডীগড় এক্সপ্রেসে।

জানা গেছে, বিজনৌর জেলার চন্দক স্টেশনের কাছে ট্রেনের চাকা থেকে ধোঁয়া বেরোতে দেখে প্রাণ বাঁচাতে চলন্ত ট্রেন থেকেই ঝাঁপ দেন কিছু যাত্রী। তবে ঘটনায় এখনও পর্যন্ত হতাহতের কোনও খবর নেই। ঘটনাস্থলে পৌঁছয় রেলের বিশেষ সুরক্ষা দল। পুরো ঘটনার তদন্ত শুরু হয়েছে।

## নট পরীক্ষার্থীদের স্বার্থ রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ কেন্দ্র : ধর্মেন্দ্র প্রধান

নয়াদিল্লি, ১৪ জুন (হি.স.): নিট পরীক্ষার্থীদের স্বার্থ রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ কেন্দ্রীয় সরকার। পরীক্ষার্থী ও তাঁদের অভিভাবকদের আশ্বস্ত করলেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। শুক্রবার সামাজিক মাধ্যম এক্স-এ কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান জানিয়েছেন, পরীক্ষার্থীদের সমস্ত উদ্বেগ ন্যায্যতা ও ন্যায়সঙ্গততার সঙ্গে সমাধান করা হবে। কারও কোনও অসুবিধা হবে না।

শুক্রবার ধর্মেন্দ্র প্রধান আরও জানিয়েছেন, নিট পরীক্ষার সঙ্গে সম্পর্কিত তথ্যগুলি সুপ্রিম কোর্টের জ্ঞাতসারে রয়েছে। তিনি জানান, সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী কেন্দ্রীয় সরকার পরীক্ষার্থীদের মঙ্গলের জন্য প্রয়োজনীয় সমস্ত ব্যবস্থা নেবে। তিনি আরও জানান, শীঘ্রই নিট-এর কাউন্সেলিং প্রক্রিয়া শুরু হবে এবং কোনও বিভ্রান্তি ছাড়াই এই দিকে এগিয়ে যাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## ভুল করেই এনডিএ সরকার গঠন হয়েছে, মোদীজি জনাদেশ পাননি : খাড়গে

বেঙ্গালুরু, ১৪ জুন (হি.স.): কেন্দ্রে এনডিএ সরকার গঠন নিয়ে কটাক্ষ করলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। তাঁর কথায়, ভুল করেই এনডিএ সরকার গঠন হয়েছে, মোদীজি জনাদেশ পাননি। শুক্রবার বেঙ্গালুরুতে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মল্লিকার্জুন খাড়গে বলেছেন, এটি একটি সংখ্যালঘু সরকার। যে কোনও সময় এই সরকারের পতন হতে পারে।

খাড়গে আরও বলেছেন, আমরা চাই সরকার টিকে থাকুক, দেশের মঙ্গল হোক, দেশকে শক্তিশালী করতে আমাদের একসঙ্গে কাজ করতে হবে।

# লাগাতার বৃষ্টিতে তিস্তার জল বেড়ে ভয়াবহ পরিস্থিতি সিকিম ও কালিম্পংয়ে

দার্জিলিং ও কালিম্পং, ১৪ জুন (হি. স.) : লাগাতার বৃষ্টিতে তিস্তার জল বেড়ে ভয়াবহ পরিস্থিতি সিকিম ও কালিম্পংয়ের। তিস্তার জল রাস্তায় উঠে পড়ায় সম্পূর্ণরূপে বিপর্যস্ত ১০ নম্বর জাতীয় সড়কে যানচলাচল। সিকিমে প্রবল বৃষ্টির কারণে বুধবার রাত থেকেই ব্যাপক আকারে জল বাড়তে থাকে তিস্তার। বৃহস্পতিবার পরিস্থিতি আরও ভয়াবহ আকার নেয়। তিস্তার জলস্রোতে নদীগর্ভে চলে যায় একাধিক পাহাড়ি পথ। শুক্রবার বিপর্যস্ত ১০ নম্বর জাতীয় সড়কে ছোট ছোট গাড়ি চলচল শুরু করলেও, বড় বড় গাড়ি গরুবাথান হয়ে গ্যাংটকে যাচ্ছে বলে কালিম্পং জেলা পরিষদ সূত্রে খবর।

গত তিন-চারদিন ধরে লাগাতার বর্ষণ চলছে সিকিমে। প্রবল বর্ষণে সিকিমের একাধিক জায়গায় ধস নামে। গত সোমবার সিকিমে ধসের কারণে প্রাণ হারায় তিন বাসিন্দা। এখনও উত্তর সিকিমে একাধিক জায়গা ধসে বিধ্বস্ত। একেবারেই লণ্ডভণ্ড পরিস্থিতি। জায়গায় জায়গায় আটকে আছেন প্রায় ১৫০০ পর্যটক। মোবাইল নেটওয়ার্ক বসে যাওয়ায় তাঁদের সঙ্গে পরিজনদের যোগাযোগ কার্যত বিচ্ছিন্ন। খারাপ আবহাওয়ায় উদ্ধার কাজ ব্যাহত হচ্ছে। প্রবল বৃষ্টিতে ফুঁসছে তিস্তা। তিস্তার জল বেড়ে যাওয়ায় ক্ষতিগ্রস্ত হয় কালিম্পং জেলার তিস্তা বাজার এলাকায়। তবে তিস্তা বাজার এলাকায় পরিস্থিতি একপ্রকার নিয়ন্ত্রণে বলে জানাল প্রশাসন।

সার্বিক বন্যা পরিস্থিতি মোকাবিলায় শুক্রবার জরুরি ভিত্তিতে কালিম্পংয়ের চিত্রেতে বৈঠক করেন কালিম্পং জেলা প্রশাসনের কর্তারা। কালিম্পং জেলাশাসক শ্রী বালসুব্রহ্মণ্যম বলেন, 'বর্তমানে তিস্তা ভয়ংকর গতিতে প্লাবিত হচ্ছে। সিকিমের সব বাঁধ খুলে দেওয়ায় বৃষ্টির জল সরাসরি তিস্তা দিয়ে বাংলায় প্রবেশ করছে। যার দরুন অল্প বৃষ্টিতে তিস্তার জল দ্রুত বেড়ে উঠছে। সেই কারনে যানবাহন চলাচলের ক্ষেত্রে বিশেষ কিছু নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। কিছু যানবাহনকে ঘুর পথে লাভা, লোলেগাঁও, গরুবাথান হয়ে শিলিগুড়ি যাওয়া আসার কথা বলা হয়েছে। গ্যাংটকে দেড় হাজারের বেশি দেশি-বিদেশি পর্যটক আটকে রয়েছেন বলে জানা গিয়েছে। তাঁদের ঘুর পথে সমতলে নামানোর চেষ্টা করছে সিকিম প্রশাসন। কিন্তু আবহাওয়া খারাপ থাকায় থমকে যাচ্ছে সেই চেষ্টা। বিপর্যস্ত সিকিমকে স্বাভাবিক করতে কাজ করছে ভারতীয় সেনা।

# উজ্জয়িনীতে একটি বাড়ি থেকে উদ্ধার ১৪.৬০ কোটি টাকা, পুলিশ পাকড়াও করল ৯ জনকে

উজ্জয়িনী, ১৪ জুন (হি.স.): মধ্যপ্রদেশের উজ্জয়িনীতে একটি বাড়ি থেকে ১৪ কোটি ৬০ লক্ষ কোটি টাকা উদ্ধার করল পুলিশ। পাশাপাশি পুলিশ পাকড়াও করেছে ৯ জনকে। এছাড়াও ১০টি মোবাইল ফোন, ৭টি ল্যাপটপ বাজেয়াপ্ত করেছে। তবে, মূল অভিযুক্ত পীযূষ চোপড়া পলাতক। শুক্রবার আইজি সন্তোষ কুমার সিং বলেছেন, 'উজ্জয়িনী পুলিশ একটি বাড়িতে অভিযান চালিয়ে ১৪ কোটি ৬০ লক্ষ টাকা নগদ এবং ৭ কেজি রুপো এবং ৭টি দেশের বৈদেশিক মুদ্রা উদ্ধার করেছে। পুলিশ বুকিদের দ্বিতীয় আস্তানায় অভিযান চালিয়ে ৯ জনকে গ্রেফতার করেছে। তাদের কাছ থেকে ১০টির বেশি মোবাইল ও ৭টি ল্যাপটপ বাজেয়াপ্ত করা হয়েছে। মূল অভিযুক্ত পীযূষ চোপড়া এখনও পলাতক।'

আইজি সন্তোষ কুমার সিং আরও বলেছেন, গতকাল অভিযানের সময় অনলাইন গেমিংয়ের অভিযুক্তদের গ্রেফতার করা হয় এবং বিদেশী মুদ্রাও বাজেয়াপ্ত করা হয়।

এছাড়া উদ্ধার করা হয়েছে ১৪ কোটি ৬০ লক্ষ টাকা। মোবাইল ফোন, ল্যাপটপ এবং আই প্যাডের মতো বেশ কিছু ইলেকট্রনিক গ্যাজেট বাজেয়াপ্ত করা হয়েছে। গ্রেফতার করা হয়েছে ৯ জনকে। মূল অভিযুক্ত এখনও পলাতক এবং আমাদের দল তাকে খুঁজছে।'

# লোকসভার অধ্যক্ষ নির্বাচন ২৬ জুন, বিজেপিকে সমর্থনের আশ্বাস কে সি ত্যাগীর

নয়াদিল্লি, ১৪ জুন (হি.স.) : লোকসভার অধ্যক্ষ পদের জন্য বিজেপি যাকে মনোনীত করবে তাঁকেই জেডিইউ সমর্থন করবে। শুক্রবার এই কথা বললেন জেডিইউ মুখপাত্র কে সি ত্যাগী। তিনি বলেছেন, 'টিডিপি ও জেডিইউ এনডিএ-র সঙ্গে রয়েছে। আমরা বিজেপির পক্ষ থেকে মনোনীত ব্যক্তিকে (স্পিকারের জন্য) সমর্থন করব।'

প্রসঙ্গত, লোকসভার অধ্যক্ষ নির্বাচন হবে আগামী ২৬ জুন। অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন শুরু হবে এই মাসের ২৪ তারিখ।

অধিবেশন চলাকালীন নবনির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠিত হবে। লোকসভা ও রাজ্যসভার যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণ এবং তাঁর ভাষণ নিয়ে আলোচনাও এই অধিবেশনে অনুষ্ঠিত হবে। চলতি মাসের ২৭ তারিখ রাজ্যসভার অধিবেশন শুরু হবে। আগামী মাসের ৩ তারিখে সংসদ অধিবেশন শেষ হবে।

# আইসিসির মাস সেরার পুরস্কার জিতলেন ওয়েস্ট ইন্ডিজের গুদাকেশ মোতি

দুবাই, ১৪ জুন (হি. স.): টি-টোয়েন্টি বিশ্বকাপে ওয়েস্ট ইন্ডিজের সময়টা ভালই যাচ্ছে। গেল জানুয়ারিতে ওয়েস্ট ইন্ডিজের তরুণ পেসার শামার জোসেফ অস্ট্রেলিয়ার বিরুদ্ধে বল হাতে দুর্দান্ত পারফরম্যান্স করে আইসিসির মাস সেরা পুরস্কার জিতেছিলেন।

এবার বিশ্বকাপ চলাকালীন আরেক ক্যারিবীয় ক্রিকেটার স্পিনার গুদাকেশ মোতি আইসিসির মে মাসের সেরা খেলোয়াড় নির্বাচিত হলেন।

তিনি পেছনে ফেলেছেন পাকিস্তানের শাহীন আফ্রিদি ও আয়ারল্যান্ডের লরকান টাকারকে। বাহাতি স্পিনার মোতি এবার টি-টোয়েন্টি বিশ্বকাপেও ভালো বোলিং করছেন। মে মাসে ঘরের মাঠে মোতি দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে তিন ম্যাচ সিরিজে দারুণ বোলিং করেছিলেন। তিন ম্যাচ থেকে তিনি নিয়েছেন ৮ উইকেট। তার পারফরম্যান্সে ভর করে ওয়েস্ট ইন্ডিজ হোয়াইটওয়াশ করেছিল দক্ষিণ আফ্রিকাকে।

## অন্ধ্রে মন্ত্রক বন্টন : আইন-শৃঙ্খলা নিজের হাতেই রাখলেন চন্দ্রবাবু, সত্য পেলেন স্বাস্থ্য

বিজয়ওয়াড়া, ১৪ জুন (হি.স.): নিজ মন্ত্রিসভায় মন্ত্রক বন্টন করলেন অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী এন চন্দ্রবাবু নাইডু। আইন-শৃঙ্খলা নিজের হাতেই রাখলেন চন্দ্রবাবু নাইডু, সত্য কুমার যাদব পেয়েছেন স্বাস্থ্য মন্ত্রক। উপ-মুখ্যমন্ত্রী পবন কল্যাণ পঞ্চায়েতি রাজ, পরিবেশ, বন, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের দায়িত্ব সামলাবেন।

নারা লোকেশ পেয়েছেন এইচআরডি, আইটি ইলেকট্রনিক্স এবং কমিউনিকেশন। অনিথা ভাঙ্গালাপুডি স্বরাষ্ট্র ও দুর্য়োগ ব্যবস্থাপনা মন্ত্রকের মন্ত্রী হয়েছেন। সত্য কুমার যাদবের হাতে স্বাস্থ্য মন্ত্রক এবং অন্ধ্রপ্রদেশের অর্থমন্ত্রী হয়েছেন পয়্যাভুলা কেশব। বাণিজ্য ও শিল্পমন্ত্রী এবং খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রী হয়েছেন টি জি ভরত, বিদ্যুৎমন্ত্রী হয়েছেন জি রবি কুমার।

## আমেদাবাদে কাপড়ের গুদামে বিধ্বংসী আগুন, হতাহতের খবর নেই

আমেদাবাদ, ১৪ জুন (হি. স.) : শুক্রবার সকালে আমেদাবাদের একটি কাপড়ের গুদামে আগুন লাগে। জানা গেছে, খবর পেয়ে ঘটনাস্থলে দমকলের ১৮টি ইঞ্জিন পৌঁছয়। ওই গুদামের পাশেই একটি বড় কমপ্লেক্স থাকায় আগুন সেখানেও লেগে যাওয়ার সম্ভাবনা ছিল। কিন্তু দমকলবাহিনীর তৎপরতায় দ্রুত আগুন নিয়ন্ত্রণে আসে।

পরিস্থিতি কিছুটা নিয়ন্ত্রণে আসতেই গুদাম থেকে জিনিসপত্র বের করা শুরু করেন কর্মচারীরা। তবে আগুন লাগার কারণ এখনও জানা যায়নি। কেউ হতাহত হয়নি বলেই খবর। ঘটনার তদন্ত হবে বলে জানানো হয়েছে।

# দেশজুড়ে আদিবাসীদের সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে মন্ত্রক কোনও প্রয়াস ছাড়বে না: জুয়াল ওরাম

নয়াদিল্লি, ১৪ জুন ।। আজ নতুন দিল্লিতে কেন্দ্রীয় আদিবাসী বিষয়ক মন্ত্রীর দায়িত্বভার গ্রহণ করেছেন জুয়াল ওরাম। আদিবাসী বিষয়ক মন্ত্রীকে এই অনুষ্ঠানে স্বাগত জানান মন্ত্রকের সচিব বিভু নায়ার এবং মন্ত্রকের অন্যান্য পদস্থ আধিকারিকরা।

মন্ত্রকের দায়িত্বভার গ্রহণের পর জুয়াল ওরাম তাঁর ওপর আস্থা রাখার জন্য এবং আদিবাসী সম্প্রদায়ের উন্নয়নে কাজ করার সুযোগ দেওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সংবাদমাধ্যমকে সম্বোধন করে জুয়াল ওরাম জানান, গত ১০ বছরে প্রধানমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রক সারা দেশে আদিবাসীদের সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে অসাধারণ কাজ করেছে। আগামীতে আদিবাসীদের ৩৬০ ডিগ্রি উন্নয়নের অঙ্গীকার ব্যক্ত করেন তিনি।

দায়িত্ব গ্রহণের পর শ্রী ওরাম মন্ত্রকের উর্ধতন কর্মকর্তাদের নিয়ে একটি বৈঠকে পৌরহিত্য করেন এবং চলমান বিভিন্ন কর্মসূচি ও প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করে দেখেন।

শ্রী ওরাম দেশের আদিবাসী সম্প্রদায়ের সার্বিক বিকাশ সুনিশ্চিত করতে সকল আধিকারিকদের কোন প্রকার প্রয়াস বাদ না রাখার নির্দেশ দেন। জুয়াল ওরাম ১৯৯৮ সাল থেকে সুন্দরগড় নির্বাচনী এলাকার প্রতিনিধিত্ব করে দ্বাদশ, ত্রয়োদশ, চতুর্দশ, ষোড়শ এবং সপ্তদশ লোকসভার সদস্য ছিলেন। প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ী যখন মন্ত্রিসভা গঠন করেন, তখন শ্রী ওরাম ১৯৯৯ সালের ১৩ই অক্টোবর প্রথম কেন্দ্রীয় আদিবাসী বিষয়ক মন্ত্রী হিসাবে শপথ গ্রহণ করেছিলেন।

## অর্থমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ ন্যাশনাল স্টক এক্সচেঞ্জের কর্মকর্তার

নয়াদিল্লি, ১৪ জুন (হি. স.): শুক্রবার কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের সঙ্গে সাক্ষাৎ করেন ন্যাশনাল স্টক এক্সচেঞ্জের পরিচালক ও মুখ্য কার্য্যনির্বাহী আধিকারিক আশিস চৌহান।

অর্থমন্ত্রকের পক্ষ থেকে এক্স হ্যান্ডেলে জানানো হয়েছে, এদিন অর্থমন্ত্রকে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমনের সঙ্গে দেখা করেন ন্যাশনাল স্টক এক্সচেঞ্জের পরিচালক ও মুখ্য কার্য্যনির্বাহী আধিকারিক আশিস চৌহান। যদিও এই বৈঠক নিয়ে কোনও বিস্তারিত তথ্য পেশ করা হয়নি অর্থমন্ত্রকের পক্ষ থেকে।

উল্লেখ্য, ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ দেশের বৃহত্তম শেয়ার লেনদেনকারী সংস্থা। এর সদর দফতর মুম্বইতে। এটি ১৯৯২ সালে প্রতিষ্ঠিত হয়েছিল। শেয়ার লেনদেনের বিচারে এটি বিশ্বের তৃতীয় বৃহত্তম স্টক এক্সচেঞ্জ।

## রাজস্থানে ট্রেলার ও ট্যাঙ্কারের মুখোমুখি সংঘর্ষে ঝলসে মৃত্যু চালকের

বিলারা, ১৪ জুন (হি. স.): রাজস্থানে ট্রেলার ও ট্যাঙ্কারের মুখোমুখি সংঘর্ষ। দুর্ঘটনায় আগুন ধরে যায় ট্যাঙ্কারটিতে। ঘটনাটি ঘটে রাজস্থানের পিচিয়াক বাইপাস এলাকায়। গাড়িতেই আটকে পড়েন ট্যাঙ্কারটির চালক। বাইরে বেরতে না পেরে অগ্নিদগ্ধ হয়ে নিহত হন ট্যাঙ্কার চালক। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ।

## পেশায় পুলিশ কনস্টেবল, লক্ষাধিক গাছ লাগিয়ে সবুজায়ন লক্ষ্য হরিয়ানার ট্রি ম্যানের

চন্ডীগড়, ১৪ জুন (হি.স.): পেশায় তিনি পুলিশ, লক্ষ্য ধরিত্রীর সবুজায়ন। আর সেই লক্ষ্যে ইতিমধ্যেই লক্ষাধিক বৃক্ষরোপণ করেছেন হরিয়ানার ট্রি ম্যান। পেশায় পুলিশ কনস্টেবল দেবেন্দর সুরা ""'ট্রি ম্যান অফ হরিয়ানা'''' হিসেবেই পরিচিত। বসুন্ধরাকে সবুজ করে তোলার প্রয়াসে দিন-রাত কাজ করে চলেছেন তিনি।

শুধুমাত্র হরিয়ানার সোনিপতে লক্ষাধিক গাছ লাগিয়েছেন তিনি, বাহবা কুড়িয়েছেন অসংখ্য মানুষের। শুক্রবার ''''ট্রি ম্যান অফ হরিয়ানা'''' নিজের মুখেই বলেছেন, 'আমি মনে করি, যদি একটি শহরকে পরিকল্পনামাফিক সবুজ করা যায়, তাহলে একই পরিকল্পনার মাধ্যমে সমগ্র দেশকে সবুজ করা যেতে পারে... এই অনুপ্রেরণা নিয়ে আমি হরিয়ানার সোনিপত থেকে বৃক্ষরোপণ অভিযান শুরু করেছি... আমি ২০১২ সালে এই বৃক্ষরোপণ কর্মসূচি শুরু করেছি।'

## শুক্রবার ফ্লোরিডায় আয়ারল্যান্ডের মুখোমুখি যুক্তরাষ্ট্র, ম্যাচটার দিকে তাকিয়ে গোটা পাকিস্তান

কলকাতা, ১৪ জুন (হি. স.):শুক্রবার পাকিস্তানের ভাগ্য ঠিক হবে যুক্তরাষ্ট্র-আয়ারল্যান্ড ম্যাচের ওপর। সমীকরণ বলছে এ ম্যাচে পাকিস্তানের শেষ আটে যাওয়ার সম্ভাবনা যেমন তৈরি হতে পারে, তেমনই তা নিমিষের মধ্যেই ধূলিসাৎ হয়ে যেতে পারে। তাই সন্দেহাতীতভাবে এদিন রাত সাড়ে ৮টায় ফ্লোরিডায় এই ম্যাচটার দিকে তাকিয়ে গোটা পাকিস্তান ।গত ১২ তারিখ ভারতের কাছে যুক্তরাষ্ট্র হারার ফলে পাকিস্তানের সুপার এইটে যাওয়ার সম্ভাবনা খানিকটা তৈরি হয়েছে। তবে শুক্রবার এই ম্যাচে যুক্তরাষ্ট্র আর এক পয়েন্ট পেলেই এবারের মতো বিশ্বকাপ থেকে বিদায় নিতে হবে ২০০৯ সালের চ্যাম্পিয়ন পাকিস্তানকে।

"এ" গ্রুপে তিন ম্যাচ শেষে পাকিস্তানের একটি জয়ে পয়েন্ট সংখ্যা ২, অপরদিকে সমান ম্যাচ শেষে যুক্তরাষ্ট্রের পয়েন্ট ৪। ফলে আর এক পয়েন্ট দরকার যুক্তরাষ্ট্রের সুপার এইটে যাওয়ার জন্য। আর তিন ম্যাচে তিন জয়ে এরইমধ্যে সুপার এইটে চলে গেছে শক্তিশালী ভারত।

## কঙ্গোয় নৌকাডুবি, মৃত অন্তত ৮০

কঙ্গো, ১৪ জুন (হি. স.): পশ্চিম কঙ্গোর নদীতে নৌকাডুবি। মৃত অন্তত ৮০। কঙ্গোর মাই—এনডোম্ব প্রদেশের মুশি শহর থেকে প্রায় ৭০ কিলোমিটার দূরের কোয়া নদীতে একটি নৌকা ডুবে ৮০ জনের বেশি মানুষের মৃত্যু হয়। কঙ্গোর প্রেসিডেন্ট ফেলিক্স শিসেকেদি কঙ্গো—ব্রাজাভিলের সীমান্তের কাছে কোয়া নদীতে প্রাণহানির ঘটনায় শোকপ্রকাশ করেছেন।আহতদের ক্ষতিপূরণ দেওয়ার কথা বলেছেন প্রেসিডেন্ট। গোটা ঘটনায় তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। শুক্রবার মাই-এনডোম্ব প্রদেশের গভর্নর রিটা বোলা জানান, রাতে নৌকা চলাচলের জেরেই এই দুর্ঘটনা ঘটেছে। বহন ক্ষমতার চেয়ে বেশি মানুষ ওঠাতেই এই দুর্ঘটনা বলে জানিয়েছে প্রশাসন।

## ১০ মাসে ৭ প্যারোল, আবারও ২১ দিনের প্যারোলের আবেদন রাম রহিমের

চণ্ডীগড়, ১৪ জুন (হি. স.): বিগত ১০ মাসে ৭ বার প্যারোলে মুক্তি পেয়েছেন ধর্ষণে অভিযুক্ত স্বঘোষিত ধর্মগুরু রাম রহিম। এবার ফের একবার আদালতে ২১ দিনের প্যারোল চেয়ে ফের তিনি আবেদন করলেন। ডেরা সাচ্চা সৌদার একটি অনুষ্ঠানের কথা বলে তিনি প্যারোলে মুক্তির আবেদন জানিয়েছেন। তাঁকে ফের প্যারোলে মুক্তি দেওয়া হবে কিনা তা নিয়ে শুনানি হবে ২ জুলাই। প্রসঙ্গত, ২৯ জানুয়ারি আদালত প্রশ্ন তোলে ২০ বছর জেলের আসামীকে কেন এতবার প্যারোলে মুক্তি দেওয়া হচ্ছে।

প্রসঙ্গত, ধর্ষণের অভিযোগে রাম রহিমকে কুড়ি বছরের কারাদণ্ড দিয়েছিল হরিয়ানার পঞ্চকুলা আদালত। এই ঘটনার কথা প্রকাশ্যে আনার জন্য খুন হতে হয় এক সাংবাদিককে।

## বিশ্বকাপ থেকে শ্রীলঙ্কার বিদায়

কলকাতা, ১৪ জুন (হি. স.): বৃহস্পতিবার রাতে নেদারল্যান্ডসকে ২৫ রানে হারিয়ে বিশ্বকাপের সুপার এইটের দিকে এগিয়ে গেছে বাংলাদেশ। আর বৃহস্পতিবার বাংলাদেশের এই জয়ের ফলে বিশ্বকাপ থেকে বিদায় নিল শ্রীলঙ্কা।"ডি" গ্রুপ থেকে ৩ ম্যাচ থেকে ৬ পয়েন্ট নিয়ে সবার আগে সুপার এইটে চলে গেছে দক্ষিণ আফ্রিকা। অন্যদিকে ৩ ম্যাচ থেকে ৪ পয়েন্ট নিয়ে টেবিলের দুইয়ে আছে বাংলাদেশ।

**NIT NO: e-PNIT-03/EE/ RDD/STC/2024-2025 Dated:-13/06/2024**

The Executive Engineer, R.D Satchand Division, Sabroom, South Tripura invites e-tender from eligible bidders up to 11:00 A.M. of 20/06/2024 for 01(One) construction works. For details visit website- https://tripuratenders.gov.in and contact at M-8414936533. Any subsequent corrigendum will be available in the website only.

ICA/C / 241/24
Rostostay
**ICA/C-241/24**

**Executive Engineer- RD Satchand Division Sabroom, South Tripura**

**PRESS NOTICE INVITING e-TENDER NO: e-PT-04/ EE/RD/KGT/DIV/2024-25, dt:13.06.2024**

On behalf of the Governor of Tripura, The Executive Engineer, R D Kumarghat Division, Kumarghat, Unakoti, Tripura invites Percentage rate e-tender on double bid system from the 27.06.2024 for 01 no. work. For details visit website eligible bidders up to 11.00 A.M. of https:// tripuratenders.gov.in leprocure.gov.in and may contact at ph. No.9612590474 (M)/ e- mail een1kqt@gmail.com. Any subsequent corrigendum will be available in the website only.

**ICA/C-231/24**

**Exember**
**Executive Engineer**
**RD Kumarghat Division**

**Press Notice Inviting Auction**
**No. 06/EEJRN/PWD/2024-25, Dated: 11/06/2024**

Separate Sealed tender/auction invited on behalf of the "Governor of Tripura" from the Central & state public sector undertaking/enterprise and eligible Contractors/Firms/Agencies enlisted/registered in appropriate class under Tripura PWD, TTAADC, MES, Railways, CPWD and other state PWD for sale of RCC Over in PWD form no. 7 (Seven) for the following work:-

| SL. No. | Name of work | Reserve value | Earnest money | Time for completion | Last Date & Time for Issue of the Auction Form | Last Date & Time for Receipt of Tender |
|---|---|---|---|---|---|---|
| 1 | "Up-gradation of Jirania Community Health Centre (CHC) to 50 (fifty) bedded Sub-Divisional Hospital Building [ Triple storied ] including 16 nos. staff quarters /SH: Demolition of existing 11Nos Old & 2Nos Unusable abandoned quarters at Jirania CHC Complex & Clearing of site & make the site free from all debris etc complete, . DNIT No. 40/DNIT/EE/JRN/PWD(R&B)2024-25 | ₹ 4,03,997.00 | ₹ 8,080.00 | 15(Fifteen) Days | Up to 5.00 on 24-06-2024 | At 15.00 Hrs on 25-06-2024 |

Time for receipt of application for issue of Tender form W.e.f 11-06-2024 to 24-06-2024 Last Date and Time of submission of Tender is: 25-06-2024 up to 15.00 Hrs
Date and Time for opening of Tender: 25-06-2024 up to 15.30 Hrs
Tender form Fee: Rs. 1,000 each, (Non refundable).
Note: *NO NEGOTIATION WILL BE CONDUCTED WITH THE LOWEST TENDERER*
**ICA/C/921/24**

**For and on behalf of the Governor of Tripura**
**ExecutiveEngineer**
**Jirania Division, PWD(R&B)**
**Jirania, West Tripura eejirania@gmail.co**

# কাজের সন্ধান

## মাধ্যমিক, আইটিআই পাশদের পরীক্ষা ছাড়াই কর্পোরেট সেক্টরে এপ্রেন্টিস

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** সারা দেশ জুড়ে বিভিন্ন কর্পোরেট সেক্টরে এপ্রেন্টিস নিয়োগের জন্য অনলাইনে অথবা ডাকযোগে দরখাস্ত পাঠাতে বলা হয়েছে, আসন সংখ্যা এই মুহূর্তে কয়েক হাজার হলেও এইচ.বি.এফ-এ ২৫৩টি। শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২২ জুন, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে। এইচ.বি.এফ-এর ক্ষেত্রে বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর জন্য পরে ডাকা হবে। ইচ্ছুক উপযুক্ত প্রার্থীরা যে-কোনও একটির ট্রেডের উদ্দেশ্যে অনলাইনে দরখাস্ত পাঠাতে পারেন। অন্যান্য কর্পোরেট সেক্টরের জন্যও অনলাইনে দরখাস্ত পাঠানোর সুবিধা রয়েছে। ইন্টারভিউ বা সাক্ষাৎকারের সময়সূচি পরে জানানো হবে। বিস্তারিত খবর হলো —

প্রার্থীদের যোগ্যতা অনুযায়ী কেবলমাত্র যে-কোনও একটি ডিসিপ্লিন-এর জন্য অনলাইনে এঁদের ওয়েবসাইটে আবেদন করতে পারেন ২২ জুনের মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদন করার শেষ তারিখ ২২ জুন। যদি কোনও প্রার্থী একাধিক ট্রেড বা ডিসিপ্লিন-এর জন্য আবেদন করেন, তাঁর সমস্ত আবেদন বাতিল করা হবে। একইভাবে একাধিক ডিভিশনেও আবেদন করা যাবে না। অধিকতর পেশাগত যোগ্যতা যথা বিই/ বিটেক/ এমবিএ/ এমসিএ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের কম যোগ্যতার ডিসিপ্লিনে বিবেচনা করা হবে না। সময়ে সময়ে প্রযোজ্য ভারত সরকারের নির্দেশাবলী অনুসারে ট্রেড এবং অবস্থানের জন্য প্রযোজ্যমতো প্রতি মাসে নির্ধারিত হারে স্টাইপেন্ড দেওয়া হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাবলী পেয়ে যাবেন কর্পোরেট সেক্টরের নির্দিষ্ট ওয়েবসাইটে 'এপ্রেন্টিস' ট্যাব-এ। আবেদন করার কৌশল বা পদ্ধতিও পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশী পের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে ফোনে যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। প্রার্থিবাছাই পদ্ধতির বিস্তারিত সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে জানানো হবে এবং কল লেটার পাঠানো হবে।

ভারতীয় কেন্দ্রীয় সরকারের আন্ডারটেকিং এধরনের কর্পোরেট সেক্টরে ট্রেড এপ্রেন্টিস ট্রেনিংয়ের যথেষ্ট প্রয়োজন রয়েছে। পরবর্তী সময়ে ওই সমস্ত কর্পোরেট সেক্টরে চাকরির ক্ষেত্রে এপ্রেন্টিস সার্টিফিকেট অর্জনকারীদের বিশেষ সুবিধা দেওয়া হয়। এইচ.বি.এফ-এ ট্রেড এপ্রেন্টিস হিসেবে যোগদান করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ২২-০৬-২০২৪-এর হিসেবে অনূর্ধ্ব ২৪ বছর বয়স হলে আবেদন করতে পারেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষণ যেমন থাকবে, তেমনি বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। আসন সংখ্যার বিশদ বিভাজন ট্রেড ভিত্তিক সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন এঁদের ওয়েব সাইটে, 'এপ্রেন্টিস' ট্যাব লিঙ্কে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর - ২৪-০১/ এইচ.বি.এফটিএস/ ৫৯তম টিএ/ ২০২৪। তারিখ ৮ জুন, ২০২৪। ডিভিশন ও ট্রেড অনুযায়ী আসন সংখ্যার বিভাজন এই রকম — ট্রেড এপ্রেন্টিস নন-আইটিআই ক্যাটেগরির ক্ষেত্রে, ক্রমিক নং (১) ঃ ফিটার, শূন্যপদের সংখ্যা ৩২টি। এর মধ্যে ১৬টি অসংরক্ষিত, ৯টি ওবিসি, ৭টি এসসি প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (২) ঃ মেশিনিস্ট, শূন্যপদের সংখ্যা ৩৬টি। এর মধ্যে ১৮টি অসংরক্ষিত, ১০টি ওবিসি, ৭টি এসসি, ১টি এসটি প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (৩) ঃ ওয়েল্ডার, শূন্যপদের সংখ্যা ২৪টি। এর মধ্যে ১২টি অসংরক্ষিত, ৭টি ওবিসি, ৫টি এসসি প্রার্থীর জন্য সংরক্ষিত। এক্স-আইটিআই ক্যাটেগরির ক্ষেত্রে, ক্রমিক নং (৪) ঃ ইলেকট্রিশিয়ান, শূন্যপদের সংখ্যা ৩৮টি। এর মধ্যে ২০টি অসংরক্ষিত, ১২টি ওবিসি, ৫টি এসসি, ১টি এসটি প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (৫) ঃ ইলেকট্রনিক্স মেকানিক, শূন্যপদের সংখ্যা ১০টি। এর মধ্যে ৭টি অসংরক্ষিত, ৩টি ওবিসি প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (৬) ঃ ফিটার, শূন্যপদের সংখ্যা ৪৫টি। এর মধ্যে ২৪টি অসংরক্ষিত, ১৩টি ওবিসি, ৮টি এসসি প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (৭) ঃ মেশিনিস্ট, শূন্যপদের সংখ্যা ৪৩টি। এর মধ্যে ২৩টি অসংরক্ষিত, ১৪টি ওবিসি, ৫টি এসসি, ১টি এসটি প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (৮) ঃ পেইন্টার, শূন্যপদের সংখ্যা ৫টি। এর মধ্যে ৩টি ওবিসি ও ২টি এসসি প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (৯) ঃ ওয়েল্ডার, শূন্যপদের সংখ্যা ২০টি। এর মধ্যে ১৩টি অসংরক্ষিত, ২টি ওবিসি, ৫টি এসসি প্রার্থীর জন্য সংরক্ষিত। মোট শূন্যপদের মধ্যে আবার ৮টি পদ শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীদের জন্য সংরক্ষিত। প্রতিটি পদের যোগ্যতা, অভিজ্ঞতা, বয়সের উর্ধ্বসীমা, প্রতি মাসের মূল সাম্মানিক মাইনে বা স্টাইপেন্ড, প্রসেসিং ফি, আবেদন করার কৌশল ইত্যাদি জানার জন্য এঁদের ওয়েবসাইটে লগ অন করে জেনে নিতে হবে। প্রয়োজনে প্রদত্ত হোয়াটসঅ্যাপ নম্বরে যোগাযোগ স্থাপন করেও জেনে নিতে পারেন।

## আইবিপিএস পরীক্ষার মাধ্যমে গ্রামীণ ব্যাঙ্কে ৯,৯৯৫ চাকরি

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে ৯,৯৯৫ কর্মী নিয়োগ হবে ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্ক সহ দেশীয় আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কগুলিতে। অফিসার পদের ক্ষেত্রে নিয়োগের জন্য যোগ্যতা নির্ণয়ের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা হবে এবছরের আগস্ট মাসে। পরীক্ষার নির্দিষ্ট দিনক্ষণ কল লেটারে জানানো হবে। ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আইবিপিএস) এই পরীক্ষা নেবে। পরীক্ষার নাম 'কমন রিটেন এগ্জামিনেশন ফর রিক্রুটমেন্ট অফ অফিসার্স-স্কেল-ওয়ান, টু অ্যান্ড থ্রি অ্যান্ড অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) ইন রিজিওন্যাল রুর‍্যাল ব্যাঙ্কস্। পরীক্ষায় সফল হলে গ্রুপ-এ অফিসার —স্কেল-ওয়ান, স্কেল-টু ও স্কেল-থ্রি এবং গ্রুপ-বি অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) পদে নিয়োগ হওয়ার প্রাথমিক যোগ্যতা অর্জন করবেন এবং তখন নিয়োগ হবে ভারতের বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৪৩টি গ্রামীণ ব্যাঙ্কে। এই ৪৩টি গ্রামীণ ব্যাঙ্কের মধ্যে ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের মতো পশ্চিমবঙ্গ ও আসামেরও বেশ কিছু ব্যাঙ্ক রয়েছে। সারা দেশ জুড়ে প্রায় অর্ধশতাধিক গ্রামীণ ব্যাঙ্ক থাকলেও সংযুক্তির কারনে তা এখন ৪৩-এ ঠেকেছে। অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগের জন্য এই লিখিত পরীক্ষায় সফল হতেই হবে। এরপর হবে সফল প্রার্থীদের ইন্টারভিউ, গ্রুপ ডিসকাশন। এসবের জন্য বিভিন্ন গ্রামীণ ব্যাঙ্কে বিজ্ঞাপন দিয়ে প্রার্থীদের ডাকা হবে। এতে সফল হলে তবেই চাকরি।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ্ অন করে। অনলাইনে আবেদন করার শেষ তারিখ ২৭ জুন। এজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি থাকা চাই। অফিস অ্যাসিস্ট্যান্ট বা অফিসার দুটি পদের জন্যই আলাদা আলাদা দরখাস্তপূরণ করে আলাদা আলাদা ফি দিয়ে আবেদন করা যাবে। দরখাস্ত করার আগে নিজের ফটো (২০০ বাই ২৩০ পিক্সেলে ২০-৫০ কেবি সাইজে) ও সই —সাদা কাগজে কালো কালিতে করা (১৪০ বাই ৬০ পিক্সেলে ১০-২০ কেবি সাইজে) স্ক্যান করে নেবেন। পরে তা আপলোড করতে হবে। নির্দিষ্ট ডিক্লারেশন এবং থাম্ব ইমপ্রেশনও স্ক্যান করে রাখতে হবে। এরপর অনলাইনে দরখাস্ত পূরণ করে সাবমিট করবেন। তখন পাবেন রেজিস্ট্রেশন ও পাসওয়ার্ড। এগুলি নিজের কাছে রেখে দেবেন। সাবমিট হয়ে গেলে অনলাইন দরখাস্তের একটি প্রিন্ট-আউট নিয়ে নেবেন। সেটিকে কোথাও পাঠাবেন না। পরে কাজে লাগবে। আবেদনের নির্ধারিত ফি-এর টাকা অনলাইন/ অফলাইনেও দিতে পারেন। আবেদন করার ক্ষেত্রে আনুসঙ্গিক খরচও প্রার্থীকেই বহন করতে হয়। অনলাইনে ফি দিতে চাইলে দরখাস্তপূরণ করার সময় একটি নির্দিষ্ট কলামে তা উল্লেখ করতে হবে এবং পূরণ করা দরখাস্ত সাবমিট করলে অনলাইনে ফি দেওয়ার নির্দেশ পাবেন। অনলাইনে ফি দেওয়া যাবে মাস্টার্স/ ভিসা ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ডের মাধ্যমে অথবা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এক্ষেত্রে ফি জমা দিলে একটি ই-রিসিপ্ট পাবেন। এটির প্রিন্ট আউট নিয়ে রাখবেন। পরে প্রয়োজন হবে। অনলাইনে দরখাস্ত করতে হলে সাইটে গিয়ে কমন রিটেন এগজামিনেশন লিঙ্কে ক্লিক করবেন। খুবই সাবধানে ফর্ম পূরণ করবেন, কোনও রকম ভুল হওয়া থেকে বিরত থাকবেন। প্রয়োজনে ঘরে বসে অনলাইনে পরীক্ষার ফি জমা দেওয়া, ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, প্রিন্ট আউট বের করে রাখা ইত্যাদি সামগ্রিক বিষয়ের জন্য এবং লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই বা হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। ফটো, সই ইত্যাদি আপলোড করে দরখাস্ত সাবমিট করা হয়ে গেলে রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন। কোনও অ্যাকনলেজমেন্ট পাবেন না, তাই সাবমিট করার পর দরখাস্তের একটা প্রিন্ট-আউটও নিয়ে রাখবেন। এই দরখাস্ত কোথাও পাঠাবেন না। অনলাইনে দরখাস্তের ফি ছাড়াও ব্যাঙ্ক চার্জ/ ট্রানজাকশন চার্জ লাগবে। পরীক্ষার কললেটার প্রার্থীদের কাছে ডাকযোগে পাঠানো হবে না। এঁদের ওয়েবসাইট থেকেই কললেটার ডাউনলোড করে প্রিন্ট আউট নিতে হবে।

অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) : যে কোনও শাখার গ্র্যাজুয়েট হতে হবে। নম্বরের কোনও কড়াকড়ি নেই। সঙ্গে যে এলাকার ব্যাঙ্কে নিয়োগ পেতে চান, সেখানকার স্থানীয় ভাষা যেমন ত্রিপুরার ক্ষেত্রে বাংলা অথবা ককবরক ভাষা জানতে হবে এবং ওই ভাষা মাধ্যমিক/ সমতুল স্তরে অন্যতম বিষয় হিসেবে থাকলে অগ্রাধিকার পাবেন। সারা দেশ জুড়ে শূন্যপদের সংখ্যা প্রায় ৫ হাজার হলেও রাজ্যওয়ারি গ্রামীণ ব্যাঙ্কের নিরিখে শূন্যপদের বিস্তারিত জানতে হলে এঁদের ওয়েবসাইটে দেখে নিতে হবে।

অফিসার্স স্কেল-ওয়ান (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার): যে কোনও শাখার গ্র্যাজুয়েট। নম্বরের কোনও কড়াকড়ি নেই। অ্যাগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজব্যান্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, অ্যাগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনোমিক্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি— এর যে কোনও একটিতে গ্র্যাজুয়েট হলে অগ্রাধিকার পাবেন। কম্পিউটারের জ্ঞান অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। সঙ্গে যে এলাকার ব্যাঙ্কে নিয়োগ পেতে চান, সেখানকার স্থানীয় ভাষা যেমন ত্রিপুরার ক্ষেত্রে বাংলা অথবা ককবরক ভাষা জানতে হবে এবং ওই ভাষা মাধ্যমিক/ সমতুল স্তরে অন্যতম বিষয় হিসেবে থাকলে অগ্রাধিকার পাবেন। সারা দেশ জুড়ে শূন্যপদের সংখ্যা প্রায় আড়াই হাজার হলেও রাজ্যওয়ারি গ্রামীণ ব্যাঙ্কের নিরিখে শূন্যপদের বিস্তারিত জানতে হলে এঁদের ওয়েবসাইটে দেখে নিতে হবে। একই পরীক্ষার মাধ্যমে অফিসার স্কেল টু এগ্রিকালচার, মার্কেটিং অফিসার, ট্রেজারি অফিসার, ল্ অফিসার, সি.এ., ইনফরমেশন টেকনোলজি, জেনারেল ব্যাঙ্কিং এবং অফিসার স্কেল গ্রেড থ্রি পদের জন্যও নিয়োগ করা হবে।

প্রিলিমিনারি পরীক্ষা নেওয়া হবে ৮০ নম্বরের, সময় পাবেন ৪৫ মিনিট। এতে সফল হলে অর্থাৎ সব পদের জন্যই নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাঙ্ক শাখার জন্য স্থানীয় ভাষায় দক্ষতা থাকা জরুরি। বয়স হতে হবে ১-৬-২০২৪ তারিখের হিসেবে অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। অফিসার্স স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। অফিসার্স স্কেল-টু পদের ক্ষেত্রে ২১ থেকে ৩২ বছরের মধ্যে। অফিসার্স স্কেল-থ্রি পদের ক্ষেত্রে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী যেমন ওবিসি হলে ৩ বছর, এসসি/এসটি হলে ৫ বছর, শারীরিকপ্রতিবন্ধীরা ১০, বিধবা/ডিভোর্সি এবং আইনত পতিসঙ্গহীনা মহিলারা শুধুমাত্র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৯ বছর ও প্রাক্তন সমরকর্মীরা নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। সবক্ষেত্রেই প্রশ্ন হবে ইংরিজি ভাষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ ধরনের। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুলের জন্য ০.২৫ নম্বর খোয়াতে হবে। অনলাইনে পরীক্ষার ক্ষেত্রে ত্রিপুরায় সেন্টার হবে আগরতলায়।

এই পরীক্ষায় প্রত্যেক বিভাগে এবং সামগ্রিকভাবে একটি ন্যূনতম নির্দিষ্ট নম্বর যে সব প্রার্থীরা পাবেন, কেবল তাঁদেরই পরীক্ষার স্কোর কার্ড দেওয়া হবে এবং পরীক্ষায় সফল হিসেবে বিবেচিত হবেন। এই ন্যূনতম নম্বর ঠিক হবে সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে গড় ১/৪-স্ট্যান্ডার্ড ডিভিয়েশন এবং সংরক্ষিত শ্রেণির প্রার্থীদের ক্ষেত্রে গড় ৩/৪-স্ট্যান্ডার্ড ডিভিয়েশন এই হিসেবে। লিখিত পরীক্ষায় সফল প্রার্থীদের স্কোর কার্ডপাঠানো হবে। এই কার্ডের বৈধ্যতা ইস্যুর তারিখ থেকে ১ বছর পর্যন্ত।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **কনস্টেবল, ট্রেডসম্যান (বিএসএফ),**
শূন্যপদ ঃ ৩৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ জুন,
বাছাইকৃতদের র‍্যালি, লিখিত পরীক্ষা, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **ফ্যাকাল্টি (এইমস),**
শূন্যপদ ঃ ৭৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৫৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ জুন,
বাছাইকৃতদের সাক্ষাৎকারের দিনক্ষণ ও কেন্দ্র বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **অ্যাসোসিয়েট, সায়েন্টিস্ট (আইআইটিএম),**
শূন্যপদ ঃ ৬৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, এমই, এমটেক, এমএসসি, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ জুন,
বাছাইকৃতদের অনলাইন ও অফলাইনে পরীক্ষার দিনক্ষণ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **সিনিয়র রেসিডেন্ট (এইমস),**
শূন্যপদ ঃ ১০৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ পিজি পাশ, পিএইচডি,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ জুন,
বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **স্টাফ নার্স (ত্রিপুরা মেডিকেল কলেজ)**
শূন্যপদ ঃ ২০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ জিএনএম, বিএসসি (নার্সিং) পাশ, অভিজ্ঞতা থাকতে হবে,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
সরাসরি দরখাস্ত জমার শেষ তারিখ ১৮ জুন,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ২৩ জুন, কেন্দ্র আগরতলা, বিস্তারিত এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **অ্যাক্ট এপ্রেন্টিস (রেল মন্ত্রক),**
শূন্যপদ ঃ ১০১০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ জুন,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর দিনক্ষণ ও কেন্দ্র বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **ডিপ্লোমা টেকনেশিয়ান (হ্যাল, প্রতিরক্ষা মন্ত্রক)**
শূন্যপদ ঃ ১১৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমাপাশ,
বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ জুন,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **ট্রেড এপ্রেন্টিস (ডিফেন্স ফ্যাক্টরি)**
শূন্যপদ ঃ ২৫৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২২ জুন,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (কর্পোরেট সেক্টর)**
শূন্যপদ ঃ ১৬৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ জুন,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **পিওন, নাইট গার্ড, এলডিসি, ইউডিসি (জেলা আদালত, বহিঃরাজ্য)**
শূন্যপদ ঃ ৯৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম পাশ থেকে শুরু, ডিগ্রিপাশ পর্যন্ত,
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ জুন,
বাছাইকৃতদের পরীক্ষা, সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **ফ্যাকাল্টি, সিনিয়র রেসিডেন্ট (টিএমসি),**
শূন্যপদ ঃ ২২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ নির্দিষ্ট ডাক্তারি যোগ্যতা পাশ,
বয়স ঃ বয়সের কোনও উর্ধ্বসীমা উল্লেখ নেই,
মেইলে বা ডাকযোগে দরখাস্ত পৌঁছুনোর শেষ তারিখ ২৪ জুন,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **সিনিয়র রেসিডেন্ট (জিপমার),**
শূন্যপদ ঃ ১০২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, এমএস পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ জুন,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **এয়ারক্রাফ্ট টেকনেশিয়ান (এয়ার ইঞ্জিনিয়ারিং),**
শূন্যপদ ঃ ১০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ জুন,
বাছাইকৃতদের স্কিল টেস্ট ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **প্রফেসর, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ইএসআইসি),**
শূন্যপদ ঃ ১২০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এমবিবিএস, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ জুন,
বাছাইকৃতরা সরাসরি ইন্টারভিউর জন্য ২৬ জুন উপস্থিত থাকবেন, তবে বিস্তারিত এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট, অফিসার (গ্রামীণ ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ৮,৫৯৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ গ্র্যাজুয়েট পাশ, অর্থাৎ বিএ/ বিকম/ বিএসসি/ বিবিএ/ বিসিএ/ এলএলবি ... ইত্যাদি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ জুন,
কম্পিউটার ভিত্তিকপরীক্ষা আগস্টে, কেন্দ্র আগরতলা, তারিখ কল লেটারে জানানো হবে।

## অনলাইনে দরখাস্ত পাঠিয়ে পরীক্ষা ছাড়াই কর্পোরেশনে এপ্রেন্টিস নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** সারা দেশ জুড়ে বিভিন্ন কর্পোরেট সেক্টরে এপ্রেন্টিস নিয়োগের জন্য অনলাইনে অথবা ডাকযোগে দরখাস্ত পাঠাতে বলা হয়েছে, আসন সংখ্যা এই মুহূর্তে সহস্রাধিক হলেও এন.এল.সি লিমিটেডে ১৬৩টি। শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ থেকে শুরু করে গ্র্যাজুয়েট পর্যন্ত সকলেই আবেদন করতে পারেন। অধিক নম্বর এবং আইটিআই পাশ হলে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ জুন। মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে। এন.এল.সি-এর ক্ষেত্রে বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর জন্য পরে ডাকা হবে। ইচ্ছুক উপযুক্ত প্রার্থীরা যে-কোনও একটির ট্রেডের উদ্দেশ্যে অনলাইনে দরখাস্ত পাঠাতে পারেন। অন্যান্য কর্পোরেট সেক্টরের জন্যও অনলাইনে দরখাস্ত পাঠানোর সুবিধা রয়েছে। ইন্টারভিউ বা সাক্ষাৎকারের সময়সূচি পরে জানানো হবে। বিস্তারিত খবর হলো —

প্রার্থীদের যোগ্যতা অনুযায়ী কেবলমাত্র যে-কোনও একটি ডিসিপ্লিন-এর জন্য অনলাইনে এঁদের ওয়েবসাইটে আবেদন করতে পারেন ২৩ জুনের মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদন করার শেষ তারিখ ২৩ জুন। যদি কোনও প্রার্থী একাধিক ট্রেড বা ডিসিপ্লিন-এর জন্য আবেদন করেন, তাঁর সমস্ত আবেদন বাতিল করা হবে। একইভাবে একাধিক ডিভিশনেও আবেদন করা যাবে না। অধিকতর পেশাগত যোগ্যতা যথা বিই/ বিটেক/ এমবিএ/ এমসিএ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের কম যোগ্যতার ডিসিপ্লিনে বিবেচনা করা হবে না। সময়ে সময়ে প্রযোজ্য ভারত সরকারের নির্দেশাবলী অনুসারে ট্রেড এবং অবস্থানের জন্য প্রযোজ্যমতো প্রতি মাসে নির্ধারিত হারে স্টাইপেন্ড দেওয়া হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাবলী পেয়ে যাবেন কর্পোরেট সেক্টরের নির্দিষ্ট ওয়েবসাইটে 'এপ্রেন্টিস' ট্যাব-এ। আবেদন করার কৌশল বা পদ্ধতিও পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশী পের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে ফোনে যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। প্রার্থিবাছাই পদ্ধতির বিস্তারিত সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে জানানো হবে এবং কল লেটার পাঠানো হবে।

ভারতীয় কেন্দ্রীয় সরকারের আন্ডারটেকিং এধরনের কর্পোরেট সেক্টরে ট্রেড এপ্রেন্টিস ট্রেনিংয়ের যথেষ্ট প্রয়োজন রয়েছে। পরবর্তী সময়ে ওই সমস্ত কর্পোরেট সেক্টরে চাকরির ক্ষেত্রে এপ্রেন্টিস সার্টিফিকেট অর্জনকারীদের বিশেষ সুবিধা দেওয়া হয়। এন.এল.সি-তে ট্রেড এপ্রেন্টিস হিসেবে যোগদান করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ২৩-০৬-২০২৪-এর হিসেবে ১৮ থেকে ৩৫ বছর বয়স হলে আবেদন করতে পারেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষণ যেমন থাকবে, তেমনি বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। আসন সংখ্যার বিশদ বিভাজন ট্রেড ভিত্তিক সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন এঁদের ওয়েব সাইটে, 'এপ্রেন্টিস' ট্যাব লিঙ্কে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর - এন.এল.সি / বিপি ০১/২০২৪/ এপ্রেন্টিস। তারিখ ১৩ জুন, ২০২৪। ডিভিশন ও ট্রেড অনুযায়ী আসন সংখ্যার বিভাজন এই রকম — আইটিআই ট্রেড এপ্রেন্টিস হিসেবে ক্রমিক নং (১) ঃ ইলেকট্রিশিয়ান, শূন্যপদ ৩০টি। ক্রমিকনং (২) ঃ ফিটার, শূন্যপদের সংখ্যা ২০টি। ক্রমিক নং (৩) ঃ ওয়েল্ডার, শূন্যপদের সংখ্যা ১২টি। ক্রমিকনং (৪) ঃ হর্টিকালচার, শূন্যপদের সংখ্যা ৮টি। ক্রমিক নং (৫) ঃ ওয়ারম্যান, শূন্যপদের সংখ্যা ৬টি। ক্রমিক নং (৬) ঃ প্লাম্বার, শূন্যপদের সংখ্যা ৫টি। ক্রমিক নং (৭) ঃ রেফ্রিজারেটর এন্ড এসি টেকনেশিয়ান, শূন্যপদের সংখ্যা ৩টি। ক্রমিক নং (৮) ঃ মেকানিক মোটর ভেহিকল, শূন্যপদের সংখ্যা ২টি। ডিপ্লোমা টেকনেশিয়ান এপ্রেন্টিস হিসেবে ক্রমিক নং (১) ঃ ফায়ার এন্ড সেফটি ইঞ্জিনিয়ারিং, শূন্যপদ ৩টি। ক্রমিক নং (২) ঃ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, শূন্যপদের সংখ্যা ১৫টি। ক্রমিক নং (৩) ঃ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, শূন্যপদের সংখ্যা ১৫টি। ক্রমিক নং (৪) ঃ সিভিল ইঞ্জিনিয়ারিং, শূন্যপদের সংখ্যা ২টি। ক্রমিক নং (৫) ঃ মাইনিং ইঞ্জিনিয়ারিং, শূন্যপদের সংখ্যা ৫টি। ক্রমিক নং (৬) ঃ মাইন সার্ভেয়িং, শূন্যপদের সংখ্যা ২টি। গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ারিং এপ্রেন্টিস হিসেবে ক্রমিক নং (১) ঃ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, শূন্যপদ ২টি। ক্রমিক নং (২) ঃ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, শূন্যপদের সংখ্যা ৮টি। ক্রমিক নং (৩) ঃ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, শূন্যপদের সংখ্যা ১০টি। ক্রমিকনং (৪) ঃ সিভিল ইঞ্জিনিয়ারিং, শূন্যপদের সংখ্যা ৪টি। ক্রমিক নং (৫) ঃ ফায়ার এন্ড সেফটি ইঞ্জিনিয়ারিং, শূন্যপদের সংখ্যা ২টি। ক্রমিক নং (৬) ঃ মাইনিং ইঞ্জিনিয়াবিং, শূন্যপদের সংখ্যা ৫টি। গ্র্যাজুয়েট নন-ইঞ্জিনিয়ারিং এপ্রেন্টিস হিসেবে ক্রমিক নং (১) ঃ বি-কম, শূন্যপদ ২টি। ক্রমিকনং (২) ঃ বিবিএ, শূন্যপদের সংখ্যা ২টি। সামগ্রিক হিসেবে মোট ১৬৩টি শূন্যপদের মধ্যে এসসি'র জন্য, এসটি'র জন্য, ওবিসি প্রার্থীর জন্য এবং ইডব্লিওএস প্রার্থীর জন্য সংরক্ষিত রয়েছে। অবশিষ্ট পদগুলো অসংরক্ষিত। এর মধ্যে আবার ৪ শতাংশ আসন শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত। প্রতিটি পদের যোগ্যতা, অভিজ্ঞতা, বয়সের উর্ধ্বসীমা, প্রতি মাসের মূল মাইনে বা স্টাইপেন্ড, প্রসেসিং ফি, আবেদন করার কৌশল ইত্যাদি জানার জন্য এঁদের ওয়েবসাইটে লগ অন করে জেনে নিতে হবে। প্রয়োজনে প্রদত্ত হোয়াটসঅ্যাপ নম্বরে যোগাযোগ স্থাপন করেও জেনে নিতে পারেন।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।**

* বিএসএফ-এ **কনস্টেবল, ট্রেডসম্যান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ জুন, বাছাইকৃতদের র‍্যালি, লিখিত পরীক্ষা, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশী পের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* এইমস-এ **ফ্যাকাল্টি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৫৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ জুন, বাছাইকৃতদের সাক্ষাৎকারের দিনক্ষণ ও কেন্দ্র বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* আইআইটিএম-এ **অ্যাসোসিয়েট, সায়েন্টিস্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, এমই, এমটেক, এমএসসি, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ জুন, বাছাইকৃতদের অনলাইন ও অফলাইনে পরীক্ষার দিনক্ষণ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

* এইমস-এ **সিনিয়র রেসিডেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ পিজি পাশ, পিএইচডি, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ জুন, বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* টিএমসি বা ত্রিপুরা মেডিকেল কলেজে **স্টাফ নার্স** পদে নিয়োগের জন্য সরাসরি দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ জিএনএম, বিএসসি (নার্সিং) পাশ, অভিজ্ঞতা থাকতে হবে, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), সরাসরি দরখাস্ত জমার শেষ তারিখ ১৮ জুন, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ২৩ জুন, কেন্দ্র আগরতলা, বিস্তারিত এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

* রেল মন্ত্রকের অধীনে **অ্যাক্ট এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০১০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ জুন, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর দিনক্ষণ ও কেন্দ্র বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* প্রতিরক্ষা মন্ত্রনালয়ের হ্যাল-এ **ডিপ্লোমা টেকনেশিয়ান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১১৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমাপাশ, বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ জুন, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* ডিফেন্স ফ্যাক্টরিতে **ট্রেড এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৫৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২২ জুন, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* কর্পোরেট সেক্টরে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৬৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ জুন, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* বহিঃরাজ্যে জেলা আদালতে **পিওন, নাইট গার্ড, এলডিসি, ইউডিসি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৯৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম পাশ থেকে শুরু, ডিগ্রি পাশ পর্যন্ত, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ জুন, বাছাইকৃতদের পরীক্ষা, সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* টিএমসি-তে **ফ্যাকাল্টি, সিনিয়র রেসিডেন্ট** পদে নিয়োগের জন্য ই-মেইলে বা ডাকযোগে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ নির্দিষ্ট ডাক্তারি যোগ্যতা পাশ, বয়স ঃ বয়সের কোনও উর্ধ্বসীমা উল্লেখ নেই, মেইলে বা ডাকযোগে দরখাস্ত পৌঁছুনোর শেষ তারিখ ২৪ জুন, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* জিপমার-এ **সিনিয়র রেসিডেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, এমএস পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ জুন, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* এয়ার ইঞ্জিনিয়ারিং-এ **এয়ারক্রাফ্ট টেকনেশিয়ান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ জুন, বাছাইকৃতদের স্কিল টেস্ট ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* ইএসআইসি-তে **প্রফেসর, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১২০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ এমবিবিএস, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ জুন, বাছাইকৃতরা সরাসরি ইন্টারভিউর জন্য ২৬ জুন উপস্থিত থাকবেন, তবে বিস্তারিত এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

* গ্রামীণ ব্যাঙ্কসমূহে **অ্যাসিস্ট্যান্ট, অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৮,৫৯৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ গ্র্যাজুয়েট পাশ, অর্থাৎ বিএ/ বিকম/ বিএসসি/ বিবিএ/ বিসিএ/ এলএলবি ... ইত্যাদি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ জুন, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা আগস্টে, কেন্দ্র আগরতলা, তারিখ কল লেটারে জানানো হবে।

# শীর্ষ তারকাদের তালিকায় আছেন অথচ ইউরো মিস করছেন এমন কিছু তারকার তালিকা

কলকাতা, ১৪ জুন (হি. স.): ক্লাব ফুটবল মরসুম শেষ হয়েছে। এবার আন্তর্জাতিক মঞ্চে দেশের হয়ে তারকাদের মনোনিবেশ করার সময়। এমন কিছু তারকা ফুটবলার আছেন যারা দেশের হয়ে ইউরোতে অংশ নিতে পারছেন না! সেই হতভাগ্য ফুটবলার কারা। এরলিং হ্যাল্যান্ড (নরওয়ে): ম্যানচেস্টার সিটির হয়ে মনে রাখার মতো কয়েকটি মরসুম খেলেছেন তিনি। তার পা থেকে এসেছে গোলের পর গোল।২০২২ সালে ম্যানচেস্টার সিটিতে যাওয়ার পর ৫২ গোল করে সর্বোচ্চ গোলদাতা হয়েছেন। প্রথম মরসুমে ক্লাবের সাথে ট্রেবল জিতেছিলেন। ক্লাব পর্যায়ে তার এই সাফল্য থাকা সত্ত্বেও, ২০২২ ফিফা বিশ্বকাপ এবং এখন ইউরো ২০২৪-এ খেলা হচ্ছে না তার। কারন কোন বড় আন্তর্জাতিক টুর্নামেন্টে নরওয়ের প্রতিনিধিত্ব করতে সক্ষম হননি। নরওয়ে ইউরোর জন্য তার যোগ্যতা গ্রুপে তৃতীয় স্থান অর্জন করেছে।মার্কাস রাশফোর্ড (ইংল্যান্ড): ২০২২ ফিফা বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে জায়গা করে নেওয়া ইংল্যান্ড দলের একটি অংশ হওয়া সত্ত্বেও, মার্কাস রাশফোর্ডকে ২৬ সদস্যের দল থেকে বাদ দেওয়া হয়েছে। ম্যানচেস্টার ইউনাইটেডের সঙ্গে ঘরোয়া মরসুম খারাপ হওয়ার কারণে। গাভি (স্পেন): ২০২২ সালের বিশ্বকাপে স্পেনের সর্বকনিষ্ঠ গোলদাতা হওয়ার পর, ১৯ বছর বয়সী গাভির এবারের ইউরোতে জায়গা পাওয়া নিশ্চিত ছিল। কিন্তু বার্সেলোনার এই মিডফিল্ডার গত নভেম্বরে জর্জিয়ার বিপক্ষে কোয়ালিফায়ার ম্যাচে ডান হাঁটুতে এসিএল চোট পেয়ে দশ মাসের মতো দলের বাইরে।সার্জ গ্যানাব্রি (জার্মানি): এবার উয়েফা চ্যাম্পিয়ন্স লিগে রিয়াল মাদ্রিদের সঙ্গে খেলার সময় বায়ার্ন মিউনিখের ফরোয়ার্ড সার্জ গ্যানাব্রি হ্যামস্ট্রিং ছেড়েছিল। তাই বাকি মরসুম তিনি আছেন মাঠের বাইরে। তাই জুলিয়ান নাগেলসম্যান তাকে দল থেকে বাদ দিয়েছেন।থিবাউট কোর্তোয়া (বেলজিয়াম): গত বছর তার বাম হাঁটুতে এসিএল ছিঁড়ে যাওয়ার কারণে প্রাক-মরসুমের সময় তাকে বাদ দেওয়া হয়েছিল। তবে মরসুমের শেষে খেলায় ফিরে আসেন এবং বরুসিয়া ডর্টমুন্ডের বিরুদ্ধে রিয়াল মাদ্রিদের উয়েফা চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে জয়ের পেছনে তার ভূমিকা ছিল। তারপরও কোর্তোয়াকে জার্মানি ভ্রমণের সময় বেলজিয়াম দলে অন্তর্ভুক্ত করা হয়নি। শোনা গেছে জাতীয় দলের অধিনায়কত্ব নিয়ে বিরোধের কারণে তাকে দলে অন্তর্ভুক্ত করা হয়নি।জ্যাক গ্রেলিশ (ইংল্যান্ড): ইউরোর আগে আন্তর্জাতিক প্রীতি ম্যাচের জন্য ম্যানেজার গ্যারেথ সাউথগেটের ঘোষিত ৩৩ সদস্যের অস্থায়ী স্কোয়াডের অংশ হওয়া সত্ত্বেও, জ্যাক গ্রিলিশকে জার্মানিতে যাওয়ার চূড়ান্ত দল থেকে বাদ দেওয়া হয়েছে। আসলে প্রিমিয়ার লিগের ২০টি খেলায় মাত্র তিনটি গোল করার কারণেই এবার তাকে ইউরো দল থেকে বাদ দেয়া হয়েছে। আলেকজান্ডার ইসাক (সুইডেন): নিউক্যাসল ইউনাইটেডের এই ফরোয়ার্ড প্রিমিয়ার লিগে দারুন পারফমেন্স করেছেন, ৩০টি খেলায় ২১ গোল করেছেন। কিন্তু তার দল সুইডেন এবারের ইউরোতে যোগ্যতা অর্জন করতে পারেনি। বেলজিয়াম এবং অস্ট্রিয়ার পিছনে তৃতীয় স্থান নিয়ে রয়েছে তার দল।

## চলতি বছরের বর্ষাকালীন অধিবেশনেই নতুন সরকারের প্রথম পূর্ণাঙ্গ বাজেট পেশ করতে পারেন নির্মলা

নয়াদিল্লি, ১৪ জুন (হি. স.): নতুন এনডিএ সরকার গঠনের পর ২৪ জুন লোকসভার প্রথম অধিবেশন বসতে চলেছে। সেই অধিবেশনেই লোকসভায় নবনির্বাচিত সাংসদরা শপথ গ্রহণ করবেন। অধিবেশন চলবে ৩ জুলাই পর্যন্ত। সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু এক্স হ্যান্ডেল থেকে প্রথম অধিবেশনের কথা ঘোষণা করেন।

সূত্রের খবর, অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন মিটতেই ২২ জুলাই থেকে শুরু হতে পারে সংসদের বর্ষাকালীন অধিবেশন। এই অধিবেশন চলতে পারে ৯ আগস্ট পর্যন্ত।

বর্ষাকালীন অধিবেশন চলাকালীন মোদী সরকার ২০২৪-২৫ এর জন্য পূর্ণাঙ্গ বাজেট পেশ করতে পারে। জানা যাচ্ছে, বর্ষাকালীন অধিবেশন শুরুর প্রথম দিনেই অর্থমন্ত্রী নির্মলা সীতারামন পেশ করতে পারেন বাজেট।

উল্লেখ্য, গত ১ ফেব্রুয়ারি অর্থমন্ত্রী নির্মলা সীতারামন ২০২৪-২৫ সালের অন্তর্বর্তী বাজেট পেশ করেছিলেন।

সেসময়ে বিগত ১০ বছরে মোদী সরকারের অর্থনৈতিক সাফল্য তুলে ধরেছিলেন তিনি।

## শোকের আবহ কেরলে, ৪৫ জন ভারতীয়ের দেহ নিয়ে কোচি ফিরল বায়ুসেনার বিমান

এর্নাকুলাম, ১৪ জুন (হি.স.): কুয়েতের বহুতল আবাসনে আগুন লাগার ঘটনায় নিহত ৪৫ জন ভারতীয়ের দেহ ফিরিয়ে আনা হল দেশে। শুক্রবার ভোরে বায়ুসেনার একটি বিমান কুয়েত থেকে কেরলের উদ্দেশে রওনা দেয়, বেলা ১১টার আগেই বিমানটি কোচি আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

কেরলজুড়ে এখন শুধুই শোকের আবহ। নিহতদের শ্রদ্ধা জানাতে বিমানবন্দরে এসেছেন কেরলের মুখ্যমন্ত্রী পিনারায় বিজয়ন। বিজেপি নেতা মুরলীধরন বলেছেন, 'ঘটনার পরই প্রধানমন্ত্রী একটি উচ্চপর্যায়ের বৈঠক ডেকেছেন। ভারত সরকারের অধীনে দেশবাসীর স্বার্থ সুরক্ষিত।' কেন্দ্রীয় মন্ত্রী সুরেশ গোপী বলেছেন, 'খুবই বেদনাদায়ক ঘটনা এটি।' প্রাথমিক ভাবে জানা গিয়েছে, নিহত ভারতীয় শ্রমিকদের মধ্যে অধিকাংশই কেরল এবং দক্ষিণ ভারতের অন্য রাজ্যগুলির বাসিন্দা। তাই বিমান প্রথমে কোচি বিমানবন্দরে অবতরণ করেছে। যে সকল নিহত শ্রমিকের বাড়ি উত্তর এবং পূর্ব ভারতের রাজ্যগুলিতে, তাঁদের দেহ নিয়ে দিল্লির উদ্দেশে রওনা দেবে বিমানটি। বিমানবন্দরেই রাখা থাকছে শববাহী অ্যাম্বুল্যান্স।

## ট্রাক ও লরির সংঘর্ষে ভয়াবহ দুর্ঘটনা অন্ধ্রে, প্রাণ হারালেন ৬ জন

অমরাবতী, ১৪ জুন (হি.স.): অন্ধ্রপ্রদেশের কৃষ্ণা জেলায় মিনি ট্রাক ও কন্টেনার লরির মধ্যে সংঘর্ষে প্রাণ হারালেন ৬ জন। শুক্রবার ভোরে দুর্ঘটনাটি ঘটেছে ক্রুথিভেন্নু মন্ডলের অন্তর্গত সিথানাপল্লী গ্রামের কাছে। পুলিশ জানিয়েছে, ভোর ৫টা নাগাদ এই দুর্ঘটনাটি ঘটেছে। মিনি ট্রাক ও কন্টেনার লরির চালক ও আরও ৩ জন দুর্ঘটনাস্থলেই প্রাণ হারান, পরে আরও একজনের মৃত্যু হয়।

পুলিশ জানিয়েছে, শুক্রবার ভোর ৫টা নাগাদ ক্রুথিভেন্নু মন্ডলের অন্তর্গত সিথানাপল্লী গ্রামের কাছে একটি মিনি ট্রাক ও কন্টেনার লরির মধ্যে সংঘর্ষ হয়। বিকট শব্দ শুনে দুর্ঘটনাস্থলেই ছুটে আসেন স্থানীয় বাসিন্দারা। মাছিলিপত্তনমের ডিএসপি সুবহানী বলেছেন, 'কাঠের সামগ্রী বহনকারী একটি ট্রাক্টরকে ওভারটেক করার সময় মিনি ট্রাকটি কন্টেনার লরিতে ধাক্কা মারে। ৫ জন ঘটনাস্থলেই মারা যায়, আর একজন হাসপাতালে নিয়ে যাওয়ার পথে মারা যায়।'

## উপনির্বাচনে মানিকতলায় লড়ছেন সুপ্তি, আরও ৩ আসনের প্রার্থী ঘোষণা তৃণমূলের

কলকাতা, ১৪ জুন (হি.স.): পশ্চিমবঙ্গের চারটি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে দলীয় প্রার্থীদের নাম ঘোষণা করল তৃণমূল কংগ্রেস। শুক্রবার সকালে তৃণমূলের তরফে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী, মানিকতলা কেন্দ্রে প্রয়াত সাধন পাণ্ডের স্ত্রী সুপ্তিকেই প্রার্থী করা হয়েছে। বাকি তিন বিধানসভা কেন্দ্রের প্রার্থীদের নামও জানিয়ে দিয়েছে রাজ্যের শাসকদল।

বিবৃতিতে জানানো হয়েছে, রায়গঞ্জে প্রার্থী হচ্ছেন এই বিধানসভা কেন্দ্রেরই প্রাক্তন বিধায়ক কৃষ্ণ কল্যাণী। রানাঘাট দক্ষিণ কেন্দ্রে প্রার্থী হচ্ছেন প্রাক্তন বিধায়ক মুকুটমণি অধিকারী। আর বাগদা কেন্দ্রে প্রার্থী হচ্ছেন দলের রাজ্যসভার সাংসদ মমতাবালা ঠাকুরের কন্যা মধুপর্ণা ঠাকুর। উল্লেখ্য, গত বিধানসভা নির্বাচনে কলকাতার মানিকতলা কেন্দ্রে জয়ী হয়েছিলেন বর্ষীয়ান তৃণমূল নেতা প্রয়াত সাধন পাণ্ডে। রাজ্যের প্রাক্তন মন্ত্রী সাধন ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে মারা যান। কিন্তু তার পর দীর্ঘ দিন মানিকতলা বিধায়কহীন থাকলেও সেখানে উপনির্বাচন হয়নি।

গত ১০ জুন নির্বাচন কমিশন এই চার বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের দিনক্ষণ জানিয়ে দেয়। চার কেন্দ্রেই নির্বাচন হবে আগামী ১০ জুলাই। ভোটগণনা হবে ১৩ জুলাই। কমিশন জানিয়েছে, উপনির্বাচনে প্রার্থীদের মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন ২১ জুন। মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ২৬ জুন।

## কেজরির জামিন-আর্জির শুনানি ১৯ জুন, এএপি প্রধানের আরও এক আবেদন আদালতে

নয়াদিল্লি, ১৪ জুন (হি.স.): দিল্লির মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টি (এএপি)-র প্রধান অরবিন্দ কেজরিওয়ালের জামিন-আর্জির শুনানি হবে আগামী ১৯ জুন। ওই দিন এএপি প্রধানের পেশ করা হবে দিল্লির রাউস অ্যাভিনিউ আদালতে। আদালতে আরও একটি আবেদন জানিয়েছেন কেজরিওয়াল, সেই আবেদনের প্রেক্ষিতে তিহার জেল কর্তৃপক্ষের জবাব চেয়েছে দিল্লির রাউস অ্যাভিনিউ আদালত।

## কুয়েতে শর্ট সার্কিটেই অগ্নিকাণ্ড, আটক ২

কুয়েত সিটি, ১৪ জুন (হি. স.) : বুধবার কুয়েতে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে গিয়েছে। এই ঘটনার পর নড়েচড়ে বসেছে কুয়েতের প্রশাসন। শুক্রবার জানা গেছে, অগ্নিকাণ্ডের ঘটনায় ২ জনকে আটক করেছে কুয়েতি কর্তৃপক্ষ। খরচ কমানোর জন্য যেসব সংস্থা বিপদসংকুল পরিস্থিতিতে বিপুল সংখ্যক বিদেশি শ্রমিক রেখে আইন লঙ্ঘন করে, তাদের বিরুদ্ধে এবার ব্যবস্থা নেওয়া হবে।

কুয়েতের দমকল বিভাগ প্রাথমিক পরীক্ষার পর জানিয়েছে, শর্ট সার্কিট থেকেই এই অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। ঘটনায় ২জনকে আটক করা হয়েছে। নিরাপত্তায় অবহেলার কারণে হত্যা ও আঘাত সহ বেশ কিছু অভিযোগে আটক করা হয়েছে তাদের। জানা গেছে, তদন্তে নেমে একটি বিশেষ দল ঘটনাস্থল পরিদর্শন করে এবং হাসপাতালে হয়ে আহতদের জিজ্ঞাসাবাদ করে।

উল্লেখ্য, ভয়াবহতার দিক থেকে এটি কুয়েতের ইতিহাসে সবচেয়ে ভয়ঙ্কর অগ্নিকাণ্ড। আর নিহতের সংখ্যার নিরিখে এটি কুয়েতের দ্বিতীয় বৃহত্তম অগ্নিকাণ্ড। ২০০৯ সালে এক মহিলা স্বামীর দ্বিতীয় বিয়েতে ক্ষুব্ধ হয়ে বিয়ের অনুষ্ঠানে অগ্নিসংযোগের ঘটনা ঘটায়। তাতে শিশু সহ ৫৬ জনের মৃত্যু হয়েছিল।

## ভারত অভূতপূর্ব উন্নতির পথে এগিয়ে চলেছে : উপ-রাষ্ট্রপতি

জয়সলমের, ১৪ জুন (হি.স.): ভারত অভূতপূর্ব উন্নতির পথে এগিয়ে চলেছে। জোর দিয়ে বললেন উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়। শুক্রবার সকালে রাজস্থানের জয়সলমের-এ সীমান্ত রক্ষী বাহিনীর (বিএসএফ) ১৫৪ ব্যাটেলিয়নের সৈনিক সম্মেলনে অংশ নেন উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়। নিজের বক্তৃতায় উপ-রাষ্ট্রপতি এদিন বলেছেন, 'ভারত অভূতপূর্ব উন্নতির পথে এগিয়ে চলেছে। কয়েক বছর আগে আমাদের অর্থনীতি উদ্বেগের বিষয় ছিল... এখন ভারত বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতি।'

উপ-রাষ্ট্রপতি আরও বলেছেন, '৩৪ বছর আগে দেশকে নিরাপদ রাখতে দেশের সোনা বন্ধক ছিল, তখন আমাদের ফরেন এক্সচেঞ্জ কম ছিল। এখন আমাদের ফরেন এক্সচেঞ্জ এক সপ্তাহে বিলিয়ন বেড়েছে।' এদিন সকালে উপ-রাষ্ট্রপতিকে গার্ড অফ অনারে অভিবাদন জানানো হয়। উপ-রাষ্ট্রপতি ও তাঁর স্ত্রী সুদেশ ধনখড় বৃক্ষরোপণও করেছেন।

## ওড়িশা বিধানসভার প্রোটেম স্পিকার হলেন রণেন্দ্র, দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালনের অঙ্গীকার

ভুবনেশ্বর, ১৪ জুন (হি.স.): ওড়িশা বিধানসভার প্রোটেম স্পিকার হিসেবে শপথ নিলেন বিজু জনতা দল (বিজেডি)-এর বিধায়ক রণেন্দ্র প্রতাপ সোয়াইন। শুক্রবার প্রোটেম স্পিকার হিসেবে শপথবাক্য পাঠ করেছেন তিনি। শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপাল রঘুবর দাস ও মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি।

প্রোটেম স্পিকার হিসেবে শপথ নেওয়ার পর রণেন্দ্র প্রতাপ সোয়াইন বলেছেন, 'আমি বর্তমান মুখ্যমন্ত্রী ও প্রাক্তন মুখ্যমন্ত্রীর প্রতি কৃতজ্ঞ। আমি আশা করছি, আমাকে যে দায়িত্ব দেওয়া হয়েছে তা আমি মর্যাদার সঙ্গে পালন করতে সক্ষম হব।'

## বরুশিয়াকে বিদায় জানালেন টেরজিক

লন্ডন, ১৪ জুন (হি. স.): ডর্টমুন্ডকে চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে উঠানো কোচ এডিন টেরজিকের সঙ্গে সম্পর্ক ছিন্ন করল বরুশিয়া।

প্রায় এক দশক আগে থেকে বরুশিয়ার সঙ্গে আছেন টেরজিক। ক্লাবের সিনিয়র কর্মকর্তাদের সঙ্গে আলোচনার পর সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন তিনি। ২০২৫ সাল পর্যন্ত টেরিজিকের সঙ্গে চুক্তি ছিল।

৪১বছর বয়সী এই কোচ বলেছেন, 'ওয়েম্বলির ম্যাচ শেষে ক্লাব কর্তাদের সঙ্গে আমি একটা মিটিং ডেকেছিলাম। প্রায় এক দশক ধরে আমি এই ক্লাবের হয়ে কাজ করছি। আমার এখন মনে হয়েছে, ক্লাবের টাচলাইনে একজন নতুন মানুষ দরকার।'

টেরজিকের বিদায়ের ঘোষণা করে ফেসবুকে একটি ভিডিও শেয়ার করেছে বরুশিয়া। সেই ভিডিওতে অশ্রুসজল দেখা গেছে জার্মান কোচের।

টেরজিকের অধীনে ২০২২-২৩ মরসুমে গোল ব্যবধানে লিগ শিরোপা হারায় বরুশিয়া। লেভারকুসেনের লিগ জেতার এ মরসুমে পাঁচে থেকে মরশুম শেষ করেছে তারা। আর তাতেই সুযোগ মিলছে আগামী মরসুমে চ্যাম্পিয়ন্স লিগে খেলার।

## পুণেতে বেসরকারি বাসে আগুন, দমকলের চেষ্টায় এল নিয়ন্ত্রণে

পুণে, ১৪ জুন (হি.স.): মহারাষ্ট্রের পুণেতে আগুন লাগল একটি বেসরকারি বাসে। শুক্রবার পুণের নাসিক ফাটার কাছে একটি বেসরকারি বাসে আগুন ধরে যায়, মুহূর্তের মধ্যেই গোটা বাসটি আগুনের গ্রাসে চলে যায়। দাউদাউ করে জ্বলতে থাকে আগুন। খবর পাওয়ার পর ঘটনাস্থলে আসে দমকল, দীর্ঘ চেষ্টার পর আগুন আয়ত্তে এসেছে।

দমকলের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার পুণের পিম্পরি চিঞ্চওয়াড় এলাকায় নাসিক

## পিঠ-কাঁধ মজবুত রাখতে, মনসংযোগ বাড়াতে সহায়ক ত্রিকোণাসন, যোগ দিবসের আগে ভিডিও-বার্তা মোদীর

নয়াদিল্লি, ১৪ জুন (হি. স.): আন্তর্জাতিক যোগ দিবসের আগে দেশবাসীকে সুস্থ থাকার পরামর্শ দিতে এক্স হ্যান্ডেলে প্রায়দিনই বিভিন্ন যোগাসনের পদ্ধতি ও গুণাবলী সম্পর্কে জানাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আন্তর্জাতিক যোগ দিবসের ঠিক এক সপ্তাহ আগে শুক্রবারও এক্স হ্যান্ডেলে ভিডিও পোস্ট করে যোগাসনের উপকারিতার কথা উল্লেখ করেছেন মোদী। এদিন ভিডিওতে ত্রিকোণাসন করার পদ্ধতি দেখানো হয়েছে। তাতে উল্লেখ করা হয়েছে, ত্রিকোণাসন অনুশীলন করলে পিঠ এবং কাঁধ মজবুত হয়। এটি মনসংযোগ বাড়াতেও খুব সহায়ক।

যোগ দিবসের অনুষ্ঠানকে প্রধানমন্ত্রী প্রথম থেকেই বিশেষ গুরুত্ব দিয়ে আসছেন। এর আগে রাষ্ট্রসংঘেও যোগ দিবসের অনুষ্ঠানে যোগ দেন তিনি। বস্তুত, তাঁর উদ্যোগেই রাষ্ট্রসংঘ ২১ জুনকে আন্তর্জাতিক যোগ দিবস হিসাবে ঘোষণা করে।

## নাসাউ স্টেডিয়াম ভেঙে করা হবে পার্ক

নিউইয়র্ক, ১৪ জুন (হি. স.): নিউইয়র্কের নাসাউ কাউন্টি ক্রিকেট স্টেডিয়াম। যেখানে খেলা হচ্ছে টি-টোয়েন্টি বিশ্বকাপের ম্যাচগুলো। বলা যেতে পারে এই স্টেডিয়াম হয়েছিল বিশ্বকাপের ম্যাচ হওয়ার জন্য। আর বিশ্বের প্রথম 'মডিউলার' ক্রিকেট স্টেডিয়াম বলা হয় এই স্টেডিয়ামকেই। স্টিল ও অ্যালুমিনিয়াম দিয়ে তৈরি এই স্টেডিয়াম। চাইলেই স্থানান্তর করা যাবে এই স্টেডিয়াম।

যুক্তরাষ্ট্রে বিশ্বকাপ আয়োজনের কর্মযজ্ঞের একটা বিস্ময়কর নিদর্শন নাসাউ কাউন্টি ক্রিকেট স্টেডিয়াম। শুধুমাত্র বিশ্বকাপ আয়োজনের জন্য এই স্টেডিয়াম নির্মাণ করেছিল যুক্তরাষ্ট্র। এই মাঠে গ্রুপ পর্বের প্রথম দিকের কিছু ম্যাচ হয়েছিল। এবার আর এই স্টেডিয়ামে কোন ম্যাচ হচ্ছে না। এবার সব ম্যাচ চলে যাবে ওয়েস্ট ইন্ডিজে। তাই আর থাকছে না এই স্টেডিয়ামও।

নিউইয়র্কের ইস্ট মিডো অঞ্চলে আইজেনহাওয়ার পার্কের একটা অংশে গড়ে তোলা হয়েছিল নাসাউ কাউন্টি স্টেডিয়াম। ৩৪ হাজার দর্শক ধারণক্ষমতার এই স্টেডিয়ামের স্থাপনার সংযুক্তি খুলে ও বুলডোজারের মাধ্যমে ভেঙে ফেলে অন্যত্র সরিয়ে নেওয়া হবে। এই স্টেডিয়াম ভাঙার কাজ শুরু হওয়ার অপেক্ষায়।

স্টেডিয়ামটি ভেঙে সরিয়ে ফেলতে প্রায় ৬ সপ্তাহ সময় লাগবে বলে জানানো হয়েছে।

## ভয়াবহ দাবানল আলমোরার অরণ্যে, নিহত ৪ বনকর্মী

আলমোরা, ১৪ জুন (হি. স.): শুক্রবারও জ্বলছে উত্তরাখণ্ডের আলমোরার জঙ্গল। ভয়াবহ দাবানল নেভাতে ভারতীয় বায়ুসেনার হেলিকপ্টার মোতায়েন করা হয়েছে।

উল্লেখ্য, বৃহস্পতিবার ভয়াবহ দাবানলে পুড়ে ছাই হয়ে যায় উত্তরাখণ্ডের আলমোরার জঙ্গলের একাংশ। আলমোরার বিনসার অভয়ারণ্যে বিধ্বংসী অগ্নিকাণ্ডে বৃহস্পতিবার তিনজন বন বিভাগের কর্মী-সহ ৪ জনের মৃত্যু হয়েছে এবং আরও ৪ জন গুরুতর জখম হয়েছেন বলে জানা গেছে। আগুন নেভানোর জন্য ৮ সদস্যের দল ওই অভয়ারণ্যে পৌঁছানোর পর এই বিপত্তি ঘটে। তীব্র হাওয়ার দাপটে আগুনের শিখা দ্রুত ছড়িয়ে পড়ে। আহতদের বিমানে করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি এই ঘটনায় গভীর শোক ব্যক্ত করেছেন। তিনি মৃতদের পরিবারপিছু ১০ লক্ষ টাকা করে আর্থিক সহায়তা করবেন বলেও জানিয়েছেন।

## দিল্লি অথবা অন্য কোনও রাজ্যকে জল দিতে প্রস্তুত হিমাচল : মুখ্যমন্ত্রী সুখু

শিমলা, ১৪ জুন (হি.স.): জলের জন্য রীতিমতো হাহাকার অবস্থা রাজধানী দিল্লিতে। এই পরিস্থিতিতে স্বস্তির কথা জানালেন হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু। শুক্রবার মুখ্যমন্ত্রী সুখু বলেছেন, দিল্লি অথবা অন্য কোনও রাজ্যকে জল দিতে সম্পূর্ণ প্রস্তুত রয়েছে হিমাচল প্রদেশ।দিল্লিতে জল সংকট প্রসঙ্গে মুখ্যমন্ত্রী সুখু বলেছেন, 'হিমাচল প্রদেশ থেকে হরিয়ানা হয়ে দিল্লিতে প্রবেশ করে জল, তাই দিল্লি সরকারকে হরিয়ানা সরকারের সঙ্গে একটি চুক্তি করতে হবে...হিমাচল প্রদেশে পর্যাপ্ত জল রয়েছে এবং আমরা জল দিতেও প্রস্তুত।'

## মধ্যপ্রদেশের দাতিয়ায় ট্র্যাক্টর-ট্রলি উল্টে মৃত্যু ৪ জনের, কমপক্ষে ২০ জন আহত

দাতিয়া, ১৪ জুন (হি.স.): মধ্যপ্রদেশের দাতিয়া জেলায় ট্র্যাক্টর-ট্রলি উল্টে প্রাণ হারালেন ৪ জন। মৃতদের মধ্যে দুই বালিকা ও দুই মহিলা রয়েছেন। এই দুর্ঘটনায় আহত হয়েছেন কমপক্ষে ২০ জন। শুক্রবার ভোরে এই দুর্ঘটনাটি ঘটেছে। পুলিশ জানিয়েছে, শুক্রবার ভোর ৪.৩০ মিনিট নাগাদ একটি ট্র্যাক্টর-ট্রলি উল্টে মৃত্যু হয়েছে ৪ জনের, সবাই মন্দিরে যাচ্ছিলেন, তখন দুর্ঘটনাটি ঘটেছে।

## মেখলিগঞ্জে বজ্রপাতে মৃত্যু বিএসএফ জওয়ানের

মেখলিগঞ্জ, ১৪ জুন (হি. স.) : কর্তব্যরত অবস্থায় বজ্রপাতে মৃত্যু হল এক বিএসএফ জওয়ানের। ঘটনাটি ঘটেছে কোচবিহার জেলার মেখলিগঞ্জের তিনবিঘা এলাকায়।

বিএসএফ সূত্রে জানা গিয়েছে, মৃতের নাম বিপি শর্মা। বাড়ি বিহারের আরওয়ালে। তিনি বিএসএফের ৬ নম্বর ব্যাটালিয়নের ভীম আউট পোস্টে হেড কনস্টেবল পদে ছিলেন।

জানা গিয়েছে, শুক্রবার সকালে মেখলিগঞ্জের কুচলিবাড়ির তিনবিঘা করিডর সীমান্তে কর্তব্যরত অবস্থায় ছিলেন বিপি শর্মা। সেই সময় বজ্রপাতে মৃত্যু হয় তাঁর। প্রসঙ্গত, সম্প্রতি দিনহাটা সীমান্তে বজ্রপাতে মৃত্যু হয় এক বিএসএফ জওয়ানের। জখম হন কয়েকজন।

## ইউসুফ পাঠানের বিরুদ্ধে উঠল জমি দখলের অভিযোগ, নোটিশ পাঠাল পুরসভা

বরোদা, ১৪ জুন (হি. স.) : বহরমপুর লোকসভা কেন্দ্রের তৃণমূল সাংসদ ইউসুফ পাঠানের বিরুদ্ধে উঠল জমি দখল করার অভিযোগ। ইউসুফ পাঠান তাঁর বাড়ি লাগোয়া একটি প্লটের জমি বেআইনিভাবে দখল করে প্রাচীর তুলেছেন। এই অভিযোগে বরোদা পুরসভা নোটিশ পাঠাল তৃণমূল সাংসদকে।

বরোদা পুরসভার অভিযোগ, ইউসুফ পাঠান জোর করে জমি দখল করে বেআইনিভাবে প্রাচীর তুলেছেন। স্থানীয় বিজেপি কাউন্সিলর জানান, ২০১২ সালে বরোদার তানাদালজা এলাকায় একটি জমি কেনেন ইউসুফ পাঠান। তার লাগোয়া যে জমিটি, সেটিও নাকি তিনি কেনার চেষ্টা করেন। কিন্তু ওই জমিটি পুরসভার। তাই পাঠানের জমি কেনার প্রস্তাব খারিজ করে দেয় পুরসভা। পরে পুর বৈঠকে পাঠানের জমি কেনার প্রস্তাব পাশ হলেও, রাজ্য সরকারের তরফে তা খারিজ করা হয়।

## নিট-ইউজি বিতর্কে এনটিএ-কে সুপ্রিম নোটিশ, ৮ জুলাই শুনানি শীর্ষ আদালতে

নয়াদিল্লি, ১৪ জুন (হি.স.): নিট-ইউজি বিতর্কে এবার ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এনটিএ)-কে নোটিশ পাঠাল সুপ্রিম কোর্ট। নিট পরীক্ষায় পেপার ফাঁস ও সিবিআই তদন্তের দাবিতে সুপ্রিম কোর্টে একগুচ্ছ আবেদন জমা পড়েছে, তারই প্রেক্ষিতে শুক্রবার ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এনটিএ)-কে নোটিশ পাঠাল সুপ্রিম কোর্ট।

এ বিষয়ে শুনানি হবে আগামী মাসের ৮ তারিখ। সুপ্রিম কোর্ট আগামী ৮ জুলাই অনুরূপ পিটিশনের সঙ্গে এই সংক্রান্ত আবেদনগুলিও শুনবে। উল্লেখ্য, নিট-ইউজি পরীক্ষার ফল বেরোনোর পর থেকেই বিতর্ক শুরু হয়েছে দেশজুড়ে।

## সোনার বার—সহ আটক বাংলাদেশি মহিলা

কোচবিহার, ১৪ জুন (হি.স.) : উত্তরবঙ্গ সীমান্তের জলপাইগুড়ি সেক্টরের অধীনে ভারত-বাংলাদেশ সীমান্তে আইসিপি চ্যারাবান্ধায় মোতায়েন ১৫১তম ব্যাটালিয়ন অফ বর্ডার সিকিউরিটি (বিএসএফ) এর জওয়ানরা সোনার বার সহ এক বাংলাদেশী মহিলাকে আটক করেছে। ধৃত মহিলা বাংলাদেশের নকলা শেরপুর গ্রামের বাসিন্দা। শুক্রবার বিএসএফ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

বিএসএফ জানিয়েছে, বাংলাদেশি মহিলা গোপনে ও অবৈধভাবে সোনার বার নিয়ে যাওয়ার সময় আইসিপি চ্যারাবান্ধায় ধরা পড়ে। ওই মহিলা অবৈধভাবে ভারতে সোনার বার আনার চেষ্টা করছিলেন। ওই মহিলার কাছ থেকে ৪৮.০৮ গ্রাম সোনার বারসহ ২০ হাজার বাংলাদেশি মুদ্রা উদ্ধার করা হয়েছে। বিএসএফের জিজ্ঞাসাবাদে ওই বাংলাদেশি মহিলা জানায় যে সে তার পুরানো গহনা স্বর্ণকার দিয়ে গলিয়ে সোনার ইটে রূপান্তরিত করেছিল। যাতে এটি লুকানো এবং বহন করা সহজ হয়। বাজেয়াপ্ত সোনার বারগুলি বিক্রি করার পরে, তিনি কোচবিহার জেলার তুফানগঞ্জে বসবাসকারী তার মেয়ের সাথে দেখা করতে এসেছিলেন। আটক বাংলাদেশি মহিলাকে আটক করা স্বর্ণের বার ও বাংলাদেশি রুপিসহ চ্যারাবান্ধা কাস্টম বিভাগের কাছে হস্তান্তর করেছে বিএসএফ।



শুক্রবার চে গুয়েভারের জন্ম বার্ষিকী পালিত হয়।

## কালচারেল টেলেন্ট সার্চ স্কলারশিপ স্কিম এ আবৃত্তিতে স্কলারশিপ পেল রাজ্যের মেয়ে শারদীয়া পাল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুন:** ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের অধীনে সিসিআরটি-এর কালচারেল টেলেন্ট সার্চ স্কলারশিপ স্কিম এ ২০২৩-২৪ এ সারা দেশে আবৃত্তিতে স্কলারশিপ পেল শ্রুতি আবৃত্তি চর্চা কেন্দ্রের ছাত্রী শারদীয়া শীল।২০২১-২২ এ সারা দেশে একমাত্র তোর্ষা গোস্বামী এবং ২০ ২২- ২৩ এ একমাত্র ইন্দ্রাক্ষী পোদ্দার স্কলারশিপ পেয়ে ইতিহাস সৃষ্টি করেছিল। তিনজনেই আবৃত্তি শিল্পী স্মিতা ভট্টাচার্যের তত্ত্বাবধানে শ্রুতি আবৃত্তি চর্চা কেন্দ্রে তালিম নিচ্ছে।

এবছর সারা দেশে ৪ জন আবৃত্তিতে স্কলারশিপ পেল। উল্লেখ্য বিজ্ঞানের বিষয় শিক্ষক পঙ্কজ শীল এবং বীরচন্দ্র স্টেট সেন্ট্রাল লাইব্রেরির লাইব্রেরিয়ান শুভ্রা শর্মার কন্যা শারদীয়া শীল। তার সাফল্যে খুশি তার পরিবার সহ রাজ্যের জনগণ।

## বৃক্ষরোপণের মাধ্যমে উত্তর জেলা টিম্বার মার্চেন্ট অ্যাসো'র উদ্বোধন

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৪ জুন:** বৃক্ষরোপনের মাধ্যমে উত্তর জেলা টিম্বার মার্চেন্ট অ্যাসোসিয়েশনের উদ্বোধন করলেন অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। শুক্রবার প্রচন্ড প্রাকৃতিক দুর্যোগপূর্ণ আবহাওয়ার মধ্য দিয়ে উদ্বোধন হলো উত্তর ত্রিপুরা মার্চেন্ট এসোসিয়েশনের। উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ তথা স্থানীয় বিধায়ক বিশ্ববন্ধু সেন। এই এসোসিয়েশনের সভাপতি পদে মনোনীত হয়েছেন মোহন্ত নাথ। এই উদ্বোধনী অনুষ্ঠানে বৃক্ষরোপণ করেন উদ্বোধক বিশ্ববন্ধু সেন।

তিনি বলেন, রাজ্যে সরকার আসার পর অর্থাৎ বিজেপি সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর কেমন করে সঠিক পথে বৃক্ষ ছেদন করা যায় এবং পাশাপাশি রোপনের মাধ্যমে তার ঘাটতি পূরণ করা যায় তার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। কারণ বনদস্যুদের কারণে রাজ্যের অধিকাংশ পাহাড় খালি হয়ে গেছে। তারা অসৎ পথ অবলম্বন করে বৃক্ষ ছেদন করে যাচ্ছে অতিরিক্ত মুনাফা অর্জনের লক্ষ্যে। এতে বর্তমান প্রজন্ম এবং ভবিষ্যৎ প্রজন্মের মানুষের জীবন শংকটা পূর্ণ হয়ে উঠেছে।

সারা বিশ্বের এখন বৃক্ষরোপণের মাধ্যমে প্রকৃতিকে জীবিত রাখার যে প্রচেষ্টা চালাচ্ছে তাতে ধর্মনগর পিছিয়ে নেই। ধর্মনগরে গ্রীন ধর্মনগর কর্মসূচির মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে বৃক্ষরোপণ অনুষ্ঠান হচ্ছে এবং যেসব বৃক্ষ কে রোপন করা হচ্ছে সেগুলোকে সঠিক কার্যাবলীর মাধ্যমে কেমন করে বাঁচিয়ে রাখা যায় তার প্রচেষ্টা চালানো হচ্ছে। তাই বৃক্ষ একটি স্মরণ করলে পাঁচটি বৃক্ষরোপণ অত্যন্ত জরুরী।

সরকার যেমন অসৎ পথে বৃক্ষছেদনের বিরুদ্ধে সক্রিয় হয়েছে তেমনি উত্তর ত্রিপুরা টিম্বার মার্চেন্ট এসোসিয়েশনের সদস্যরা অসৎ পথ প্রত্যাহার করে সৎ পথে বৃক্ষ ছেদনের প্রতি মনোযোগী হয়েছে তাই এই উত্তর ত্রিপুরা কে নিয়ে উত্তর ত্রিপুরা টিম্বার অ্যাসোসিয়েশন গঠন হয়েছে। এই এসোসিয়েশনের সদস্যরা যাতে সরকারের মনোভাব সার্বিকভাবে ছড়িয়ে দিতে পারে তার জন্য তাদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু

## এক্সপ্রেস

● প্রথম পাতার পর

জনকল্যাণমুখী প্রশংসনীয় উদ্যোগের জন্য দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীজিকে ধন্যবাদ জানিয়েছেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা। একই সঙ্গে তিনি কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবজিকে হৃদয়ের অন্তস্থল আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। বহুদিনের আশা পূরণ হল রাজ্য বাসীর। প্রধানমন্ত্রী হিসেবে তৃতীয় বার দায়িত্ব নেওয়ার পর ত্রিপুরা কে এই নতুন উপহার দেওয়ায় খুশির রাজ্যবাসী। যোগাযোগ ব্যবস্থায় নতুন দিগন্ত খুব উন্মোচিত হলো।এদিকে সাব্রুম পর্যন্ত কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস যাত্রাপথ হওয়ায় প্রধানমন্ত্রী এবং কেন্দ্রীয় রেলমন্ত্রী কে অভিনন্দন জানিয়েছেন রাজ্যের পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## ঘাটালের নয়া উদ্যোগে দেবের পাশে থাকার বার্তা প্রসেনজিৎ চট্টোপাধ্যায়ের

কলকাতা,১৪ জুন (হি. স.): লোকসভা নির্বাচনের আগে ঘাটালের জনসভায় দাঁড়িয়ে তৃণমূলের অভিনেতা সংসদ দেব, যতগুলি ভোট পাবেন, ততগুলি গাছ লাগানোর আশ্বাস দিয়েছিলেন। নির্বাচনের ফল প্রকাশ হতেই নিজের দেওয়া কথা রাখতে মাঠে নেমে পড়লেন দেব।দেবের স্বপ্নপূরণে পশে থাকার আশ্বাস অভিনেতা প্রসেনজিৎ চট্টোপাধ্যায়ের।রাজনৈতিক রঙের উর্ধে গিয়ে অভিনয় জগতে কাজের নজির তৈরী করেছেন ঘাটালের জয়ী সংসদ দেব।এবার সেই রাজনৈতিক রঙকে উপেক্ষা করে দেবের পাশে দাঁড়ালেন প্রসেনজিৎ চট্টোপাধ্যায়। সোশ্যাল মিডিয়ায় দেবের একটি পোস্টকে উল্লেখ করে প্রসেনজিৎ চট্টোপাধ্যায় লেখেন, 'দারুণ উদ্যোগ। আমি সাথে আছি'... সেই সঙ্গে প্রসেনজিৎ লেখেন 'আমার তরফ থেকে রইল ১০,০০০ গাছ।' ইতিমধ্যেই ঘাটালের বিভিন্ন জায়গায় গাছ লাগাতে শুরু করেছেন দেব। সোশ্যাল মিডিয়ায় পোস্টও করেছেন সেই সব ছবি। একটি পোস্টে দেব লিখেন 'আমি কথা দিয়েছিলাম আমি যতগুলো ভোট পাবো তত গুলো গাছ লাগাবো, কিন্তু যেভাবে চাহিদা বেড়েছে, আমি চেষ্টা করবো নোটা বাদে যত মোট ভোট পড়েছে ঘাটাল লোকসভা কেন্দ্রে ততো গুলো গাছ লাগাবো আগামী ৫ বছরে।উল্লেখ্য, এর আগে ঘাটালে বন্যার সময়ে দেবের সঙ্গে সহযোগিতা করে সাধারণ মানুষের সেবা করেছিলেন অভিনেতা প্রসেনজিৎ চট্টোপাধ্যায়।আবারও দশ হাজার গাছ লাগেনোর উদ্যোগ দেখিয়ে ভক্তদের মাঝে নজির গড়লেন তিনি।

## নন্দীগ্রামে হারের দায় নিয়ে পদত্যাগ তৃণমূল নেতার

নন্দীগ্রাম, ১৪ জুন (হি. স.) : লোকসভা নির্বাচনে নন্দীগ্রামে হেরে গিয়েছেন তৃণমূলের প্রার্থী দেবাংশু ভট্টাচার্য। নন্দীগ্রামে হারের দায় মাথায় নিয়ে পদত্যাগ করলেন নন্দীগ্রাম ২ নম্বর ব্লকের মহোদয়ের রবীন জানা। নন্দীগ্রাম বিজেপি লিড পেয়েছে ৮ হাজার ২২৭ ভোটে। আগামী দিনে দলকে ঝাড়াই বাছাই করা হোক, চিঠিতে সে কথাই উল্লেখ করে পদত্যাগ করলেন রবীন জানা।পূর্ব মেদিনীপুরের ১৬ টি বিধানসভা, তার মধ্যে ১৫ টি বিধানসভাতেই তৃণমূল পর্যদুস্ত হয়েছে। দলের অন্দরেই কার্যত ঝাড়াই বাছাই শুরু হয়েছে। কিন্তু দলের খারাপ ফল নিয়ে শুরু হয়েছে অভ্যন্তরীণ আকচাআকচি। সূত্রের খবর, কোথাও না কোথাও ব্লক নেতৃত্ব জেলা নেতৃত্বকে দোষ দিচ্ছে, আবার জেলা নেতৃত্ব পঞ্চায়েত স্তরের নেতাদের দোষারোপ করছে।রবীন জানা ছিলেন রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিধানসভা কেন্দ্র নন্দীগ্রাম ২ নম্বর ব্লকের যুব সভাপতি। তৃণমূলের খারাপ ফলের দায় কিছুটা নিজের কাঁধে নিয়েই পদত্যাগ করলেন রবীন জানা।এর আগেও পঞ্চায়েত নির্বাচনে নন্দীগ্রামে খারাপ ফল করেছিল তৃণমূল। নন্দীগ্রাম দুই নম্বর ব্লকের সভাপতি অরুণ ভুঁইঞাকে দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়। তাঁর জায়গায় আনা হয়েছিল বর্ষীয়ান নেতাকে।

## জলপাইগুড়িতে জঙ্গল ছেড়ে লোকালয়ে হাতি

জলপাইগুড়ি, ১৪ জুন (হি. স.): অতি ভারী বৃষ্টিতে ফুলে উঠেছে তরাই-ডুয়ার্সের বিভিন্ন নদী, জঙ্গলের ভেতরের এলাকাও জলমগ্ন হয়ে পড়ে। এরই জেরে খাবার ও নিরাপদ আশ্রয়ের খোঁজে জঙ্গল থেকে বেরিয়ে লোকালয়ের পথে ছুটে চলেছে হাতির দল। এতগুলি হাতিকে গ্রামের ভেতরে চাষের জমি ধরে ছুটে চলতে দেখে গ্রামে আতঙ্কের পরিবেশ তৈরি হয়।শুক্রবার ভোর হতেই জলপাইগুড়ি শহর থেকে কিছুটা দূরে অবস্থিত বৈকুণ্ঠ পূর্ব বনাঞ্চল ঘেঁষা কালিয়াগঞ্জ গ্রামে নিরাপদ আশ্রয়ের খোঁজে ঢুকে পড়ে একদল বুনো হাতি। খবর পেয়ে হাতির দলটির ওপর নজরদারি শুরু করেছে বন বিভাগের কর্মীরা। হাতির দলটিকে লোকালয় থেকে দূরে রাখার চেষ্টা করছেন বনকর্মীরা।

## নানা অনুষ্ঠানের মাধ্যমে পালিত বিশ্ব রক্তদান দিবস

বাঁকুড়া, ১৪ জুন (হি. স.) :নানা অনুষ্ঠানের মাধ্যমে বাঁকুড়ায় পালিত হল বিশ্ব রুদান দিবস।এদিন বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন, ক্লাব ও সংস্থার উদ্যোগে রক্তদান শিবির, সাধারণ মানুষকে রক্তদানে উদ্বুদ্ধ করার জন্য বর্ণাঢ্য শোভাযাত্রা, সেমিনারের আয়োজন করা হয়।

এদিন ডিভিসির মেজিয়া তাপবিদ্যুৎ প্রকল্পের হাসপাতাল ও সিএসআর বিভাগের যৌথ উদ্যোগে রক্তদান শিবির করা হয়। এখানে শিল্প নিরাপত্তা বাহিনীর জওয়ানরা সর্বাগ্রে এগিয়ে আসেন। এদিন এমটিপিএস হাসপাতালের সুপার ডাঃ দিব্যসুন্দর মন্ডল বলেন ২০০৪ থেকে ১৪ জুন বিশ্ব রক্তদান দিবস পালন করার সিদ্ধান্ত নেয় বিশ্ব স্বাস্থ্য সংস্থা। সেই থেকে গত ২০ বছর ধরে দিনটিকে পালন করা হচ্ছে। হাসপাতালের মেডিক্যাল অফিসার ইনচার্জ ডাঃ রাজর্ষি রায় বলেন, ১৪ জুন বিশ্ব রক্তদান দিবস পালনের আরও একটি গুরুত্বপূর্ণ তাৎপর্য রয়েছে। এদিন নোবেলজয়ী বিজ্ঞানী কার্ল লান্ডস্টাইনার এর জন্মদিন। তিনিই রক্তের গ্রুপ এ, বি, ও, এবি আবিস্কার করেন। তিনি বলেন, রক্তদান করলে শরীরের কোনো ক্ষতি হয়না, বরং উপকার হয়। এমনিতেই রক্ত কণিকা নির্দিষ্ট সময়ের পর নষ্ট হয়ে যায়। তাই রক্তদান করে যেমন রোগীর প্রাণ বাঁচানো যায় তেমনি নিজের শরীরের রক্তকে শোধনের সুযোগ পাওয়া যায়। এদিন ১০ জন মহিলা সহ ৭৫ জন রক্তদান করেছেন।ন্যদিকে থ্যালাসেমিয়া রোধ ও রক্তদান আন্দোলনকারী সংস্থা বড়জোড়া ব্লক ব্লাড ডোনার্স অ্যাসোসিয়েশন এদিন জেলার শ্রেষ্ঠ তীর্থক্ষেত্র এক্তেশ্বর ধামে থ্যালাসেমিয়া প্রতিরোধের জন্য সেমিনার ও রক্তদান শিবির করে দিনটিকে উদযাপন করে। এই শিবির উদ্বোধন করেন বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড: গৌতমবুদ্ধ সুরাল। সংগঠনের সম্পাদক কাঞ্চন বিদ বলেন, এদিন একটি সচেতনতা র‍্যালি বাঁকুড়া কলেজ মোড় থেকে শুরু হয়ে শহর পরিক্রমা করে। এখানে রক্তদান করেছেন ৩৯ জন।

## কাশ্মীরের সব স্কুলেই গাইতে হবে জাতীয় সংগীত, নয়া নির্দেশিকা কেন্দ্রের

শ্রীনগর, ১৪ জুন (হি. স.) : এবার থেকে জম্মু ও কাশ্মীরের সব স্কুলে মর্নিং অ্যাসেম্বলিতে জাতীয় সংগীত গাওয়াটা বাধ্যতামূলক। এমনটাই নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় সরকার। কেন্দ্রশাসিত অঞ্চলের সব স্কুলকেই কড়াভাবে এই নির্দেশ পালন করার কথা বলা হয়েছে।

কাশ্মীর প্রশাসন মনে করছে, বেশকিছু স্কুল মর্নিং অ্যাসেম্বলিতে জাতীয় সংগীত গাওয়ার ব্যাপারে উদাসীন। তাই গত বুধবার এই নির্দেশিকা দিয়েছেন জম্মু ও কাশ্মীরের উপরাজ্যপাল। এক বিবৃতিতে স্কুলগুলিকে মোট ১৬ দফা নির্দেশিকা দিয়েছে কাশ্মীর প্রশাসন। যার মধ্যে প্রধান হল, জাতীয় সংগীতের মাধ্যমে মর্নিং অ্যাসেম্বলি শুরু করা।প্রসঙ্গত, ২০১৯ সালের ৫ আগস্ট কাশ্মীরের বিশেষ রাজ্যের মর্যাদা কেড়ে নেওয়া হয়। তার আগে কাশ্মীরের নিজস্ব পতাকা এবং রাজ্য সংগীত ছিল। বিশেষ রাজ্যের মর্যাদা বাতিল করার পর সেগুলি বিলুপ্ত হয়। তারপর থেকেই কাশ্মীরের স্কুলগুলিতে মর্নিং অ্যাসেম্বলিতে জাতীয় সংগীত গাওয়া বাধ্যতামূলক। প্রশাসনের সূত্রে খবর, অনেক স্কুল এই ব্যাপারে যথেষ্ট উদাসীন। তাই এই নির্দেশিকা জারি করা হয়েছে।

## রাজ্য সরকার সাংবিধানিক কর্তব্য পালনে ব্যর্থ : রাজ্যপাল

কলকাতা, ১৪ জুন (হি. স.) : ভোটের ফল সামনে আসার পরই বিভিন্ন জায়গা থেকে অশান্তির অভিযোগ উঠছে। তৃণমূলের বিরুদ্ধে অভিযোগে সরব বিরোধীরা। রাজ্য সরকার সাংবিধানিক কর্তব্য পালনে ব্যর্থ বলে মন্তব্য করলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস

তাঁর কথায়, 'ভোট মিটলেও বাংলার অশান্তি কমেনি। নিরপরাধ মানুষকে বন্দুকের নলের সামনে রাখা হচ্ছে। প্রশাসন নিষ্ক্রিয় হওয়ায় বাংলার গণতন্ত্র লজ্জিত হচ্ছে।' অবিলম্বে প্রশাসনকে সক্রিয় হওয়ার কথা বলেন তিনি। না হলে কড়া পদক্ষেপেরও হুঁশিয়ারি দিয়েছেন রাজ্যের সাংবিধানিক প্রধান।এদিকে রাজ্যপালের এমন বক্তব্যকে 'বিজেপির প্রতিক্রিয়া' বলে কটাক্ষ করেছেন তৃণমূলের মুখপাত্র কুণাল ঘোষ। পাশাপাশি কুণালের দাবি, 'বাংলায় কেউ ঘরছাড়া নেই। নজর ঘোরাতে বিজেপি কিছু লোককে এনে ঘরছাড়ার নাটক করছে।' রাজভবনের অদূরে মাহেশ্বরী ভবনে থাকা বিজেপির ঘরছাড়াদের সঙ্গে এদিন দেখা করেন রাজ্যপাল। এরপর বিকেলে রাজভবনে সাংবাদিক বৈঠক করেন তিনি।

## আন্তর্জাতিক সোনা পাচার চক্রের হদিশ, ধৃত ২

শিলিগুড়ি, ১৪ জুন (হি. স.) : হলমার্ক সোনার দোকানের আড়ালে আন্তর্জাতিক সোনার পাচার চক্রের হদিশ মিলল। আমেরিকা, সুইজারল্যান্ডের থেকে পাচার হয়ে আসা সোনা বাংলাদেশের পথ ধরে আনা হত ইসলামপুর বাজারের ওই সোনার দোকানে। এরপর সেটা চলে যেত তমলুক, কলকাতায়। শেষমেষ ফিল্মি কায়দায় গোটা চক্রের ফাঁস করল শিলিগুড়ি কেন্দ্রীয় রাজস্ব গোয়েন্দা দফতর।

ইতিমধ্যেই এই ঘটনায় ওই সোনার দোকানের মালিক ভিমা সুভাষ বিভূতি সহ সোনা পাচারের সময় হাতে না হাতে ধরা পড়েছে সুরোজ শিবাজী পাওয়ার নামের এক যুবক। জানা গিয়েছে, সুরোজ তমলুকে গোল্ড পিউরিটির চেকের কাজ করে। সেখান থেকে ওই সোনা বিভিন্ন জায়গায় পাঠানো হয় বলে জেরায় স্বীকার করেছে সুরোজ। দুইজনের কাছ থেকে মোট ৫ কেজি ১৭৩ গ্রাম সোনা উদ্ধার হয়েছে। যার আনুমানিক মূল্য তিন কোটিরও বেশি। ভিমার কাছ থেকে নগদ ৩৪ লক্ষ ৬৬ হাজার ৩০০ টাকা উদ্ধার হয়েছে। শুক্রবার দুই ধৃতকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারক।

বিধানসভা উপনির্বাচনে তিন আসনে প্রার্থী ঘোষণা বামফ্রন্টের

কলকাতা, ১৪ জুন (হি. স.) : লোকসভা ভোটে ভরাডুবি হয়েছে বাম-কংগ্রেসের। সেই ধাক্কা কাটিয়ে উঠতে না উঠতেই ফের ঘণ্টা বেজে গেল বিধানসভা উপনির্বাচনের। এই নির্বাচনেও জোট বেঁধে লড়বে হাত কাস্তে হাতুড়ি। ইতিমধ্যেই আসন সমঝোতা হয়ে গিয়েছে বাম-কংগ্রেসে। শুক্রবার বামফ্রন্টের বৈঠক শেষে কংগ্রেসের জন্য রায়গঞ্জ আসন ছেড়ে রেখে বাকি তিনটি কেন্দ্রে প্রার্থী ঘোষণা করে দিল বামেরা। এদিন বামফ্রন্টের তরফে আপাতত তিনটি আসনে প্রার্থী তালিকা ঘোষণা করা হয়েছে। এই তিনটি আসন হল কলকাতার মানিকতলা, নদিয়ার রানাঘাট দক্ষিণ ও উত্তর ২৪ পরগনার বাগদা। সিপিএম লড়াই করবে মানিকতলা, নদিয়ার রানাঘাট দক্ষিণে। ফরওয়ার্ড ব্লক লড়বে বাগদা কেন্দ্র থেকে। মানিকতলায় প্রার্থী করা হয়েছে রাজীব মজুমদারকে। রানাঘাট দক্ষিণে প্রার্থী করা হয়েছে তরুণ মুখ অরিন্দম বিশ্বাসকে। বাগদায় ফরওয়ার্ড ব্লক প্রার্থী করেছে গৌরাদিত্য বিশ্বাসকে। রায়গঞ্জ কেন্দ্রটি ছাড়া হয়েছে কংগ্রেসকে। সিপিএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম জানিয়েছেন, কংগ্রেসের সঙ্গে কথা বলেই রায়গঞ্জ ছেড়ে রেখে তিন কেন্দ্রে বামফ্রন্টের প্রার্থী ঠিক করা হয়েছে।

## বোর্ড গঠিত

● প্রথম পাতার পর

ওই ঘটনা অত্যন্ত লজ্জাজনক। ওই পদে পরীক্ষা দেওয়ার জন্য বেকার যুবকরা দিল্লি, কলকাতা, ব্যাঙ্গালোর, গুয়াহাটি, শিলং এবং দেশের অন্যান্য স্থান থেকে ত্রিপুরায় এসেছিলেন।তিনি অভিযোগ করেন, বোর্ডের চেয়ারম্যান দাতা মোহন জামাতিয়া এবং অন্যান্য সদস্যরা কেলেঙ্কারিতে জড়িত ছিলেন। ঘটনার সাথে জড়িত অভিযুক্তদের শাস্তির ব্যবস্থা করা এবং চেয়ারম্যান দাতা মোহন জমাতিয়ার সভাপতিত্বে গঠন করা সব বোর্ড বাতিল করতে এডিসির মুখ্য কার্যনির্বাহী আধিকারিকের নিকট চিঠি লিখে দাবি জানিয়েছেন তিনি।

## বাম যুবদের

● প্রথম পাতার পর

সংগঠনের কর্মীরা মিছিল করো বিক্ষোভ দেখানোর পাশাপাশি রাস্তা অবরোধেও সামিল হয়েছেন।ডিওয়াইএফআই-র রাজ্য সম্পাদক নবারুন দেব বলেন, ত্রিপুরা গত ৬ বছর যাবৎ বেকার বিরোধী সরকার ক্ষমতায় রয়েছে। বিধানসভায় গ্রুপ ডি ও গ্রুপ সি ৩৭টি পদে নিয়োগে নোটিফিকেশন জারি করেছিল। কিন্তু আজ হঠাৎ করে নিয়োগ প্রক্রিয়া বাতিল করা হয়েছে। ঢাক ঢোল পিটিয়ে নিয়োগের নোটিফিকেশন জারি করে গোপনে নিয়োগ প্রক্রিয়া বাতিল করছে। বহু যুবকরা লক্ষ লক্ষ টাকা ফ্রী দিয়েছে তাঁর অভিযোগ, বেকার যুবকদের জীবন নিয়ে ছিনিমিনি খেলছে এই সরকার।সরকার লক্ষ লক্ষ টাকা কামাই করার জন্য এই পদ্ধতি প্রয়োগ করছে। এই সরকার অত্যন্ত ভয়ঙ্কর সরকার। তাই সংগঠনের তরফ থেকে যুব সমাজকে ঐক্য বদ্ধ হয়ে বিজেপি সরকারকে রাজ্য থেকে বাতিল করতে এগিয়ে আসতে হবে।

## মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

কিরণ গিত্যে বলেন, স্বাস্থ্য দপ্তর প্রতিবছরই ৫০ হাজার ইউনিট রক্ত সংগ্রহ করার লক্ষ্যমাত্রা নিয়ে থাকে। এরমধ্যে ৫৪ শতাংশ রক্ত সংগ্রহ হয় স্বেচ্ছা রক্তদানের মাধ্যমে। এই হারকে ৮০-৯০ শতাংশে পৌঁছানোর উদ্যোগী হতে হবে। এজন্য বিভিন্ন ক্লাব, সামাজিক সংস্থা সহ মহাবিদ্যালয়গুলিকে আরও বেশি করে এগিয়ে আসতে হবে। স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা রাজ্য রক্ত সঞ্চালন পর্যদের সদস্য সচিব ডাঃ বিশ্বজিৎ দেববর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডাঃ সঞ্জীব দেববর্মা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধিকর্তা ডাঃ অঞ্জন দাস, জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন ডিরেক্টর রাজীব দত্ত এবং ত্রিপুরা এইডস কন্টোল সোসাইটির প্রকল্প অধিকর্তা ডাঃ সমর্পিতা দত্ত। অনুষ্ঠানের শুরুতে রক্তের গ্রুপ বিন্যাস আবিষ্কারের জনক কার্ল ল্যান্ডস্টেইনারের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ।

## বিক্ষোভ

● প্রথম পাতার পর

ফায়ার সার্ভিসের মৌখিক পরীক্ষা নেওয়া হয়নি। তার ফলে নিয়োগ প্রক্রিয়া সমাপ্ত করা হচ্ছে না।

## আটক ২

● প্রথম পাতার পর

সেই সময় বাজার ব্যবসায়ীদের সন্দেহ হওয়াতে তাদেরকে আটক করে উত্তম মাধ্যম দিলে তাঁরা ঘটনাটি স্বীকার করেন। তাদেরকে আটক করার পূর্বে প্রায় ২৪ টাকার মতো বাজার থেকে চাঁদা তুলেন।পরবর্তী সময়ে বাজার ব্যবসায়ীরা দুই যুবককে তুলে দেয় বিশালগড় থানা পুলিশের হাতে। আরও জানা গিয়েছে, তারা রানিবাজার ও আগরতলা বর্ডার গোল চক্কর এলাকার বাসিন্দা।এদিকে খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে ভারতীয় মজদুর সংঘ রাজ্য কমিটির সদস্য তথা বিশ্ব হিন্দু পরিষদের নেতৃত্ব সজল কুমার দেব, বিশালগড় বাজার ব্যবসায়ী সুব্রত সাহা উরফে বাসু।

## বাতিল

● প্রথম পাতার পর

সরকারের নিয়োগ বিধির একটি অংশে স্পষ্টতার অভাবের কারণে এই পরীক্ষা বাতিল করা হয়েছে।

## রাজ্যব্যাপী বিশেষ কাউন্সিলিং'র আয়োজন মহিলা কমিশনের

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৪ জুন:** মহিলাদের বিভিন্ন সমস্যা খতিয়ে দেখতে এবং কাউন্সিলিং এর লক্ষ্যে মহিলা কমিশন আগরতলা শহরের গন্ডি পার হয়ে বিভিন্ন জেলা সদরে কাউন্সিলিং করার উদ্যোগ গ্রহণ করেছে। এর অঙ্গ হিসেবে ১৪ এবং ১৫ জুন ধর্মনগরের সার্কিট হাউসে মহিলা কমিশনের কাউন্সিলিং শুরু হয়েছে।

এই কাউন্সেলিং-এ উপস্থিত রাজ্য মহিলা কমিশনের চেয়ারপারসন ঝরনা দেববর্মা, রাজ্য মহিলা কমিশনের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট মধুমিতা চৌধুরী, মহিলা কমিশন বোর্ডের সদস্য রত্না দেবনাথ কর, নমিতা দেববর্মা এবং অনিতা দাস সহ বিভিন্ন পর্যায়ের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

প্রাকৃতিক দুর্যোগের জন্য সকাল ১১ টা থেকে কাউন্সেলিং শুরু হওয়ার কথা সেখানে কাউন্সিলিং শুরু হয় সকাল সাড়ে ১১টায়। ১৫ জুন ১৫-২০টি কাউন্সেলিং এর কেস রয়েছে। মানুষ দলে দলে এই কাউন্সিলিং এর অনুষ্ঠানে যোগদান করছে।

ঝরনা দেববর্মা জানান ত্রিপুরা রাজ্যের আনাচে-কানাচে মহিলাদের অনেক সমস্যা রয়েছে। এগুলি নিরসনে মহিলা কমিশন এগিয়ে এসেছে। শুধুমাত্র রাজ্যে আগরতলাতে একটি অফিস রয়েছে মহিলা কমিশনের। এই অফিসের মাধ্যমে সারা রাজ্যের কাউন্সিলিং করা সম্ভব নয়। তাই কয়েকদিন আগে দক্ষিণ জেলাতে কাউন্সিলিংয়ের অনুষ্ঠান হয়ে গেছে। এখন চলছে উত্তর জেলাতে।

তিনি মহিলা কমিশনের দায়িত্বভার গ্রহণ করার পর দেখতে পেয়েছেন রাজ্যে অনেক মহিলা রয়েছে যাদের সমস্যা সমাধানের জন্য মহিলা কমিশনের একান্ত দরকার। এই ভাবনা থেকে মানুষের বিশেষ করে মহিলাদের সমস্যা নিরসনে এই ভাবে রাজ্যের আনাচে-কানাচে কাউন্সেলিং চলছে।

আগামীকাল উত্তর জেলার পানিসাগর মহকুমায় একটি সচেতনতা শিবির অনুষ্ঠিত হবে এবং রাজ্য মহিলা কমিশনের চেয়ারপারসন হওয়ার সুবাদে তিনি সেখানে যোগদান করবেন। সে অনুষ্ঠানে ৪০০ থেকে ৫০০ মহিলাকে এবং ছাত্রীদের আসার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। মহিলা সংক্রান্তকে যেভাবে বৃদ্ধি পাচ্ছে কাউন্সিলিংই পারে তাদের সমস্যা সমাধান করতে।

## অভিযোগ

● আটের পাতার পর

হাত রয়েছে গৌতম বাবু মাথায়। পরবর্তীতে প্রিন্সিপাল দেবাশীষ দাস কলেজে আসলে সাংবাদিকদের সাথে কথা বলতে গিয়ে বলেন কলেজের অনেক উন্নয়ন করেছে। আরো বলেন কলেজের ক্লাস রুম গুলি কে নাকি রং করে নতুন রূপদান করেন কিন্তু ক্যামেরায় তার উল্টো দেখা যায়, রুমগুলিতে কোন রং করা হয় নি।

## নরেন্দ্র মোদী

● প্রথম পাতার পর

কৌশলগত অংশীদারিত্বের সকল ক্ষেত্রে অগ্রগতির বিষয়ে আনন্দ প্রকাশ করেছেন। দুই দেশের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি আলোচনায় অগ্রগতি নিয়েও সন্তোষ প্রকাশ করেছেন দুজনেই। উভয় নেতা পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বহুপাক্ষিক বিষয়েও আলোচনা করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী মাসে অনুষ্ঠিত হতে যাওয়া সাধারণ নির্বাচনের জন্য যুক্তরাজ্যের জনগণকে তাঁর শুভেচ্ছা জানিয়েছেন।

করমর্দন নয়, হাতজোড় করে নমস্কারেই আস্থা রাখলেন ইটালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি। এ বার জি৭ বৈঠকের আসর বসেছে ইটালিতে। একের পর রাষ্ট্রপ্রধানেরা বৈঠকস্থলে পৌঁছলে করজোড়ে নমস্কার করে তাঁদের স্বাগত জানান মেলোনি।

তৃতীয়বার প্রধানমন্ত্রী হওয়ার পর প্রথমবার বিদেশ সফরে পাড়ি দিয়েছেন নরেন্দ্র মোদী। জি৭ সম্মেলন উপলক্ষ্যে ইটালিতে হাজির হয়েছেন তিনি। জি৭ শীর্ষ সম্মেলনে ইটালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকেও করজোড়ে স্বাগত জানালেন। মেলোনির সঙ্গে প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদীর সুসম্পর্কের কথা সুবিদিত। ইটালির প্রধানমন্ত্রীর আমন্ত্রণেই জি৭ বৈঠকে যোগ দিতে সে দেশে পৌঁছেছেন মোদী। মেলোনির এই ভারতীয় ভঙ্গিতে করজোড়ে আপ্যায়নের মধ্যে মোদীর প্রভাব কিনা, তা নিয়ে চর্চা শুরু হয়েছে।

উল্লেখ্য, কুলীন জি৭ গোষ্ঠীতে রয়েছে উন্নত বিশ্বের সাত দেশ আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স, কানাডা, জার্মানি, ইটালি, জাপান। সেই সঙ্গে রয়েছে ইউরোপীয় ইউনিয়নও। ভারত এই গোষ্ঠীর সদস্য না হলেও আয়োজক দেশ ইটালি বিশেষ অতিথি হিসাবে আমন্ত্রণ জানিয়েছিল মোদীকে। অতীতেও একাধিকবার ভারত 'আউটরিচ কান্টি' হিসাবে এই সম্মেলনে যোগ দিয়েছে।

## ভূমিকা গুরুত্বপূর্ণ

● প্রথম পাতার পর

সাংবাদিক ও সাধারণ নাগরিকদের মধ্যে ২০০টি হেলমেট বিতরণ করা হয়। রক্তদান শিবিরের উদ্বোধন করে পরিবহণমী সুশান্ত চৌধুরী আরও বলেন, মুখ্যমী প্রফেসর (ডা.) মানিক সাহা বিভিন্ন অনুষ্ঠানে সুস্থ ও সবল সকলকে রক্তদানে এগিয়ে আসার আহ্বান জানাচ্ছেন। কারণ বর্তমানে রাজ্যে চাহিদার তুলনায় রক্তের যোগান কম। তাই সামাজিক কর্তব্যের কথা মাথায় রেখেই সর্বস্তরের মানুষকে রক্তদানে এগিয়ে আসা প্রয়োজন। তিনি বলেন, ২০১৪ সালের পর থেকে রাজ্যের সড়ক, রেল, বিমান যোগাযোগ ব্যবস্থার অভূতপূর্ব উন্নয়ন ঘটেছে। জল পরিবহণ ব্যবস্থা চালু করার উদ্দেশ্যে ইতিমধ্যে অনেক পদক্ষেপ গৃহীত হয়েছে। বর্তমানে রাজ্যের যোগাযোগ ব্যবস্থা অনেকটাই উন্নত হয়েছে। পরিবহণ ব্যবস্থাকে শক্তিশালী ও সুদৃঢ় করতে এই ব্যবস্থার সাথে যুক্ত মালিক পক্ষ ও শ্রমিকদের ভূমিকা অনস্বীকার্য। আজ এখানে রক্তদান কর্মসূচি আয়োজনের মাধ্যমে তারা আরও একধাপ এগিয়ে গেছেন। অনুষ্ঠানে পরিবহণমী আরও বলেন, বর্তমান সরকার নেশা বিরোধী। নেশা সামগ্রী গ্রহণ ও বিক্রয় বন্ধ করতে সরকার ও প্রশাসনের পাশাপাশি সচেতন জনসাধারণকেও এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠান দুটিতেই উপস্থিত ছিলেন ত্রিপুরা সড়ক পরিবহণ নিগমের চেয়ারম্যান বলাই গোস্বামী, আগরতলা পুরনিগমের মেয়র ইন কাউন্সিল হীরালাল দেবনাথ, কর্পোরেটর সান্তনা সাহা, ত্রিপুরা সড়ক পরিবহণ নিগমের এমডি উত্তম মণ্ডল, ট্রাফিক দপ্তরের এসপি মানিক দাস, সদর মহকুমার মহকুমা শাসক মানিক লাল দাস সহ অন্যান্য অতিথিগণ।


## আহত ২

● প্রথম পাতার পর

পতিত হয়। তখন রামাধারের দুই পুত্র সুজিত ও সুরজ এগিয়ে গিয়ে দুটি গরুকে অর্ধমৃত অবস্থায় উদ্ধার করতে সক্ষম হন। এতে গুরতর আহত হন সুজিত।

এমন কান্ডের খবর পেয়ে শুক্রবার সকালে কাঁঠালতলি পুলিশ তদন্তে নেমে পুরো বিষয়টি খতিয়ে দেখছে। উক্ত কান্ডে একাংশ জনগনের ধারনা যে বিদ্যুতের শর্টসার্কিট জনিত কান্ডে আগুনের সুত্রপাত হয়েছে। তবে অন্যাংশের ধারনা কোনও দুষ্টচক্র প্রতিহিংসামুলক কারনে ঘরের দেওয়ালে পেট্রোল ছিটিয়ে এমন কান্ড ঘটিয়ে পুরো পরিবারকে নিশ্বেস করার মতলবে ছিল। ভাগ্যিস এতে কোন মানুষের প্রাণহানি ঘটেনি।

উল্লেখ্য যে বিগত দু হাজার পনেরো ইং সনেও উক্ত বাড়িতে অনুরুপ অগ্নিকান্ডে প্রায় কুড়িটি গরুর মর্মান্তিক মৃত্যু হয়।এতে ধারনা করা হচ্ছে যে এমন কান্ডের নেপথ্যে কোনও দুষ্টচক্রের হাত রয়েছে।উক্ত কান্ডে কৃষি নির্ভর এই কৃষকদের প্রায় দশ লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতির ধারনা করা হচ্ছে।এই কান্ডের সুষ্ঠ তদন্ত সহ ক্ষতিগ্রস্থ কৃষকদের সরকারি সাহায্য পাইয়ে দিতে স্থানীয়রা সিও ডিসি সহ বিধায়কের হস্তক্ষেপ কামনা করেছেন।এদিকে স্থানীয় জনগনের কথায় উক্ত এলাকায় অগ্নি নির্বাপক গাড়ি চলাচলের মত সড়ক না থাকায় দমকল বাহিনী যথাসময়ে অকুস্থলে পৌছাতে পারেনি বলে ক্ষয়ক্ষতির পরিমান বেঁড়েছে।




# ঘরোয়া ফুটবল মরশুমে এবার রাজ্যের রেফারীদের উপর আস্থা



ক্রীড়া প্রতিনিধি আগরতলা। মাঝে আর মাত্র কয়েকদিন বাকি। এর পরই শুরু হতে চলেছে রাজ্য ফুটবলের অভিভাবক সংস্থা ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন আয়োজিত এবছরের ঘরোয়া ফুটবল মরশুম।আগামী ১৭ জুন থেকে শুরু হচ্ছে তৃতীয় ডিভিশন লিগ ফুটবল টুর্নামেন্ট।

রাজ্যের ফুটবল ইতিহাসে এবারই প্রথম রেকর্ড সংখ্যক দল নিয়ে শুরু হতে চলেছে তৃতীয় ডিভিশন লীগ ফুটবলের আসর। টুর্নামেন্টে অংশগ্রহণকারী দলের সংখ্যা ১৬টি। ১৭ জুন রাজধানীর উমাকান্ত মিনি স্টেডিয়ামে তৃতীয় ডিভিশন লিগ ফুটবলের উদ্বোধনী ম্যাচে অংশ নেবে সরোজ সংঘ ও ইকফাই এফ.সি।

পাশাপাশি ১৮ জুন থেকে শুরু হবে মহিলা ফুটবলের আসর। এরপরে ক্রমান্বয়ে চলবে একের পর এক ঘরোয়া দ্বিতীয় ডিভিশন ও প্রথম ডিভিশন লিগ ফুটবলের সঙ্গে রাখাল স্মৃতি নকআউট ফুটবলের আসর। এবারের ঘরোয়া ফুটবল টুর্নামেন্টের প্রতিটি ম্যাচ পরিচালনার দায়িত্বে থাকবে রাজ্যের রেফারিরা।

বহি রাজ্য থেকে রেফারি আনার পরেও দেখা যায় বেশ কিছু ত্রুটি বিচ্যুতি। তাই এবার রাজ্যের রেফারিদের প্রতি আস্থা রাখল রাজ্য ফুটবল সংস্থার কর্মকর্তারা। সবকটি ম্যাচ পরিচালনার দায়িত্ব যেহেতু এবছর রাজ্যের রেফারিদের, তাই ম্যাচ পরিচালনার আগে রেফারিদের ফিটনেস যাচাই করে নিতে এক বিশেষ ফিটনেস ক্যাম্পের আয়োজন করে ত্রিপুরা রেফারি অ্যাসোসিয়েশন। শুক্রবার আগরতলা উমাকান্ত মিনি স্টেডিয়ামে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত রেফারিদের নিয়ে অনুষ্ঠিত হয় এই ফিটনেস ক্যাম্প। একদিনের এই শিবিরে সারা রাজ্য থেকে ৫০ জন রেফারি অংশ গ্রহন করে। যার মধ্যে রয়েছে ৩ জন মহিলা রেফারি।

শিবিরের শুরুতেই এদিন ময়দানে উপস্থিত ছিলেন ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের সম্পাদক অমিত চৌধুরী,যুগ্ম সচিব তপন সাহা ও যুগ্ম সচিব কৃষ্ণপদ সরকার সহ রেফারি এসোসিয়েশনের সচিব নারায়ন দে সহ অন্যান্যরা।

রেফারিদের উদ্দেশ্যে বক্তব্য রাখতে গিয়ে রাজ্য ফুটবল সংস্থার সচিব অমিত চৌধুরী বলেন, আগামী ১৬ জুন ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের গভর্নিং বডির সভা। তার আগেই সিদ্ধান্ত নেওয়া হয়েছে, এবারের বিভিন্ন ফুটবল টুর্নামেন্টের প্রতিটি ম্যাচ রাজ্যের ফুটবল রেফারিদের দিয়ে পরিচালনা করা হবে। তাদের উপরেই আস্থা রয়েছে ফুটবল সংস্থার।

প্রত্যাশা টুর্নামেন্ট গুলির প্রতিটি ম্যাচ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে সক্ষম হবে রাজ্যের রেফারিরা।

তবে এদিন রেফারিদের উদ্দেশ্যে সচিব আহ্বান রাখেন ম্যাচ শেষে মাঠেই যেন ম্যাচের ভুল ত্রুটি গুলি নিয়ে পর্যালোচনা করেন। এতে করে রেফারিরা একদিকে যেমন নিজেরা সমৃদ্ধি হবেন ঠিক তেমনি আগামী ম্যাচগুলি পরিচালনার ক্ষেত্রেও সফলতা আসবে।

# মাঠে জল, স্থগিত ম্যাচ, রিজার্ভ ডে হিসেবে আজ ফের কৈলাশহর-উদয়পুর, মোহনপুর-সদর

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। মাঠে জল লেগে থাকার কারণে খেলা হয়নি। আউটফিল্ড ভেজা। খেলার অনুপযুক্ত। চার দলের খেলোয়াড়রা যথাসময়ে মাঠে উপস্থিত হলেও দু-দুটো খেলাই শেষ পর্যন্ত স্থগিত রাখতে হয়েছে। রিজার্ভ ডে হিসেবে আগামীকাল দুটো ম্যাচই অনুষ্ঠিত হবে। ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশন আয়োজিত সিনিয়র রাজ্য ক্রিকেট এলিট টুর্নামেন্ট কাগজে কলমে শুরু হলেও কার্যত মাঠে ব্যাট বল নামেনি, টসও হয়নি। রিজার্ভ ডে তে খেলা পরিত্যক্ত হলে ম্যাচ থেকে দু দল পয়েন্ট ভাগাভাগি করে নিতে হবে। পরিবেশ পরিস্থিতিতে সবকিছুই সম্ভব ধরে নিয়েই আগামীকাল ফের দুই জেলার দুই মাঠে দুটি ম্যাচ দিয়ে টুর্নামেন্টের সূচনা ঘটছে। গ্রুপে এ-তে খেলছে উদয়পুর, কৈলাশহর বিশালগড় এবং শান্তির বাজার। গ্রুপ বি-তে খেলছে সোনামুরা, সদর, কমলপুর ও মোহনপুর। আগামীকাল ধর্মনগরে কলেজ গ্রাউন্ড স্টেডিয়ামে কৈলাশহর ও উদয়পুর ফের পরস্পরের মুখোমুখি হবে। অপর খেলাটিও এমবিবি স্টেডিয়ামে মোহনপুর খেলবে সদরের বিরুদ্ধে। একইভাবে ১৬ জুন বিশালগড় ও শান্তির বাজারের ম্যাচটি হবে ধর্মনগরের কলেজ গ্রাউন্ড স্টেডিয়ামে। সোনামুড়া ও কমলপুরের ম্যাচ হবে এমবিবি স্টেডিয়ামে। উল্লেখ্য ১৬ জুনের ম্যাচের ক্ষেত্রে কিন্তু রিজার্ভ ডে রাখা সম্ভব হয়নি। টিসিএ থেকে বিষয়টা যথারীতি জানানো হয়েছে।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# অন্ত স্কুল গার্লস ক্রিকেটের ফাইনালে আজ প্রণবানন্দ বিদ্যামন্দির ও আসাম রাইফেলস

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ম্যাচ বৃষ্টি বিঘ্নিতই ছিল। টি-টোয়েন্টি ফরম্যাটে খেলা হয়েছে। তবে স্রেফ এক ওভার কমিয়ে। প্রথম দিনের ভেস্তে যাওয়া ম্যাচটাকে বিশেষ করে ১৬৯ রানের ইনিংসটাকে ভুলে দারুন খেলে প্রণবানন্দ বিদ্যামন্দির জয় ছিনিয়ে ফাইনালে খেলা নিশ্চিত করে নিয়েছে। গতবারের চ্যাম্পিয়ন দল বলে কথা। এবারও খেতাবের দাবিদার। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত সদর আন্তঃ স্কুল গার্লস টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টের দ্বিতীয় সেমিফাইনাল ম্যাচে প্রণবানন্দ বিদ্যামন্দির ২৪ রানের ব্যবধানে জয়ী হয়ে ফাইনালে উঠেছে। হেরে নক আউট হয়েছে বিদ্যাসাগর বিদ্যালয়। আগামীকাল সকাল পৌনে নয়টায় পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে টুর্নামেন্টের ফাইনাল ম্যাচে প্রনবানন্দ বিদ্যামন্দির ও আসাম রাইফেলস পাবলিক স্কুল পরস্পরের মুখোমুখি হবে। শুক্রবারের খেলায় বেলা দেড়টা নাগাদ ম্যাচ শুরুতে টস জিতে বিদ্যাসাগর বিদ্যালয় বৃহস্পতিবারের মতোই প্রথমে ফিল্ডিং এর সিদ্ধান্ত নিয়ে প্রণবানন্দ বিদ্যামন্দির কে ব্যাটিংয়ের আমন্ত্রণ জানায়।

সীমিত ১৯ ওভারে প্রণবানন্দ বিদ্যামন্দির এক উইকেট হারিয়ে ১৪৩ রান সংগ্রহ করে। দলের পক্ষে অস্মিতা রায় সর্বাধিক ৪১ রান পায়। অস্মিতা ৪৮ বল খেলে চারটি বাউন্ডারি হাঁকিয়ে ৪১ রান সংগ্রহ করে দলের জন্য চ্যালেঞ্জিং স্কোর গড়ার পাশাপাশি বোলিংয়েও দুর্দান্ত সাফল্য পায়। জবাবে বিদ্যাসাগর বিদ্যালয় ব্যাট করতে নামলে অস্মিতা একাই ১৯ রানে চারটি উইকেট তুলে নেয়। এছাড়া, প্রজ্জালিকা চক্রবর্তী বাইশ রানে তিনটি এবং অভিজ্ঞা বর্ধন ১৮ রানে একটি উইকেট পায়। বিদ্যাসাগর বিদ্যালয় নয় উইকেট হারিয়ে ১১৯ রান সংগ্রহ করতেই নির্ধারিত ১৯ ওভার শেষ হয়ে যায়। দলের পক্ষে লক্ষ্মী দেবনাথ ২৪ রান এবং স্নেহা দেবনাথ ২২ রাম সংগ্রহ করলেও অন্যদের ব্যর্থতায় শেষ রক্ষা সম্ভব হয়নি। ব্যাটে বলে দুর্দান্ত তথা অলরাউন্ড পারফরম্যান্সের সৌজন্যে অস্মিতা রায় পেয়েছে প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাব।

# টিএফএ আয়োজিত বৈকুন্ঠ নাথ স্মৃতি মহিলা ফুটবল লিগ শুরু ১৮ই

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। মহিলা লীগ ফুটবল টুর্নামেন্ট শুরু হচ্ছে ১৮ জুন থেকে। আগেই ঘোষণা হয়েছিল। ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন আয়োজিত এবারকার বৈকুন্ঠ নাথ মেমোরিয়াল মহিলা ফুটবল লীগের ক্রীড়া সূচি শুক্রবারে ঘোষিত হয়েছে। ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশনের যুগ্ম সম্পাদক ক্রীড়া সূচি ঘোষণার পাশাপাশি লীগের রুলস এবং রেগুলেশন, তাও উল্লেখ করেছেন। এবারকার টুর্নামেন্টে অংশগ্রহণকারী ছয়টি দল হলো আনন্দনগর প্লে সেন্টার, চলমান সংঘ, জম্পুইজলা প্লে সেন্টার, ত্রিপুরা স্পোর্টস স্কুল, ফুলো ঝানু অ্যাথলেটিক্স ক্লাব এবং বিশ্রামগঞ্জ প্লে সেন্টার। টুর্নামেন্টের প্রথম লীগের ঘোষিত ক্রীড়া সূচি অনুযায়ী প্রতিটি ম্যাচ হবে উমাকান্ত একাডেমী মিনি স্টেডিয়ামে, সকাল আটটা থেকে। ১৮ই জুন আনন্দনগর প্লে সেন্টার ও চলমান সংঘের ম্যাচ দিয়ে এবারকার টুর্নামেন্ট শুরু হবে। ১৯ জুন জম্পুইজলা প্লে সেন্টার খেলবে ত্রিপুরা স্পোর্টস স্কুলের বিরুদ্ধে। কুড়ি জন ফুলো ঝানু বনাম বিশ্রামগঞ্জ। ২১ জুন বিরতির পর ২২ জুন চলমান সংঘ বনাম জম্পুইজলা। ২৩ জুন ত্রিপুরা স্পোর্টস স্কুল বনাম ফুলো ঝানু। ২৫ জুন জুনপুজলা বনাম বিশ্রামগঞ্জ। ২৬ জুন চলমান সংঘ বনাম ত্রিপুরা স্পোর্টস স্কুল। ২৮ জুন আনন্দনগর প্লে সেন্টার বনাম ফুলো ঝানু। ২৯ জন ত্রিপুরা স্পোর্টস স্কুল বনাম বিশ্রামগঞ্জ। ২ জুলাই ফুলো ঝানু বনাম চলমান সংঘ। ৪ জুলাই আনন্দনগর বনাম বিশ্রামগঞ্জ। ৭ জুলাই চলমান সংঘ বনাম বিশ্রামগঞ্জ। ৮ জুলাই আনন্দনগর বনাম ত্রিপুরা স্পোর্টস স্কুল। পরবর্তী ম্যাচগুলির সূচি পরে ঘোষণা করা হবে।

# প্রাক্তন ক্রিকেটার দীপকের প্রয়ানে শোক

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। প্রয়াত হলেন রাজ্যের প্রাক্তন ক্রিকেটার ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের আজীবন সদস্য দীপক দত্ত। তার অকাল প্রয়ানে গভীর শোক প্রকাশ করে ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন। প্রয়াত ক্রিকেটারের আত্মার সদগতি কামনা করে পরিবার-পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানান এসোসিয়েশনের সচিব সুব্রত দে।

## শুক্রবার জার্মানি-স্কটল্যান্ড ম্যাচ দিয়ে শুরু হচ্ছে ইউরো

কলকাতা, ১৪ জুন (হি. স.): শুক্রবার ১৭তম ইউরোপের ফুটবলের শ্রেষ্ঠত্বের আসর ইউরো চ্যাম্পিয়নশিপ শুরু হচ্ছে জার্মানি ও স্কটল্যান্ডের ম্যাচ দিয়ে। ১০টি ভেন্যুতে খেলা হবে। খেলবে ২৪টি দেশ। দুই জার্মানি এক হওয়ার পর এই প্রথমবার ইউরোর একক আয়োজক হচ্ছে জার্মানি। উদ্বোধনী ম্যাচ রাত ১টায় শুরু হবে।

এর আগে জার্মানিতে ইউরো হয়েছিল ১৯৮৮ সালে। তার পরের বছরই বার্লিন ওয়াল ভেঙ্গে একক দেশ হয় জার্মানি। সব প্রস্তুতি শেষ। ২৬শে জুন পর্যন্ত গ্রুপ পর্বে দুই থেকে চারটি ম্যাচ হবে।

শীর্ষ ষোলোর ম্যাচগুলো জন্য লড়াই শুরু হবে ২৯শে জুন থেকে। ফাইনাল হবে ১৪ জুন বার্লিনে।

## আফগানিস্তান টানা জয়ে নিশ্চিত করল সুপার এইট

ত্রিনিদাদ, ১৪ জুন (হি. স.): পাপুয়া নিউগিনিকে ৭ উইকেটে হারিয়ে সুপার এইট নিশ্চিত করেছে আফগানিস্তান। টানা তিনটি ম্যাচ জিতে ‘সি’ গ্রুপে শীর্ষে উঠে এল রশিদ খানের দল আফগানিস্তান। শুক্রবার সকালে ত্রিনিদাদে টস হেরে আগে ব্যাট করে ১৯ ওভার ৫ বলে ৯৫ রানে অলআউট হয় পাপুয়া নিউগিনি।

এই রান তাড়া করতে নেমে ২৯ বল হাতে রেখে জয় পায় আফগানিস্তান।

## নেদারল্যান্ডসকে হারিয়ে সুপার এইটের দিকে এগিয়ে গেল বাংলাদেশ

কলকাতা, ১৪ জুন (হি. স.): ১৬০ রানটা খারাপ নয়। তবে মিডল ওভারে ম্যাচের নিয়ন্ত্রণ কিছুটা হলেও নিয়েছিল নেদারল্যান্ডস। তবে ১৫তম ওভারের পর থেকে খেলার মোড় ঘুরিয়ে দেয় রিশাদ হোসেন ও মুস্তাফিজুর রহমান। এই দুজনের অসাধারণ বোলিংয়ে জয় নিয়ে মাঠ ছেড়েছে বাংলাদেশ।

বৃহস্পতিবার সেন্ট ভিনসেন্টে নেদারল্যান্ডসকে ২৫ রানে হারাল বাংলাদেশ। ১৬০ রানের লক্ষ্যে ব্যাট করতে নেমে নির্ধারিত ২০ ওভার শেষে ৮ উইকেট হারিয়ে ১৩৪ রান করেছে ডাচরা।

এই জয়ে সুপার এইটে যাওয়ার পথে এগিয়ে রইল টাইগাররা। শেষ ম্যাচে নেপালের বিপক্ষে জিততে পারলেই সেরা আটে জায়গা করে নেবে নাজমুল হোসেন শান্তর দল।

## আইএসএল: মোহনবাগান থেকে চেন্নায়িন এফসি—তে নাসিরির স্বাক্ষরের ঘোষণা

কলকাতা, ১৪ জুন (হি. স.):চেন্নায়িন এফসি শুক্রবার, মোহনবাগান থেকে কিয়ান নাসিরির স্বাক্ষর করার কথা ঘোষণা করেছে।

এই তরুণ ফরোয়ার্ড ২০২৭ সাল পর্যন্ত তিন বছরের চুক্তিতে স্বাক্ষর করেছেন। নাসিরি মহামেডান স্পোর্টিংয়ের অনুর্ধ ১৬ দলের হয়ে খেলেছিলেন। নাসিরি মেরিনার্সের হয়ে ৬৮টি ম্যাচ খেলেছেন, ২০২৩ সালে আইএসএল ট্রফি এবং ২০২৪ সালে আইএসএল লিগ শিল্ড জয়ে অবদান রেখেছেন।

## ইউরো ২০২৪: জার্মানি বনাম স্কটল্যান্ড সর্বকালের হেড টু হেড রেকড

কলকাতা, ১৪ জুন (হি. স.): স্বাগতিক জার্মানি শনিবার অ্যালিয়াঞ্জ অ্যারেনায় টুর্নামেন্টের উদ্বোধনী ম্যাচে স্কটল্যান্ডের মুখোমুখি হবে। ২০২৪ সালের ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের উদ্বোধনী ম্যাচের আগে জার্মানি এবং স্কটল্যান্ডের সর্বকালের হেড টু হেড রেকর্ড।

হেড টু হেড রেকর্ড:
**ম্যাচ: ১৭ টি
**জার্মানি জিতেছে: ৮ টি
**ড্র: ৫টি
**স্কটল্যান্ড জয়ী: ৪টি।
জার্মানি বনাম স্কটল্যান্ড: শেষ পাঁচটি ম্যাচ:
**২৮ এপ্রিল ১৯৯৯: জার্মানি ০-০ স্কটল্যান্ড (বন্ধুত্বপূর্ণ)
**৭জুন ২০০৩: স্কটল্যান্ড ১-১ জার্মানি (ইউরো)
**১০ সেপ্টেম্বর ২০০৩: জার্মানি ২-১ স্কটল্যান্ড (ইউরো)

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021-2023



# বাইক চালকদের নিরাপত্তা নিশ্চিত করতে হেলমেট ব্যবহারের উপর জোর দিয়েছে পরিবহন দপ্তর: সুশান্ত



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুন:** প্রতিনিয়ত যান দুর্ঘটনা বেড়েই চলছে। তাই মোটরসাইকেল চালকদের নিরাপত্তা নিশ্চিত করতে হেলমেট ব্যবহারের উপর জোর দিয়েছে রাজ্যের পরিবহন দপ্তর। আজ রাধানগর মোটরস্ট্যান্ডে পরিবহন দপ্তরের উদ্যোগে পথচলতি বাইক আরোহীদের বিনামূল্যে হেলমেট বিতরণী অনুষ্ঠানে একথা বলেন পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী।

এদিন তিনি বলেন, একদিকে দ্রুতগতিতে বাইক চালানো, তাও আবার হেলমেট না পড়েআর এই দুই কারণে পথ দুর্ঘটনায় অকালে প্রাণ হারাচ্ছেন বাইক চালক ও আরোহীরা। যা কোনভাবেই কাম্য নয়।

এদিন তিনি বলেন, এই ধরনের অবাঞ্ছিত ঘটনা আটকাতে মোটরসাইকেল চালকদের নিরাপত্তা নিশ্চিত করতে হেলমেট ব্যবহারের উপর জোর দিয়েছে পরিবহন দপ্তর। পাশাপাশি সড়ক নিরাপত্তা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে।

এদিন তিনি পথচলতি বাইক আরোহীদের বাইক চড়ার সময় হেলমেট ব্যবহার করতে আহ্বান জানিয়েছে। কারণ, একটি হেলমেটের দামের চেয়ে জীবনের মূল্য অনেক বেশি।

# চুরিকাণ্ডে আতঙ্ক ধর্মনগরে

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৪ জুন:** দিনে দুপুরে চুরি কান্ড সংঘটিত হচ্ছে ধর্মনগর শহর জুড়ে। উত্তর জেলার পুলিশের ভূমিকায় ক্ষোভ সাধারণ নাগরিকদের মধ্যে। আজ অর্থাৎ শুক্রবার দুপুর আড়াইটার সময় উত্তর জেলা সদর ধর্মনগরের শরৎপল্লীর শান্তি পাড়ার জয়ন্তী দাস পাশের বাড়িতে যায় কালী পূজার নিমন্ত্রণে। সেখানে তিনি ৪৫ মিনিটের মত ছিলেন। বাড়িতে ঘুরে এসে দেখেন দরজা খুলতে পারছেন না। তখন চিৎকার করলেও আশপাশের কোন মানুষ আসেনি।

অবশেষে উঠানে গিয়ে একটি লাঠি নিয়ে গেটের পাশে গিয়ে চিৎকার করলে তিন চারজন এলাকার মহিলা ছুটে আসেন। তারা আসার পর তিনি দরজা এবার লাঠি দিয়ে খোলার চেষ্টা করেন এবং সহজেই খুলে যায়। খুলে তিনি দেখতে পান চোর পেছনের দরজা দিয়ে উনার ঘরে প্রবেশ করেছে এবং ওনার নতুন মোবাইল কিছু রুপা এবং ৪০০০ টাকা নিয়ে গেছে। বাড়ির চারটে স্টিলের আলমিরা ভেঙ্গে সর্বস্ব দরকারী জিনিস নিয়ে গেছে। দা এবং শাবল চোর ব্যবহার করেছে বলে মহিলা উল্লেখ করেন। ধর্মনগর পুলিশ স্টেশনে খবর যাওয়ার পর পুলিশ বাবুরা তদন্তে নামেন এবং চুরি যাওয়া জিনিসগুলোর জন্য মহিলা আক্ষেপ প্রকাশ করেন। কিন্তু কোন স্থির সিদ্ধান্তে পৌঁছুতে পারেননি ধর্মনগর থানার পুলিশ বাবুরা। ধর্মনগর থানা এলাকায় চুরির ঘটনা অহরহ ঘটে চলেছে কিন্তু ধর্মনগর থানা কোন সক্রিয় পদক্ষেপ গ্রহণ করছে না বলে এলাকাবাসীর অভিমত।

# তপশিলি ছাত্রছাত্রীদের কাছে সরকারী সুবিধা পৌঁছে দেওয়ার লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করছে সরকার: সুধাংশু



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুন:** সমাজের তপশিলি ছাত্রছাত্রীদের কাছে সরকারী সুযোগ সুবিধা পৌঁছে দেওয়ার লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করছে রাজ্য সরকার। আজ গোর্খাবস্তিস্থিত তপশিলি জাতি কল্যাণ দপ্তরের রাজ্য ভিত্তিক পর্যালোচনা বৈঠকে একথা বলেন মন্ত্রী সুধাংশু দাস।

এদিন তিনি বলেন, মূলত দপ্তরের কাজের খতিয়ান নিয়ে আজকের বৈঠকে আলোচনা হয়েছে।তাঁর কথায়, তপশিলি জাতির কল্যাণে সরকারি বিভিন্ন প্রকল্প রয়েছে, সেগুলি কতটুকু বাস্তবায়ন হয়েছে। তাছাড়া, কেন্দ্রীয় প্রকল্পগুলির বাস্তবায়ন সহ রাজ্যে তপশিলি জাতি কল্যান দপ্তরের সার্বিক রিপোর্ট নিয়ে এদিন আলোচনা হয়েছে।

# উদয়পুরে আইটিআই কলেজের প্রিন্সিপালের বিরুদ্ধে কলেজের টাকা আত্মসাতের অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ১৪ জুন:** উদয়পুরে আইটিআই কলেজে লক্ষ লক্ষ টাকা কামাই করছেন প্রিন্সিপাল সহ এক একাউন্টেন। এমনই চাঞ্চল্যকর তথ্য জানা গেছে।শিক্ষক করছেন একাউন্টেন্টের কাজ, ২০১৮ সাল থেকে শিক্ষক উদয়পুর আইটিআই কলেজে একাউন্টের কাজ করছেন। কলেজের প্রিন্সিপাল দেবাশীষ দাস এই দায়িত্ব দিয়েছেন বলে জানান শিক্ষক গৌতম দেববর্মন। ২০১৮ সাল থেকে ২০২৪ সালের ১৪ তারিখ পর্যন্ত তিনি কলেজে একটি ক্লাসও করেন নি, উনার পরিবর্তে অন্যদের দিয়ে ক্লাস করানো হয়, বললেন শিক্ষক গৌতম দেব বর্মন।

গত ১০ বছর ধরেই আইটিআই কলেজে প্রিন্সিপাল হিসেবে নিযুক্ত রয়েছেন দেবাশীষ দাস। আর সেই থেকেই এই আইটিআই কলেজে নানা কুকীর্তি সম্মুখে আসছে। কলেজের এই বেহাল দশার জন্য একমাত্র দায়ী প্রিন্সিপাল। লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিচ্ছে অ্যাকাউন্টেন্ট ও প্রিন্সিপাল, কলেজের বিভিন্ন সামগ্রী ক্রয়ের নামে, এমনই অভিযোগ।বৃহস্পতিবার দুপুর ১২টায় কলেজে প্রিন্সিপালের সাথে সাংবাদিকরা দেখা করতে গেলে জানা যায় প্রিন্সিপাল সপ্তাহে দুই থেকে তিন দিন থাকেন উপস্থিত। আর বাকি দিন গুলি উনি থাকেন না। সকাল গরিয়ে দুপুর পর্যন্ত প্রিন্সিপালের কোন দেখা নেই আইটিআই কলেজে। দুপুর বারোটা পর প্রিন্সিপালের পদার্পন হয় কলেজে সে অভিযোগ করেন ছাএ ছাত্রী সহ অন্যান্য শিক্ষক শিক্ষিকারা।

পরে যে শিক্ষককে প্রিন্সিপাল বাবু অ্যাকাউন্টের দায়িত্বে দিয়েছেন সে বাবু তথা গৌতম দেব বর্মনের কে সাংবাদিকরা প্রশ্ন করলে উনি বলেন, আমি ২০১৮ সাল থেকেই অ্যাকাউন্টের দায়িত্ব পালন করছেন উনাকে কেউ কিছু বলতে সাহস পাচ্ছেন না। কারণ প্রিন্সিপাল দেবাশীষ দাসের কলেজ থেকে বাকা পথে কামাইয়ের মোট ☛ ৬ এর পাতায় দেখুন

# ৩০ কিলো গাঁজা সহ আটক বহিঃ রাজ্যের দুই মহিলা

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৪ জুন:** দামছড়া থানা এলাকায় নেশা কারবারিদের উৎপাত ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। এই থানা এলাকাকে নিরাপদ করিডোর হিসাবে ব্যবহার করে নেশা জাতীয় সামগ্রী পাচার করে চলেছে নেশা কারবারীরা। পরিস্থিতি মোকাবেলায় পুলিশ অবশ্য নিয়মিত নজরদারি বজায় রেখে চলেছে। তাতে গত কিছুদিন ধরে সাফল্য পাওয়া যাচ্ছে।২৫ কোটি টাকার হেরোইন উদ্ধারের রেশ কাটতে না কাটতেই আবারো বড়সর সাফল্য পেল দামছড়া থানার পুলিশ। দুই মহিলা সহ আটক করা হল প্রায় ত্রিশ কিলো গাজা। দামছড়া থানার ওসি সঞ্জয় মজুমদার জানিয়েছেন, আজ দুপুর দেড়টা নাগাদ দামছড়ার পূর্ব নরেন্দ্র নগর নাকা পয়েন্টে চেকিং এর সময় সন্দেহভাজন দুজন মহিলাকে আটক করা হয়। তাদের সাথে থাকা ব্যাগ চ্যাকিং করা হলে বেগ থেকে বেশকিছু প্লাস্টিক মোড়ানো পেকেটে মোট ত্রিশ কিলো গাজা পাওয়া যায়। পরবর্তীতে তাদের থানায় নিয়ে এসে তাদের বিরুদ্ধে এনডিপিএস ধারায় মামলা রুজু করে তদন্ত শুরু করা হয়।আটককৃত দুই মহিলার নাম আজমিরি বেগম বাড়ি বিহারের বৈশালী জেলায় এবং অপর জন হলেন পশ্চিম বাংলার বড়ানগরের বাসিন্দা সালিনি দাস। জানাগেছে আজ সকালে তারা আগরতলা থেকে ট্রেনে চেপে পানিসাগর আসেন। সেখান থেকে অটোরিক্সা করে দামছড়া এসে পূর্ব নরেন্দ্র নগর নাকা দিয়ে আসামে প্রবেশ কালেই পুলিশের হাতে ধরা পরেন।



শুক্রবার সৈনিক বোর্ডের উদ্যোগে আয়োজিত ২১তম স্টেট ম্যানেজিং কমিটির বৈঠকে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু উপস্থিত রয়েছেন। সাথে রয়েছেন বাধারঘাট এলাকার বিধায়িক মিনারাণী সরকার সহ অন্যান্যরা।

# মিজোরামে পাচারের পথে মাদক সহ আটক এক

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৪ জুন:**মিজোরাম রাজ্যে মাদক নিষিদ্ধ হওয়ায় ত্রিপুরা রাজ্য থেকে অহরহ পাড়ি দিচ্ছে প্রচুর পরিমাণে মাদকদ্রব্য। বেআইনিভাবে এই মাদকদ্রব্য পারাপার হচ্ছে বলে অভিযোগ। দামছড়া থানার পুলিশ গোপন খবরের ভিত্তিতে বনফুল নাকা পয়েন্টে একটি গাড়িকে তল্লাশি করে। গাড়িটির নাম্বার এমজেড০১-ডব্লিউ-৭৭৭৬। তল্লাশিতে এই গাড়ি থেকে ৪২২ বোতল কেইন বিয়ার উদ্ধার হয় এবং এক ব্যক্তি মিজোরাম রাজ্যের তাকে গ্রেপ্তার করা হয়।

ভানু লাল পেকা নামে এক ব্যক্তিকে মাদকদ্রব্য এবং গাড়িসহ আটক করে দামছড়া থানায় নিয়ে যাওয়া হয়। তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে পুলিশ জানিয়েছে। মূলত মিজোরাম রাজ্যকে তাদের রাজ্য সরকার ড্রাই স্টেইট ঘোষণা করলেও রাজ্যের মানুষের মাদকের প্রতি যে আসক্তি তা এখনো কমেনি। তাই রাজ্যের মানুষের মাদকের আসক্তি জোগাতে ত্রিপুরা থেকে প্রচুর পরিমাণ মাদকদ্রব্য যাচ্ছে মিজোরাম রাজ্যে।

# প্রবীণদের নিয়ে মাতাবাড়িতে পুজো দিলেন বিধায়ক

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ১৪ জুন:** শুক্রবার ত্রিপুরা রাজ্য যুব মোর্চার রাজ্য সভাপতি তথা বিশালগড় বিধানসভা কেন্দ্রের বিধায়ক সুশান্ত দেব বিশালগড় বিধানসভা কেন্দ্রের সমস্ত প্রবীণ নাগরিকদের ত্রিপুরেশ্বরী মায়ের মন্দিরে নিয়ে আসেন পূজা দেওয়ার উদ্দেশ্যে। সাথে উপস্থিত ছিলেন রাজ্য যুব মোর্চার স্টেট সেক্রেটারি পার্থ দেব বিশালগর মন্ডলের সহ সভাপতি জিতেন্দ্র চন্দ্র সাহা মিডিয়া ইনচার্জ বাপি সাহা আরো অন্যান্যরা।

এদিন বক্তব্য রাখতে গিয়ে রাজ্য যুব মোর্চার সভাপতি তথা বিধায়ক সুশান্ত দেব জানান বরাবরই তিনি বিশালগড় বিধানসভা কেন্দ্রের সকল মানুষের যেন মঙ্গল হয় তার জন্য তিনি সবসময় প্রার্থনা করেন। তাই আজ বিশালগড় বিধানসভা কেন্দ্রের প্রবীণ নাগরিকদের ত্রিপুরেশ্বরী মায়ের মন্দির দর্শনে নিয়ে আসেন। যুব বিধায়কের এ ধরনের উদ্যোগে খুশি বিশালগড় বিধানসভা কেন্দ্রের বৃদ্ধ প্রবীণ নাগরিকরা।

# রাস্তা সংস্কার এবং ড্রেন নির্মাণের দাবিতে জাতীয় সড়ক অবরোধ

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১৪ জুন:** রাস্তা সংস্কার এবং ড্রেন নির্মাণের দাবিতে জাতীয় সড়কে পথ অবরোধ সামিল হয়েছে কৈলাসহরের গৌরনগর গ্রাম পঞ্চায়েতের দুই নং ওয়ার্ডের এবং তিন নং ওয়ার্ডের গ্রামবাসীরা। অবরোধের জেরে যানচলাচল বন্ধ হয়ে পড়ে।

অবরোধকারীরা অভিযোগ করেন, গৌরনগর গ্রাম পঞ্চায়েতের উপর দিয়ে কৈলাসহর-কুমারঘাটের ডাবল লেনের নতুন রাস্তা বিগত চার বছর পূর্বে নির্মাণ হলেও রাস্তার দুপাশে ড্রেন না করায় এলাকায় সামান্য বৃষ্টিতেই অনেকের বাড়ি ঘরে জল ঢুকছে। যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের স্বার্থে সরকার রাস্তা নির্মান করলেও জল নিকাশী-ব্যবস্থা উন্নতর না থাকায় গৌরনগর গ্রাম পঞ্চায়েতের দুই নং এবং তিন নং ওয়ার্ড এলাকায় এই সমস্যা হয়েছে।এছাড়াও এই গৌরনগর গ্রাম পঞ্চায়েতের উপর দিয়ে কৈলাসহর-কুমারঘাটের পুরানো রাস্তাটির বেহাল অবস্থা। গ্রামবাসীরা আরও বলেন যে, ঊনকোটি জেলার জেলাশাসক, গৌরনগর আর.ডি ব্লকের বিডিও এবং কৈলাসহরের মহকুমাশাসককে কয়েকবার লিখিতভাবে জানানোর পরও কাজের কাজ কিছুই হয়নি। বর্তমানে তারা এই বিষয়টি চন্ডিপুর বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা মন্ত্রী টিংকু রায় ও কৈলাসহর বিধানসভা কেন্দ্রের বিধায়ক বিরজিৎ সিনহাকেও লিখিতভাবে জানিয়েছেন। আজ একপ্রকার বাধ্য হয়ে এলাকাবাসীরা, গৌরনগর এলাকায় কৈলাসহর-কুমারঘাট সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখিয়েছেন।এদিকে খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে কৈলাসহরের মহকুমা শাসক প্রদীপ সরকার, অতিরিক্ত মহকুমা শাসক নবকুমার জামাতিয়া এবং পুলিশ। তাঁরা অবরোধকারীদের সাথে কথা বলেন। কিন্তু এলাকাবাসীরা তখন স্পষ্ট ভাষায় জানিয়েছেন তাঁদের লিখিত আশ্বাস না দেওয়া অব্দি পথ অবরোধ জারি থাকবে।

# বিশালগড়ে দুঃসাহসিক চুরির ঘটনায় ক্ষোভ এলাকাজুড়ে

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ১৪ জুন:** বিশালগড় মহকুমার বিস্তীর্ণ এলাকা জুড়ে চোরের উপদ্রব মারাত্মকভাবে বৃদ্ধি পেয়েছে। প্রতি রাতে কোন না কোন বাড়িঘর কিংবা বাজার হাটে চুরির ঘটনা ঘটে চলেছে।বৃহস্পতিবার রাতে একটি মোবাইল টাওয়ার থেকে প্রচুর সংখ্যক ব্যাটারি চুরি করে নিয়ে গেছে চোরেরা। পরপর এসব চুরির ঘটনা ঘটে চললেও পুলিশ এসব ক্ষেত্রে কোন ধরনের সাফল্য পাচ্ছে না। স্বাভাবিক কারণে রাত্রীকালীন নিরাপত্তা নিয়ে বিশালগড় মহকুমার জনগণ রীতিমতো আতঙ্কগ্রস্থ।ঘটনার বিবরণ দিয়ে স্থানীয় সূত্র থেকে জানানো হয়েছে, বিশালগড়ের সুনামগঞ্জ বাজার সংলগ্ন দক্ষিণ ব্রজপুর মোবাইল টাওয়ার থেকে ২০টি ব্যাটারি চুরির ঘটনায় ব্যাপক চাঞ্চল্য দেখা দিয়েছে। গত রাতে বিশালগড় থানাধীন সুনামগঞ্জ বাজার সংলগ্ন দক্ষিণ ব্রজপুর এলাকায় এয়ারটেলের মোবাইল টাওয়ার থেকে ২০ টি ব্যাটারি চুরি করে নিয়ে যায় চোরের দল।শুক্রবার সকালে কর্মীরা এসে দেখতে পান ব্যাটারি নেই। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় বিশালগড় থানায়। পুলিশ মামলা নিয়ে তদন্তে নামলেও চোরের কোন হদিশ পায়নি। বিশাগড়ের ব্রজপুর সহ বিভিন্ন এলাকায় দিন দিন চুরির ঘটনা দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে। পুলিশ প্রশাসন জেনেও কোন ধরনের কঠোর পদক্ষেপ গ্রহণ করেনি। সঙ্গত কারণেই পুলিশের প্রতি আস্থা হারাচ্ছে সাধারণ মানুষ।

# কল্যাণপুরে বিজয় উৎসব

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ১৪ জুন:** সদ্য সমাপ্ত অষ্টাদশ লোকসভা নির্বাচনে গোটা দেশ জুড়ে বিজেপি দল ভালো ফলাফল করেছে, বিজেপি দল একক সর্ব বৃহত্তম রাজনৈতিক দল হিসেবে আত্মপ্রকাশ করেছে এবং বিজেপি দলের নেতৃত্বে এনডিএ জোট সরকার ক্ষমতায় প্রতিষ্ঠিত হয়েছে, দেশের প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদী ইতিমধ্যে তৃতীয়বারের মতো শপথ গ্রহণ করেছেন এবং আমাদের রাজ্যের দুটি আসনেই বিজেপি দলের প্রার্থীরা বিপুল ভোটে জয়ী হয়েছেন।স্বাভাবিকভাবেই এই জয়ের পরিপ্রেক্ষিতে গোটা রাজ্য জুড়ে বিজেপি দলের কর্মী সমর্থক এবং নেতৃত্বদের মধ্যে বিশেষ উচ্ছ্বাস পরিলক্ষিত হচ্ছে।

এই উচ্ছ্বাসের বহিঃপ্রকাশ করতে গিয়ে এই সময়ের মধ্যে গোটা রাজ্যের বিভিন্ন প্রান্তে বিজয় মিছিল সহ বিজয় উৎসব সংঘটিত হচ্ছে। এরকমই এক কর্মসূচির অঙ্গ হিসেবে আজ বিজেপি কল্যাণপুর প্রমোদনগর মন্ডল কমিটির উদ্যোগে বিজয় মিছিল সংঘটিত হয়। বিজয় মিছিলটি কল্যাণপুর এর গুংরাইছড়া থেকে শুরু হয়ে কল্যাণপুর মন্ডল কার্যালয়ের সামনে এসে সমাপ্ত হয়। এই মিছিলের অগ্রভাগে স্থানীয় বিধায়ক তথা দলের খোয়াই জেলা সভাপতি পিনাকী দাস চৌধুরী, দলের অন্যতম জেলা নেতৃত্ব সোমেন গোপ, বিজেপি নেতৃত্ব চয়ন রায় ,সরস্বতী দেবনাথ, নিতাই বল প্রমুখ উপস্থিত ছিলেন।মিছিলে বিভিন্ন বয়সের নরনারীদের অংশগ্রহণ এবং উপস্থিতির পরিপ্রেক্ষিতে রীতিমতো উচ্ছ্বাসপূর্ণ পরিমণ্ডল তৈরি হয় সংশ্লিষ্ট উদ্বেলিত বিজয় উৎসবে নিজেকে নিয়োজিত করে প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে উদ্বেলিত বিধায়ক পিনাকী দাস চৌধুরী দাবি করেছেন গোটা দেশের সাথে সাথে কল্যাণপুরের মানুষ এই সময়ের মধ্যে নরেন্দ্র মোদির নেতৃত্বে তৃতীয়বারের মতো এন ডি এ জোট সরকার প্রতিষ্ঠিত হওয়ায় ব্যাপক খুশি।

# প্রাক্তন প্রধানের বাড়িতে চুরি

**নিজস্ব প্রতিনিধি, কদমতলা, ১৪ জুন:** এবার গভীর রাতে প্রাক্তন পঞ্চায়েত প্রধানের বাড়ির জানালা ভেঙে নগদ অর্থ সহ স্বর্ণালঙ্কার লুট করে নিয়ে গেল চোরের দল। ঘটনায় আতঙ্কিত গ্রামবাসী। অল্প কিছুদিন বিরতির পর ফের চোর আতঙ্কে কদমতলা ব্লক এলাকার জনগন। এবার ভয়ংকর চুরি কান্ড কদমতলা থানা এলাকায়।জানা গেছে নগদ অর্থসহ স্বর্নালংকার হাতিয়ে নিয়ে নিরবে গা ঢাকা দেয় নিশিকুটুম্বের দল। এই ঘটনায় আতঙ্ক বিরাজ করছে কদমতলার ঝেরঝেরি গ্রামে। ঘটনা বৃহস্পতিবার গভীর রাতে ঝেরঝেরি গ্রাম পঞ্চায়েতের দুই নং ওয়ার্ডে।ঘটনা সম্পর্কে জানাতে গিয়ে বাড়ির মালিক তথা স্থানীয় প্রাক্তন পঞ্চায়েত প্রধান খলিল আহমেদ বলেন প্রতিদিনের ন্যায় নিজেদের রাতের খাবার সেরে ঘুমিয়ে পড়েন তিনি সহ পরিবারের লোকজনরা। এমতাবস্থায় রাত দুইটা নাগাদ চোরের দল বাড়ির পেছনের জানালা ভেঙ্গে ঘরে প্রবেশ করে। তখন বারান্দায় লাগানো ইলেকট্রিক বাল্ব গুলো খুলে নেয় চোরেরা। পরে উনার ঘরে একটি ব্যাগে রাখা নগদ দুই লক্ষ ষাট হাজার টাকা ও দুটি স্বর্নের চুড়ি এবং অন্যান্য স্বর্ণালংকার মিলে প্রায় ছয় লক্ষাধিক টাকা হাতিয়ে নেয় নিশি কুটুম্বের দল। তবে তারা প্রতিটি ঘরের দরজা ও জানালা ভেঙ্গে ভেতরে প্রবেশের চেষ্টা করেছে।এদিকে বাড়ির মালিক খলিল আহমেদ জানান ওই সময় তিনি প্রাকৃতিক কাজের জন্য বাইরে বেরোলেও বাড়িতে চোরের দলের কোনো অ্যাচ পাননি তিনি। অথচ চোরেরা তখন ঘরের ভেতরে প্রবেশ করে হাত সাফাই করছে। গৃহস্থের অনুমান চোরেরা এক প্রকার নেশা জাতীয় তরল ব্যবহার করেই এই কান্ড সংগঠিত করেছে। তাছাড়া তাদের ঘরের পেছনে একটি মৌচাক ভেঙে মধুও পান করে চোরের দল। কিন্তু অবাক করার বিষয় যে, চোরের দল ঘরে প্রবেশ করার পর অনেক ভাঙ্গচোর চালালেও ঘরে থাকা লোকজনরা কিছুই টের পাননি। তাতেই স্পষ্ট নিজেদের সুকৌশলে তাদের কাজ সম্পূর্ণ করেছে নিশি কুটুম্বের দল।চুরি কান্ডের এই ঘটনা লিখিত আকারে কদমতলা থানায় জানানোর পর পুলিশ তড়িঘড়ি ছুটে আসে ঘটনাস্থলে। তবে এখন পর্যন্ত চোরেদের টিকির নাগালও পায়নি পুলিশ। অপরদিকে বাড়ির মালিক খলিল আহমেদ জানান উনাকে হয়তো প্রাণনাশের চেষ্টাও করেছিল চেরেরা। কারণ তিনি যে ঘরে থাকেন সেই ঘরে কোন টাকা পয়সা বা মূল্যবান সামগ্রী ছিল না তবুও উনার ঘরের দরজার শাবল দিয়ে ভাঙ্গার অনেক চেষ্টা করেছে দুষ্কৃতিকারীরা।যদিও এতে সফল হয়নি। ফলে তিনি এখন প্রাণ সংশয়ে ভুগছেন।

# চে গুয়েভারের জন্মদিন উদযাপন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুন:** শুক্রবার যথাযোগ্য মর্যাদায় পালিত করা হয়েছে গুয়েভারের জন্মদিন। এদিন রাজধানীর মেলারমাঠ স্থিত ছাত্র-যুব ভবনে ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশনের উদ্যোগে চে গুয়েভারের ৯৭ তম জন্মদিন উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশনের রাজ্য সম্পাদক নবারুন দেব সহ সহ অন্যান্যরা। উপস্থিত সকলে চে গুয়েভারের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য দিয়ে ওনার প্রতি শ্রদ্ধা জানান।ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশনের রাজ্য সম্পাদক নবারুন দেব জানান এইদিন সমগ্র রাজ্যে চে গুয়েভারের জন্মদিন পালন করা হয়েছে। পৃথিবী ব্যাপী লড়াইয়ের অন্যতম নায়ক ছিলেন চে গুয়েভার।

# এমডিসি ফান্ডে টাকায় মহিলা সোসাইটির হাতে ১১টি সেলাই মেশিন প্রদান

**খুমুলুঙ, ১৪ জুন।।** আজ মান্দাই সাব-জোন্যাল অফিসের কমিউনিটি হলে গুডউইল ওয়েলফেয়ার ওমেন সোসাইটি এর হাতে ১১টি সেলাই মেশিন তোলে দেন এডিসির চেয়ারম্যান জগদীশ দেববর্মা। সভায় সভাপতিত্ব করেন। মান্দাই সাব-জোন্যাল চেয়ারম্যান বিনয় দেববর্মা। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়িকা স্বপ্না দেববর্মা পশ্চিম জোন্যাল চেয়ারম্যান টনি দেববর্মা, সমাজসেবী জয় সোনাচরন দেববর্মা ও জম্মু দেববর্মা, পশ্চিম জোন্যালের ভারপ্রাপ্ত আধিকারিক অন্ন দেববর্মা ও মান্দাই সাব-জোন্যাল আধিকারিক সুকুমার দেববর্মা প্রমুখ। প্রত্যেক পরিবারের আর্থিক দিক দিয়ে স্বনির্ভর হওয়ার জন্যে মহিলাদের সচেতন ভূমিকা পালন করার বিষয়ে গুরুত্বারোপ করে বক্তব্য রাখেন চেয়ারম্যান জগদীশ দেববর্মা। তিনি বর্তমান পরিস্থিতিতে দারিয়ে হাতের কাজে দক্ষতা নিয়ে উন্নয়নের দিকে অগ্রসর হওয়ার লক্ষ্যে সকল অংশের মহিলাদের আহ্বান জানান। জাগাত ভাষণ রাখেন পশ্চিম জোন্যালের ভারপ্রাপ্ত অধিকারিক অন্ন দেববর্মা।

# স্পন্দন সামাজিক সংস্থার বৃক্ষরোপণ কর্মসূচি



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুন।।** আজ ১৪ই জুন স্পন্দন সামাজিক সংস্থা এবং পুর নিগম ৩৯ নং ওয়ার্ড সম্মিলিতভাবে পালন করল বিশ্ব পরিবেশ দিবস,ত্রিপুরা দূষণ নিয়ন্ত্রন পর্ষদের সহায়তায় অনুষ্ঠানটি নিজস্ব গরিমায় অনুষ্ঠিত হয় প্রায় শতাধিক লোকের সমাবেশে।প্রথমে স্পন্দন সমাজের সংস্থার পক্ষ থেকে উদ্বোধনী সংগীত পরিবেশন করেন সুদেষ্ণা পুরকায়স্থ। পরিবেশের উপর আয়োজন করা হয়েছিল একটি কুইজ প্রতিযোগিতা সেখানে অরুন্ধতী নগর ইংলিশ মিডিয়াম স্কুল এর প্রচুর ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন। পরবর্তী সময়ে অরুন্ধতী নগর ৩৯ নং ওয়ার্ডের মাঠের বাউন্ডারিতে এবং নানা জায়গায় পরিকল্পনামূলকভাবে নানা ধরনের ঔষধি বৃক্ষ ও ছায়া প্রদানকারী গাছ লাগান কাউন্সিলর শ্রী অলক রায় এবং স্পন্দন সামাজিক সংস্থার সমস্ত সদস্য সদস্যরা। স্পন্দন সামাজিক সংস্থার সম্পাদিকা ডঃ হৈমন্তী ভট্টাচার্যী ওনার বক্তব্যে বলেন আমার মাটি আমার ভবিষ্যৎ এই ছিল এই বছরের বিশ্ব পরিবেশ পরিবেশ দিবসের থিম। আমাদের মাটি আমাদের পরিবেশ আজ দূষিত হয়ে গেছে। অতিমাত্রায় নানা ধরনের রাসায়নিক সার এবং ঔষধি ব্যবহারের কারণে মাটিতে দূষণ অত্যন্ত পরিমাণে বেড়ে গেছে, আজ দিন এসেছে আমাদের মাটিকে আমাদের আবার দূষণমুক্ত করতে হবে এবং আমাদের নিজের ভবিষ্যৎ নিজের হাতে গড়ে তুলতে হবে। তাই উনি সবাইকে অনুরোধ করেন অর্গানিক ফার্মিং বা ন্যাচারাল ফার্মিং এর দিকে এগিয়ে আসার জন্য।এলাকার সমস্ত নাগরিকদের রাসায়নিক সার বা কীটনাশক ব্যবহার বন্ধ করার অনুপ্রেরণা ছিল উনার বক্তব্যে।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।